People with diabetes are mostly asymptomatic. But there are some warning signs of diabetes such as increased thirst, increased hunger (especially after meal), frequent urination, sudden weight loss or weight gain, excess fat in tummy, fatigue, blurred vision, headache etc. If somebody experiences few of the above-mentioned warning signs need to consult with a doctor and schedule a diabetes test. Several types of tests can be done for diabetes such as a 'Random Blood Sugar Test'. Regardless of last meal, a random blood sugar level of 11.1 mmol/l or higher suggests diabetes. Another way, a blood sample will be taken after an overnight fasting which is called 'Fasting Blood Sugar Test'. Blood sugar level < 5.6 mmol/l is normal. A fasting blood sugar level from 5.6 to 6.9 mmol/l is considered prediabetes. An 'Oral Glucose Tolerance Test - (OGTT)' also can be done. For this test, fasting blood sample is measured. Then 75g glucose drink will be given and blood sample will be taken after 2 hours. A blood sugar level less than 7.8 mmol/l is normal, but more than 11.1 mmol/l after 2 hours indicate diabetes. A reading between 7.8 and 11mmol/l indicates prediabetes. Another test is called 'Glycated Haemoglobin (A1C) Test'. This blood test does not require fasting, indicates average blood sugar level for the past 2 or 3 months. It measures the percentage of blood sugar attached to haemoglobin, the oxygen-carrying protein in red blood cells. The higher the blood sugar levels, more haemoglobin will be attached with sugar. An A1C between 6.5% or higher on two separate tests indicates diabetes. An A1C between 5.7% and 6.4% indicates prediabetes and below 5.7% is considered normal.

There are some risk factors for Diabetes; Family history (first degree relatives), Obesity, Sedentary life style, age 45 and over, history of heart disease or stroke, previous history of large baby delivery (>4.5 kg), Depression etc. Steps can be taken to help prevent or delay diabetes by losing weight, eat less carbohydrates, cut down on fat and saturated fat, avoid fatty processed meat, increase amount of fibre in our diet, eat plenty of fruits and vegetables (at least 5 portions a day), choose lean meat such as skinless chicken, eat fish at least twice a week and ensure oily fish at least once a week, cook by grilling, baking, poaching or steaming instead of frying or roasting, eat snacks such as fruit, unsalted nuts, and low-fat yoghurts, avoid fatty or sugary snacks like crisps,

cakes, biscuits and pastries, eat less salt, cut down on alcohol and smoking, keep hydrated (aim to drink 1.5 to 2 litres of fluid each day). There is an easy way to take proper diet in every meal. For this, divide the plate in 3 portions. $\frac{1}{2}$ portion salads and/or vegetables and $\frac{1}{4}$ protein and $\frac{1}{4}$ portion starch. Exercise also plays an important role to reduce sugar level in blood. People with Type 2 Diabetes have too much glucose in their blood, either because their body does not produce enough insulin to process it or their body does not use insulin properly (Insulin Resistant). Muscles can use glucose without insulin while exercising, it means muscles get the glucose they need, and in turn, blood glucose level goes down.



People with diabetes may experience many serious long – term complications. Some of these complications begin within months of the onset of diabetes, although most tend to develop after a few years. Long-term complications of diabetes develop gradually. The longer the diabetes – and the less controlled the blood sugar – the higher the risk of complications. Uncontrolled diabetes can lead to high blood glucose level (hyperglycaemia) and low blood glucose level (hypoglycaemia). Both situations can lead to a diabetic patient to become very sick quickly and even go into a coma. Long term complications can affect eyes, kidneys, cardiovascular system, nervous system, skin, blood vessels etc. Basically, Diabetes is a chronic disease, for which there is no known cure except in very specific situation. To avoid these complications all patients with diabetes should have an annual medical check-up, to assess glucose control, to see doses of insulin and oral medications, retinal screening, urine albumin/ creatinine ratio, foot examination, check blood pressure and cholesterol, body mass index assessment, evaluation of hypoglycaemia etc.



Living with any form of diabetes is not easy. Every diabetic patient has to follow strict dietary guidelines, monitor blood glucose levels and manage treatments. Diabetes means body is changing, so it is important to understand the language of the body. We need to pay attention how our body reacts to certain things. Every day, we all wake up, brush teeth, take shower and perform other parts of the daily routine. That's how caring for Diabetes should be – part of the routine. It's just one more thing to deal with. There are no food restrictions for Diabetes, we only have to reduce the amount and practice a balanced diet, regular exercise does not mean that we always have to be busy, or a slave to the gym, just do something physical. Because there is no reason to be lazy. A healthy lifestyle can prevent Diabetes, and Prevention is always better than Cure.

Dr. Hiba Mahjabeen Hossain: She lives in Singapore with family. She is the wife of Capt. Emdad Hossain (29)



Predictability and control to keep your fleet in shape



Jotun SeaStock Management Solution. The control you need. When you need it.

Any marine vessel in operation needs to be maintained. Not merely for its aesthetic appeal, but also for its efficient and effective operation and steel preservation.

Jotun SeaStock Management Solution offers superior control and predictability of your onboard maintenance. So you can save time, reduce hassle and focus on what really matters. Your core business.

Maintain your business the professional way. With Jotun.

jotun.com



A morning with Alisa and her family

Zarin Arefeen



Like every day, the alarm clock buzzed and woke Alisa up. As she opened the curtains, her eyes caught a magnificent view of the sun vaguely shimmering radiance across the porch with misty fogs draping its beam. Brightness never fails to excite Alisa, so she smiled. She then headed downstairs to have breakfast with her family. The first person she saw was her father, Mr. Potter. He was reading newspaper with his legs crisscrossed, and his glassed eyes beadily looking through it. To the right was her sister, Jenny, who, as always, was staring at her phone whilst maneuvering her fingertips on the screen. Alisa's mother was preparing breakfast in the kitchen as per the claspings sounds of metals. Before she could say "Good Morning" to everyone, the lights were suddenly cut off, and it was all dark.

Alisa's mother quickly ambled to bring the candles, then stuck each one of them to the aesthetically rusted candelabras. "Stop!" Alisa bellowed all of a sudden. And all eyes struck on her with utter bewilderment. Even though she knew the probability of hearing a 'No' was greater, she continued on saying, "Could we please eat our breakfast in the garden today since there is no electricity? And that might turn out to be fun as well!" After a moment of concise arguments, Mr. Potter finally concurred to his daughter's suggestion. Alisa was very excited; and jubilantly approached to give her mother a hand with arranging the food and plates. Alisa treaded towards the garden carrying floor mats and napkins. The fogs had disappeared. She could feel the warm light illuminating her body and the soft, green grasses beckoning her heartily. The next time she entered the garden berefeet. The comfort of the wet grasses lifted their spirits up. Bushes of bright flowers beautifully encircled the garden, and butterflies gingerly flapped their iridescent wings spreading elegance through the green bushes.

The air smell of butter. There were large plates on the mat that served croissants and a side plate with smooth butter and margarine. A large bowl containing crispy cereals sat beside the smaller bowl that contained fresh, golden colored fluffy eggs. To soothe their throats down were a jug filled with white milk, and another with water. Not being able to wait any longer, they all started digging into the dishes. Alisa noticed a blue butterfly sitting on an orchid whilst merrily flapping its magnificent wings, and so did Jenny. However, what astonished her was to see her sister beaming at it. The sight of seeing her sister paying attention to something other than her phone filled Alisa's heart with pleasure. Soon, Mr. Potter started cracking jokes and the garden filled with the noise of their happy laughter. They sang songs, cracked jokes and the simple meal seemed like a picnic to them. Everyone's faces were glittering with the hue of sunlight, and their vociferous laughter seemed to double the taste of breakfast. The day was very special to Alisa. After all, it managed to make Alisa's sister ruefully realize that family and reality exceeds the virtual world of technology.

Zarin Arefeen is the daughter of Samsul Arefeen (27). She is a grade 11 Student. She lives in USA.





My Most Frightening Experience

Fabiha Arefeen

It was a dazzling, sun-drenched day. I was asleep on the cozy bed of a hotel room with the cool air-conditioner satisfying me. My father awoke me from my deep sleep. After waking up, I got my feet out of the bed and proceeded my way towards the restroom with drowsy eyes. I rinsed my face to get rid of sleep. Lazily, I approached for the luggage to get my clothes out for the day. My family and I were all set for Walt Disney's Animal Kingdom.

We sat in the car and my sister was planning for the rides. I was exhilarated to see the roller coaster rides she chose. Our vehicle arrived at the destination and all of us were amazed to see how attractive the place was with those green trees flora and fauna . There was also a river with beautiful water lilies floating on it. We rode many many rides and then it was time to bestride the 'Expedition Everest' roller coaster. The tracks were attached to a mountain that resembled the Everest Mountain. My sister and I started our way to the line and then we got into the vehicle. Other roller coasters start slowly but this one began with extremely swiftness. Everybody shrieked aloud and the height looked frightening from top. It stopped as soon as it reached the peak of the mountain, which shows the track broken to creep out people even more. Suddenly, it went backward so rapidly that all the passengers had to put their hands up in the air. Getting to see that we were almost touching the sky with such a dangerous speed was exciting, but at the same time frightening.

This was scary, but also the most thrilling and unforgettable experience of my life, It was so horrifying that my rapid heartbeat did not stop even after the ride had finished. I would surely have regretted not riding it. People should always try different things in their life because experiences contribute a very prominent place in everyone's lives.

Fabiha Arefeen is the daughter of Mr. Samsul Arefeen (27). She is a grade 7 student. She lives in USA.



Antares Maritime Museum

Kamal Ahmed

Antares Maritime Museum is located in Brossard, Quebec, Canada. The items showcased in the museum are of various marine equipment like antique ship equipment as well as the items presently in use in the marine industry. I have collected these items from various sources, such as Chittagong Scrap Yards, Gulshan Market in Dhaka, eBay & antique shops.

I joined in ship as a Deck Cadet in July 1980. I am still actively involved in the industry. During this period, I saw an evolution in shipping. In the past, a ship with a Lifeboat Capacity of 50 persons carrying 12,000 MT of break bulk was more common. In recent times, it has shifted to a bulk carrier with a lifeboat capacity of only 20 persons even carrying 450,000 MT of iron ore. I have witnessed ship navigating with Astro navigation to modern day GPS navigation. I have met some ship crew (especially Sarang Bosun) with exceptional knowledge of seamanship with capabilities of making different types of knots, wire splicing, making stages, Bosun chair, sea bag with canvas and twine (which disappeared from modern seamanship). I have seen the changes of master's role from master to a simple manager in modern days. I have also witnessed the changes in lifting gear from Derrick with Union Purchase & Stulken Derrick to Crane and Gearless Bulk Carrier. The evolution in the Maritime Industry inspired me to create the Antares Maritime Museum.



Collections



Model of Canoe
Used by Native Canadians before the arrival of European Settlers in North America



Model of a Sailing Ship



The Merchant Navy Uniform



Master Epauettes - 4 Straight Bar (Polish, Filipino & Ukraine)



Deck & Engineering Officer's Epauettes Ties (Russian Merchant Navy, Bangladesh Marine Academy, POL Steamship Lines & Company of Master Mariners of Canada)



Chart Table



Radar Plotting Sheet



Pelorus used for taking bearing of Celestial and Terrestrial objects



Marine Chronometer



Ship's Clock



Gyrocompass



Barograph



Speed Log




Sextant



Sextant



Morse Key



Clinometer



Sextant



Ship's Clock with Silence Period.
All stations using 2182 kHz were required to maintain a strictly enforced three-minute silence and listening period twice each hour, starting at h+00, h+30.




Deck Log Book, Radar Log Book, Oil Record Book & Bell Book




Block



Morse key connected to the Stern Light



Heaving Line



Different Types of Knots



Heaving Line




Different Types of Knots



Lifeboat Ration



Man Overboard Light



Lifeboat Compass
(collected from the Lifeboat of a Ship which sunk in 1974 in South China Sea, Courtesy Capt. Nashat Gaffar who was the Chief Office on board the Rescuing Ship)



General View of the Museum



Ship's Chart Room & Wheel House



Inmarsat A (now obsolete)



Patent Log
(The Patent Log came with the advent of steam ships)



Capt Kamal Ahmed is a Master Mariner from 15th Batch "Bangladesh Marine Academy. He is working as a Principal Surveyor for Antares Marine Consultants Inc. from October 1996 to present. He is also working as a Port Warden under the jurisdiction of Port of Quebec City employed by the Quebec Chamber of Commerce. He handles approximately 220 vessels yearly in the province of Quebec, Canada.



"NOLI" (CDC- Continuous Discharge Certificate Cage),
(In olden days seamen used to carry Seaman's documents
in a Bamboo Stick)



General View of the Museum



Capt. Farid Ahmed (10th Batch) was presented a Crest at the Antares Maritime Museum for his role during the captivity at the anchorage of the Eastern coast of Somalia from December 5, 2010 to March 19, 2011 on board the vessel M.V. Jahan Moni.

নির্বাক মন মোহনায় আমি এবং অন্য এক বনলতা সেন

শামস উজ জামান



আশির দশকের প্রথমদিকের কথা। পিকিং এর নাম বদল হয়ে তখনও বেইজিং হয়নি। আমি সেসময় হংকং এর 'ওসেনট্রাস্পিং' কোম্পানিতে কাজ করি। তাদের শ'খানের বেশি জাহাজ। বড়বড় সব জাহাজ। চল্লিশ হাজার টনের নিচে কোন জাহাজ নাই। আমি হংকং হয়ে পিকিং এসেছি। পিকিং থেকে উত্তর চীনের ডালিয়ান বন্দরে গিয়ে জাহাজে উঠব।

চীনের এয়ারপোর্টগুলোতে তখন একদমই ভিড় হতনা। আমি খুব তাড়াতাড়ি কাস্টম, ইমিগ্রেশনের কাজ শেষ করে বাইরে এসেছি। বাইরে বের হয়ে অভ্যর্থনা এলাকায় এজেন্টের কাউকে দেখি না! আমি অনেকক্ষণ ওখানে দাড়িয়ে অপেক্ষা করেছি- কারো দেখা নাই! কাউকে কিছু জিজ্ঞাসা করব সে উপায় নাই। কেউ ইংরেজী বলতে পারেনা।

আস্তে আস্তে এয়ারপোর্ট খালি হতে শুরু করেছে। বেশিরভাগ যাত্রী বাইরে চলে গেছে। আমি একা এভাবে কতক্ষণ দাড়িয়ে থাকব? শেষে ভেবেচিন্তে, রিসিপশনের দিকে গেছি। রিসিপশনে প্রয়োজনের চেয়ে অনেক বেশি রিসিপশনিষ্ট। সবাই মেয়ে। আমি কাউন্টারে দাড়ানোর সাথেসাথে একটি মেয়ে এসে, জানালার কাচের ফুটোর ওপাশে দাড়িয়েছে। মেয়েটি স্পষ্ট ইংরেজীতে আমার কাছে জানতে চেয়েছে, 'What can I do for you, Sir?'

তখন সময়টাও ভাল না। সন্ধ্যা হয় হয়। পিকিং শহরের আমি কিছুই চিনি না। রাত হয়ে গেলে বিপদে পড়ব। মেয়েটার কথা শুনে আমি ভরসা পেয়েছি। ভেবেছি- মেয়েটি যখন ইংরেজী জানে তখন ঘাবড়াবার কিছু নাই। এ মেয়েটি দেখতে সুন্দরী। আমার বয়স তখন তেইশ-চব্বিশ বছর। সে বয়সে কোন মেয়ের সাথে কথা বলার সময় খুব সচেতন হয়ে কথা বলব তেমনটাই স্বাভাবিক। মেয়েটির কথার উত্তরে আমি বেশ শক্ত এবং নির্ভুল ইংরেজীতে জিজ্ঞাসা করেছি, 'চায়না ওসেন শিপিং' থেকে আমাকে নিতে আসার কথা - কেউ এসেছে কি?'

মেয়েটি আমার কথা শুনে কোন উত্তর না দিয়ে আমার দিকে চেয়ে থেকেছে। বোবা চাহনি। ভাবছি, মেয়েটি মনে হয় আমার ইংরেজী ধরতে পারেনি। আমার কথায় সম্ভবত 'ককনি এক্সেন্ট' আছে। আমাকে খুব স্পষ্ট করে ইংরেজী বলতে হবে। রানীর ইংরেজী। 'কুইনস ইংলিশ' শব্দ এবং স্পষ্ট হয়।

এবার আমি খুব স্পষ্ট করে আগের কথাগুলো পুনরাবৃত্তি করেছি। কিন্তু এবারও আমার কথার কোন উত্তর না দিয়ে উল্টা দিকে ফিরে, অন্য মেয়েদের সাথে চীনা ভাষায় কি সব বলাবলি শুরু করেছে। ওর কথা বলা শেষ হলে, পেছনের মেয়েগুলো হুমড়ি খেয়ে কাউন্টারে এসেছে। অন্য একটি মেয়ে ইংরেজীতে আগের প্রশ্নটা আবার জিজ্ঞেস করেছে, 'What can I do for you, Sir?'

এ মেয়েটির কাছেও আমি এজেন্টের ব্যাপারে জানতে চেয়েছি। কিন্তু এ মেয়েটিও আমার কথার কোন উত্তর না দিয়ে আমার দিকে চেয়ে রইল। আমি খুব মুশকিলে পড়ে গেলাম। তাহলে ওরা কি আমার 'রানীর এক্সেন্ট'-এ বলা ইংরেজীও বুঝতে পারছে না?

ভাবছি, একটা কাজ করলে কেমন হয়? আমি একটা কাগজে, আমাদের এজেন্টের নাম লিখে একটি মেয়েকে দিলাম। তবে এসব লেখালেখি করেও কাজ হল না। মেয়েটি আমার লেখা দেখে, পিছনে ফিরে, অন্য মেয়েদের সাথে আবার কিচিরমিচির শুরু করেছে।

এবার আমার মনে হল - এদের কেউ ইংরেজী জানেনা। আর যে বা যিনি জানেন, সে এখন এখানে নেই। তাছাড়া একটি আন্তর্জাতিক বিমান বন্দরে এমন হবার কথা নয়। ইংরেজী জানা ভদ্রলোক হয়ত চা খেতে গেছে বা অন্য কিছু। এবার সত্যিসত্যি গা দিয়ে ঘাম বরানোর পালা। আমার পকেটে মাত্র পঞ্চাশ ডলার, কাছে এজেন্টের ঠিকানা নাই। ওদিকে পিকিংএর আকাশে অচিরেই রাত নেমে আসবে। হংকং এ ফোন করে ঠিকানা নেব, সেটাও খুব সহজ হবে বলে মনে হল না।

মেয়েগুলো আমার কথা বুঝতে না পেরে আমার দিকে চেয়ে বোকার হাসি হাসছে। এমন অসহায় অবস্থায় আমার নিজেরও কিছু করার নাই। আমিও ওদের দিকে চেয়ে বোকার মত হাসছি।

ঠিক এমন সময়, কথা বলার কাচের ফুটোর পাশে একখানা কাগজের দিকে চোখ গেল। কাঁচের দেয়ালের সাথে একখানা কাগজে আমার নাম লিখে সেটে রাখা হয়েছে। এ কাগজটা দেখে আমার ঘাম দিয়ে জুর ছাড়ল। একটা কিনারা পাওয়া গেছে। মেয়েগুলোকে আঙুল দিয়ে কাগজটা দেখানোর পর ওদের মধ্যে গা ঠেলাঠেলি, হাসাহাসির রোল পড়ে গেল।

এসবের কিছু পরে মিস্টার সিংদান হস্তদস্ত হয়ে রিসিপশনে এসেছেন। তিনি আমার পূর্ব পরিচিত। গত দু'বছর ধরে আমি বেইজিং হয়ে উত্তর চীনের ডালিয়ান, ইয়ানতাই বা সিনতাও - কোন না কোন পোর্টে গিয়ে জাহাজে উঠি। দু'তিন বার এসব পোর্ট থেকে ছুটিতে ঢাকা গেছি। মিস্টার সিংদান ধরে নিয়েছিল, এখানে সবকিছুর সাথে আমার চিন-পরিচয় আছে। তাছাড়া, আমি কতক্ষণে ব্যাগেজ ইত্যাদি শেষ করে এয়ারপোর্টের বাইরে বের হব ঠিক নাই। এসব চিন্তা করে একটা কাগজে আমার নাম লিখে, রিসিপশনে রেখে চা খেতে গেছে। চায়ের দোকানে তার বন্ধুর সাথে দেখা। তার সাথে গল্প করতে গিয়ে সিংদানের ফিরতে দেরি হয়েছে।

এয়ারপোর্ট থেকে বের হয়ে আমরা হোটলে এসেছি। আমি পিকিং থেকে পেনে চড়ে ডালিয়ান যেতে চাইনা। পেনে না চড়ার পেছনে কারণ আছে। এখানে পেনে চড়ে আমার ভীতিকর একটা অভিজ্ঞতা আছে। একবার পেনে চড়ে ইয়ানতাই গিয়েছিলাম। দ্বিতীয় মহাযুদ্ধের সময়কার একটা যুদ্ধ বিমান দিয়ে প্যাসেঞ্জার টানাটানি করে। 'হারকিউলিস' বিমানের মত দেখতে। তবে আকারে ছোট। পেনে ওঠার জন্য কোন সিঁড়ি ছিলনা। একটা টুলের ওপর ভর দিয়ে পেনে উঠেছি। পেনে ট্যাক্সিইঙ করে রানওয়ের একদম শেষ প্রান্তে এসে উড়বে উড়বে করছে। পেনের ভেতরে একটা হালকা হালকা ভাব। এটা ওড়ার ঠিক আগে আগে, ককপিটে সিগন্যাল দেখিয়েছে, পেনের একটা দরজা ঠিকমত বন্ধ হয়নি। পাইলট সাহেব ব্রেক করেছেন। আকাশে উড়ে জানে মরার থেকে, রানওয়েতে মাথা ফাটান ভাল! পাইলট সাহেব এক্সিডেন্ট বাঁচাতে শেষ মুহূর্তে শক্ত ব্রেক করেছেন। ব্রেক করার সাথেসাথে যাত্রীদের মাথার ওপরে ব্যাকে রাখা হাত ব্যাগ, পোটলা-পাটলি, টাই-কোট ইত্যাদি টপাটপ যাত্রীদের গায়ে-মাথায় এসে পড়েছে। পেনটা দাড়িয়ে যাবার পর সবার চোখেমুখে ভয়। বেশ ক'জন যাত্রী মাথা এবং শরীরের এখানে ওখানে আঘাত পেয়েছে। আমিও ব্যাথা পেয়েছি। সামনের সিটের সাথে ধাক্কা লেগে কপালে ব্যাথা পেয়েছি। তবে আমার আঘাত খুব গুরুতর না। সিট বেল্ট বাধা ছিল বলে রক্ষা। পরে কেবিন ড্রুর কাছ থেকে ব্যাথার ট্যাবলেট খেয়েছি। বরফ এনে কপালে ঘসেছি। আঘাতের জায়গাটা ফুলে উঠেছিল। সেদিন আমরা ঘন্টা দুই পেনের মধ্যে বসেছিলাম। 'ব্রেক কুলিং টাইম'। ব্রেক ঠাণ্ডা করে আবার পেন ছেড়েছিল।

সেদিন থেকে উত্তর চীনে এসে পেনে চড়তে আমার ভয় লাগে এবং পারতপক্ষে পেনে চড়া এড়িয়ে চলি।

মিস্টার সিংদান আমাকে হোটলে নামিয়ে দেরি করেননি। রাতে আমার টিকেট করে রাখবেন। পিকিং থেকে ডালিয়ান যাবার ট্রেনের টিকেট। আমি ট্রেনে চড়ে, উত্তর চীনের মাঠঘাট দেখতে দেখতে ডালিয়ান যাব। পরের দিন সকালে মিস্টার সিংদান আমাকে ট্রেনে তুলে দিয়ে গেলেন।

ট্রেনের দু'সিটের কেবিনে দামী সব আসবাবপত্র। সিটের হেলানদানীতে শৌখিন লেস লাগান। চীনাাদের কার্পেট এবং লেস বানানোর নাম আছে। ফ্লাক্সে গরম পানি, সাথে চা পাতা। জেসমিন ফুলের শুকনা পাপড়ির 'চা'। আমার উল্টো দিকের সিটে চীনা কম্যুনিষ্ট পার্টির একজন সদস্য যাবেন। তিনি বয়সের ভারে খুড়খুড়ে বুড়ো মানুষ। অদ্রলোকের জন্য দরজার বাইরে একজন পরিচারিকা দাড় করানো আছে। তিনি একটু পরপর চা খান। মেয়েটা একটু পরপর কেবিনে ঢুকে, ফ্লাক্স থেকে পানি চেলে ওনাকে চা বানিয়ে দেয়।

ট্রেনে বিদেশীদের জন্য আলাদা বগি। প্লাটফর্মে টানেলের মত একটা উঁচু দেয়ালের ফাঁক দিয়ে আমাদের বগি দুটোকে ভেতরে আসতে দেখেছি। দেয়ালের ওপাশে জলপাই রঙ্গের কাপড় পরে শ'য়ে শ'য়ে নারীপুরুষ। আমাদের এ পাশে দু'চারজন মাত্র লোক। আমাদের এসব বগিতে বিশিষ্ট কিছু চীনা নাগরিক ছাড়া অন্য কারো বসার অনুমতি নাই। আজ যিনি আমার সাথে একই কেবিনে ভ্রমণ করছেন তিনি সেইসব বিশিষ্ট নাগরিকের একজন।

সেসব দিনে চীনে মেয়েপুরুষ সবাই জলপাই রঙের কাপড় পরে কাজে বের হত। বিকেল পাঁচটায় অফিস ভাঙ্গার সময় রাস্তায় হাজার হাজার সাইকেলের ভীড়। রাস্তায় অন্য কোন গাড়িঘোড়া নাই বললে চলে! চীনে তখন বিদেশীদের আনাগোনাও খুব কম। আমার মত দু'চারজন যারা আসে, তারা বেশিভাগ জাহাজে ওঠা-নামা করার জন্য আসে। অন্য যারা আসেন, তারা চীনের ভবিষ্যৎ আঁচ করতে পারা বিদেশি ব্যবসায়ী। অনেক ব্যবসায়ী তখন থেকেই আন্দাজ করে নিয়েছিলেন চীন একদিন অর্থনৈতিক ভাবে খুব ওপরে যাবে। ব্যবসায়ীদের বাইরে, দু-দশজন পর্যটকও আসেন। তাদের সংখ্যা কম।

পিকিংয়ে একটা জিনিস লক্ষ্য করেছি, আমি যেসব রাস্তা দিয়ে গেছি সেসব রাস্তার পাশে বড়বড় সাজানো সব দালানকোঠা। যেখানে দালানকোঠা নাই বা যেখানে নতুন দালানকোঠা বানানোর কাজ চলছে, সে এলাকাগুলো টিনের উঁচু বেড়া দিয়ে আড়াল করে রাখা। বেড়ার আড়ালে বিশাল কর্মযজ্ঞ। দুদিন পরে ওখানে দালানকোঠা ওঠা না পর্যন্ত এসব এলাকা বিদেশীদের দেখান হবেনা। চীনারা জানে-নিজের দুর্বলতা ঢেকে রাখতে হয়। একবার দালানকোঠা উঠে গেলে এলাকাটা সবার জন্য উন্মুক্ত করে দেবে।

ট্রেনের চলার পথে অপূর্ব দৃশ্য হয়েছিল। কেবিনের বাইরে, উত্তর চীনের মাঠঘাট, পথপ্রান্তর। ট্রেন লাইনের পাশে প্রথমে ছোট, তারপর বড়, তারপর আরো বড়বড় গাছপালা। সারা পথে পরিকল্পনা করে গাছ লাগিয়েছে। একেক সারিতে একেক রকম গাছ। সেসব গাছে রংবেরঙের পাতা-গুল্মুরাজি। পাহাড়ী পথ। দূর পাহাড়ের গায়ে ক'টা 'ইয়াক' হাটতে দেখেছি। বড় ষাড়ের মত জংলী ইয়াক। পাহাড়ের চূড়ায় তখনো বরফ জমেনি। মাস দুয়েক পরে বরফ জমে সবকিছু সাদা হয়ে যাবে। বেশি শীতে গাছের পাতা ঝরে গিয়ে এখানে অন্য রকম দৃশ্য হবে।

আমাদের পেছনের বগিতে খাবারের বন্দোবস্ত। বড়বড় কাচের জানালা ঘেরা সেলুনে, পনের-ষোল জনের একটি খানসামার দল দৌড়াদৌড়ি করে কাজ করছে। সেলুনে যাত্রীর চেয়ে খানসামা বেশি। দলটির সবাই মেয়ে এবং দেখতে সুন্দরী। উত্তর চীনের মেয়েরা এমনিতে সুন্দরী হয়। দুধে-আলতা রঙের মেয়েগুলোর নাক-চোখ ততটা খ্যাবড়া না। চোখে ঘন কাল পাপড়ি। দেখে মনে হবে - এরা চোখে ঘন কাজল পরেছে। পনিটেল চুল। পায়ে গোলাপি স্যাডেল, নখে গোলাপি নেইল পলিশ এবং গায়ে গোলাপি রঙের এ্যাপ্রোন। আলো ঝলমলে সেলুনে মেয়েদের দৌড়াদৌড়ি করে খাবার পরিবেশনের দৃশ্যটি প্রানে ভরপুর! তবে এরাও কেউ ইংরেজী জানে না।

সেলুনের প্রতি টেবিলে চারজন করে বসার বন্দোবস্ত। আমি নিজের জন্য একটা টেবিল বেছে নিয়েছি। এ টেবিলে অন্য কেউ বসেনি।

সকালে নাস্তার টেবিলে সুন্দরী একটি মেয়ের সাথে আমার বেশ ক'বার চোখাচোখি হয়েছে। এ মেয়েটি আমার থেকে তিন টেবিল দূরে বসে আছে। মেয়েটি বিল ক্লার্ক। প্রথম দিকে মেয়েটির সাথে চোখাচোখি হলে আমি চোখ নামিয়ে নিয়েছি। মেয়েটির অবস্থাও আমার মত। সকালের নাস্তা এবং লাঞ্চার সময় পর্যন্ত আমরা একে অন্যের দিকে বেশিক্ষণ তাকিয়ে থাকতে পারিনি। লজ্জা এসে প্রতিবার আমাদের চোখ নেমে গেছে।

সন্ধ্যায় ডিনার খেতে এসে আমেরিকাতে শোনা একটি 'কান্ট্রি মিউসিকের' কথা মনে এসেছে- "মেয়েরা 'না' বললে তাদের কথায় কান দিও না। লেগে থাক, একদিন না একদিন বরফ গলবে।"

আমি খাবার ফাঁকে একবার সাহস করে মেয়েটির দিকে চোখ উঁচিয়ে বেশ কতক্ষণ তাকিয়ে থেকেছি। মেয়েটি আমাকে ওর দিকে চেয়ে থাকতে দেখে, লজ্জা পেয়ে চোখ নামিয়ে নিয়েছে। আমি দু'একবার এরকম করার পরে মেয়েটি সাহস পেয়েছে। আমার চোখেচোখে তাকিয়েছে। তবে সে ক্ষণিকের চাউনি। একটু পরে লজ্জা পেয়ে আবার চোখ নামিয়ে টেবিলের দিকে তাকিয়েছে। টেবিলের দিকে তাকাবার সময় সুন্দর করে হেসে দিয়েছে। মনকাড়া হাসি। মেয়েটির হাসি দেখে আমার মনের মধ্যে 'কেমন কেমন' করা শুরু করেছে...।

রাতে 'সেট ডিনারের' বাইরে অন্য কোন খাবার ছিলনা। যাত্রীদের দু'একজন ছাড়া, সবাই রাত আটটার ভেতরে ডিনার শেষ করে কেবিনে চলে গেছে। সে রাতে সবে ধন নীলমনি- আমি কেবিনে না ফিরে অনেক রাত পর্যন্ত সেলুনে বসে একা একা বিশ্বাস চীনা চা খেয়েছি। সুন্দরী একটি মেয়ে এসে আমার কাপে পানি ঢেলে দিয়েছে। এ মেয়েটি প্রতিবার পানি ঢেলে দেবার সময় চীনা ভাষায় কিচিরমিচির করে সবকিছু একসাথ করেছে। ওর কথার বিন্দু বিসর্গ বুঝতে পারিনি। তবে আমার মনে হয়েছে, আমি এবং বিল ক্লার্ক মেয়েটি দিনভর যে 'চোখাচোখি খেলা' খেলেছি সেটা সে জানে। ওর কিচিরমিচির করার মাঝে এসবের ইঙ্গিত আছে। চা দিয়ে চলে যাবার সময়, বিল ক্লার্ক মেয়েটির দিকে হাত নেড়ে, হেসেহেসে কি সব বলেছে।

সেলুন বন্ধ হবার আগে আমাকে চলে আসতে হয়েছিল। আমি চলে আসার আগে খাবার টেবিলে বিল না দিয়ে, বিল ক্লার্ক মেয়েটার সামনে গিয়ে বিল দিয়েছি। আমার তখন বুক ধড়ফড় করছে। মেয়েটা বিল বানানোর সময় একবারও আমার দিকে চোখ তুলে তাকায়নি। বিল বানিয়ে আমার হাতে দেবার সময় আমার দিকে একবার চোখ উঁচিয়ে আবার চোখ নামিয়ে নিয়েছে। মেয়েটির লজ্জা ভরা চোখ।

খুব কাছ থেকে দেখে কেন জানি এ মেয়েটিকে আমার কল্পনায় নাটোরের বনলতা সেন বা বঙ্কিম চন্দ্রের কপালকুন্ডলার থেকেও সুন্দরী ভাবতে ইচ্ছা হল। আমার মনে হল, কপালকুন্ডলা বা বনলতা সেনের রূপের বর্ণনাতে যেসব বৈশিষ্ট্য অনুপস্থিত, সম্ভবত এ মেয়েটির সেসবও আছে!

আমি খুব ভোরে ট্রেন থেকে নেমে যাব। এ মেয়েটির সাথে আর কখনও দেখা হবেনা। বিল দিয়ে চলে আসার সময় আমার খুব মন খারাপ হয়েছে। অন্য রকম একটা অনুভূতি। আমি 'সেভেন ডেজ ইন জাপান' সিনেমাটা দেখেছি। সে সিনেমায়, বিদেশী এক রাজকুমার তাদের নৌবাহিনীর জাহাজে করে জাপান এসেছিলেন। রাষ্ট্রীয় নিয়ম-কানূনের বেড়া জালে সে একসময় হাপিয়ে ওঠে এবং জাহাজ থেকে পালিয়ে যায়। জাহাজের বাইরে এসে তার সাথে একটি জাপানি মেয়ের পরিচয় হয়। মেয়েটি বাস কোম্পানীতে পরিচারিকার কাজ করে। এ মেয়েটির সাথে সাতদিন অন্তরঙ্গ সময় কাটিয়ে রাজকুমার আবার ধরা পড়ে যায়। ধরা পড়ে, জাহাজে ফিরে যাবার পথে উল্টা দিক থেকে একটি বাস এসে রাজকুমারের গাড়ির পাশে দাঁড়ায়। সে বাসের ভেতরে একটি মেয়ে যাত্রীদের গান গেয়ে শোনাচ্ছে। এই মেয়েটির সাথেই 'প্রটোকল' বিহীন রাজকুমার, গত সাত দিন সময় কাটিয়েছেন। এসময় তাদের দুজনের চোখাচোখি হয়। মেয়েটি গান গাওয়া না থামিয়ে করুণ চোখে রাজকুমারের দিকে চেয়ে থাকে। রাজকুমারও তার গাড়ির জানালা দিয়ে মেয়েটির দিকে চেয়ে থাকে। এ ঘটনার একটু পরে, বাসটি গতি বাড়িয়ে উল্টা দিকে চলে গেলে রাজকুমারের লিমুজিন পেছনে পড়ে থাকে।

এমন বিচ্ছেদের সময় রাজকুমারের মনের অবস্থা কি হয়েছিল জানি না। তবে সে রাতে সেলুন থেকে চলে আসার সময় আমার খুব মন খারাপ হয়েছিল। চলে আসার পথে একবার পিছন ফিরে তাকিয়েছি। তখন সেলুনের অন্য সব মেয়েগুলি হুমড়ি খেয়ে বিল ক্লার্ক মেয়েটির ওপর পড়েছে। ওরা সবাই মেয়েটিকে ঘিরে খুব হাসাহাসি করছে। মেয়েটি তখন মাথা নিচু করে টেবিলের দিকে মুখ করে চুপচাপ বসে আছে। তার মুখে কোন হাসি নাই। এ সময় আমার কেন জানি মনে হল এবারের ভয়েজ শেষে ডালিয়ান থেকে সাইন অফ হলে আমি এ ট্রেনে করেই আবার পিকিংয়ে ফিরে যাব। তখন এমনও হতে পারে এ বিল ক্লার্ক মেয়েটির সাথে আমার আবার দেখা হবে।

পরের দিন খুব সকাল বেলা ট্রেন থেকে নেমে আসার সময় আমি আবার সেলুনের দিকে তাকিয়েছি। বাইরে তখন আধারি কুয়াশা। সেলুনের কছে কেউ নাই। ওখানে সব কিছু অন্ধকার। এ সময়ে স্থানীয় এজেন্ট আমাকে অভ্যর্থনা জানানোর জন্য একখানা কাগজে আমার নাম লিখে সেটি মাথার উপর উঁচিয়ে দাড়িয়ে আছে।

ক্যাপ্টেন শামস উজ্জামান: জন্ম ১৯৫৪ সালে, বরিশালে। রাজশাহী ক্যাডেট কলেজে লেখাপড়া করেন। তিনি বাংলাদেশ মেরিন একাডেমির ১১তম ব্যাচের ছাত্র। পরবর্তীতে বিদেশগামী সামুদ্রিক জাহাজের অফিসার থাকাকালে যুক্তরাজ্য ও হংকং থেকে প্রফেশনাল বিষয়ে উচ্চতর লেখাপড়া করেন। সবশেষে আয়ারল্যান্ড প্রজাতন্ত্রের কর্ক ইনস্টিটিউট অব টেকনোলজিতে অধ্যয়ন শেষে মাস্টার মেরিনার সনদ লাভ করে জাহাজের ক্যাপ্টেন হিসাবে কাজ করেন। তিনি লন্ডন নটিক্যাল ইনস্টিটিউট বাংলাদেশ শাখার সাবেক চেয়ারম্যান। বর্তমানে তিনি মেরিন প্রফেশনের বিভিন্ন শাখায় মেরিন সার্ভে ও কনসালট্যান্সি করার পাশাপাশি অন্যান্য ব্যবসার সঙ্গে জড়িত। ক্যাপ্টেন জামান এক কন্যা এবং তিন পুত্র সন্তানের বাবা।

ইংরেজী কথি হবে

গাজী আবু তাহের



ফেডাগালপিয়া থেকে জাহাজ ফিরে চললো পূর্ব মুখি হয়ে দেশের পথে। অনাবিল আনন্দ দীর্ঘ পাঁচ মাস পর জাহাজ পৌঁছাবে দেশে, শীতকালে। ষড়ঋতুর এই দেশে সবচেয়ে মজা বোধ করি হয় এই শীতকালে। কি না হয়! মজাদার রকমারী পিঠার সাথে নানা রকমের শীতকালীন শাকসবজি আর তার চেয়ে বড় হয় উৎসবের ধুমধাম, বিয়ে শাদীর। হিমেল বাতাস বওয়ার আগেই পরিকল্পনা শেষ হয়। সকল দামী দামী থেকে শুরু করে সাধারণ কমিউনিটি সেন্টার গুলোও বুকড হয়ে যায়। বিয়েবাড়ীর বিরিয়ানী, রোস্ট আর বুরহানী। ওহ! ভাবতেই এখনি জিভে পানি এসে যাচ্ছে।

আটলান্টিকের অতলান্ত গভীরতার বুক চিরে জাহাজ চলছে। রেডিও অফিসার সাহেব বার্তা নিয়ে এলেন, জার্মানির হামবুর্গ হয়ে দেশে ফিরবে জাহাজ। প্রথমে কিছুটা মন খারাপ হলেও কয়েকদিনের ভিতরেই "নাবিকের আবার খারাপ লাগা" অবস্থান থেকে বেরিয়ে এলাম।

আবহাওয়া এবং তাপমাত্রা উভয়ই কঠোরতর হচ্ছে। চিরাচরিত বিষন্নতা নিয়ে পাইলট নিয়ে আমরা Elbe River হয়ে হামবুর্গে পৌঁছাই। নভেম্বর মাসের ভীষণ ঠান্ডায় সবই জমে যাচ্ছে। স্টেশন করতে সামনে গেলাম Forward Team এর সাথে। পুরু Duffle Coat সহ গরম দস্তানা পরে গেলাম বটে, তবে মনে হচ্ছিল নাক এবং মুখের খোলা জায়গা যেন বরফ হয়ে যাচ্ছে। হুকুম পালনের সময় বড়দের আলাপ ইংরেজী-বাংলা মনের অজান্তেই মিলে যাচ্ছে। ব্রীজ থেকে জিজ্ঞেস করা হল: "How is the Headline?" উত্তর গেল: Tight, খুব Very Tight Sir! " বুঝলাম, কেবল আমারই অবস্থা চরমে নয়, উনার অবস্থা আমার চেয়েও খারাপ।

যাক, জাহাজে বেঁধে accommodation এ ফিরে হিটিং পেয়ে মনে হল, স্বর্গ রাজ্যে আছি। স্টুয়ার্ড সাহেব অতি যত্নে "টুস" আর চা এগিয়ে দিলেন। বসে কিছুক্ষণ জার্মান টিভি দেখলাম। কার্গো অপারেশনের এর জন্য হ্যাচ খোলা হল। স্টিভেডোরের লোকজনের সমাগম আর একটু পরেই শুরু হয় কার্গো লোডিং। বেলা উঠলেও শীত কিন্তু কমে নাই। চারিদিক অনেকটা কুয়াশার চাদরে মোড়া। এরই মধ্যে ক্রেন চলছে অনেকটা অর্ধ চক্রাকারে। কখনো বকের মত বিশাল ঠোঁট উঠু কখনো নীচু করে।

ডেক থেকে ঘুরে gangway যেতে সুকানী ডাফল কোটের এর পকেটে হাত ঢুকিয়ে কোন রকম মুখ বের করে বললেন: "সার, কি ঠান্ডা, দেইকসেন লেবার হগল বড়ো বড়ো বোতল লই হলকাত দুইকতেসে। রনড মারি দেইখলাম, বেডারা কতখণ পরপর খালি হোসকি খায় আর আঁর দিক রেনী রেনী কয় "লাইক?" আঁই চিন্তা কইরলাম, হেতে ইংরাজীতে জিগাইলে আঁইও ইংরাজীতেই উত্তর দিতাম - হাসি দি কইলাম, "নো লাইক।" তাঁর চেহায়ায় একটা সন্তুষ্টির ভাব দেখা গেল।

বিকালে ডিউটি সেরে দল বেঁধে বেরলাম। শহরের কাছাকাছি এক দোকানে যেয়ে সবাই দেশে ফোন করার জন্য লাইন দিলাম। এই ঠান্ডায় বের হলেও খারাপ লাগছিল না। বর্তমান যুগে সবার হাতে মোবাইল ও Whatsapp, WeChat, Viber কতই না apps রয়েছে। তখন একমাত্র সহজ যোগাযোগের পথ ছিল চিঠি লেখা আর কপাল বিশেষে Landphone। বাড়ীর কুশলাদি নেয়ার পরই আমার এক কাজিন ফোন ধরলো। গ্রাম থেকে এসেছে, তার এটাই আনন্দ যে জার্মান শহরে তার ভাইয়ের সাথে দূরলাপন করতে পারছে।

"আসসালামু আলাইকুম, ভাইজান, কেমন আছেন? শোনে, কালা ভাই (তার বড় চাচাতো ভাই) এর বিয়ে, বোজলেন? খুউব মজা করবো। আপনি আসতিসেন কবে? ডিসেম্বরের প্রথম দিকি.....?"

খুব ভাল, বিয়ে ঠিক হইসে ১৬ই ডিসেম্বর, বিজয় দিবস। আপনার জন্মদিন আর কালা ভাইর বিয়ে একসাথে হবে। আমরা সব ঠিক কইরে রাখসি। আপনার কিন্তু ছুটি নিতি হবে।"

কালা ভাইকে চিনতে বেশ কষ্ট হচ্ছে কারণ, ওদের চাচাতো ভাইদেরকে আমি তেমন চিনি। তবুও জানতে চাইলাম: 'তোর এই ধলা ভাইডা কিডা?'

"কেন, আফনি চেনেন নাই? আরে, মোরশেদ মুললা। পুলিশি চাকরী করে, বল খেলায়।" ফোনের বিল নিয়ে চিন্তিত হচ্ছি। একটু উসখুস করছি, যাতে ফোনটা ছাড়ে।

কিন্তু বেসামাল অবস্থা । "...ভাইজান, একটা জিনিস আনতে হবে, বলবো? আসার সময়ে একটা Seiko 5 ঘড়ি আনবেন, আমি বিয়ের দিন পরবো । আর হাঁ, আপনার কলাম ইংরেজি কথি হবে । মেয়ে পক্ষদের হারাতি না পারলি মুললাদের ইজ্জত থাকবে না নে । যা যা পারেন, সব মনে কইরে আসবেন ।"

Seiko 5 না হয় খুঁজে দেখবো, কিন্তু এই ইংরেজি বলার ব্যাপারটা নিয়ে খুবই বিব্রত বোধ করতে থাকলাম এবং ফোন আম্মাকে দেয়ার জন্য বললাম । কিন্তু তার কথা থামলো না ।

"আমি তো কখনো বিয়ে বাড়ীতে ইংরাজি বলি নাই । এটা আবার কেমন?"

"ও আপনি ভাইবেন না । আমাদের এহেনে Daffodils এর সামারী খুব ভালো যাচ্ছে । কবির কাহার ছেলের বিয়ে তে এক পাতা মুখস্থ সামারী বইলে কি ঠ্যালাই না দেসেলো । সবাই অবাক! অন্যরা একটা কথাও কথি পারি নাই ।"

"তা কি জিজ্ঞেস করলো যে Daffodils এর সামারী বলা শুরু করলো?"

"শোনেন, প্রথমেই বলবে: "হু আর ইউ?" বেশ কোন কথা নাই, গড়গড়াইয়ে টাইনে টুইনে মুখ ভেকসাইয়ে বলতি থাকবেন । কি বলতিসেন তা বড় কথা না, থামতি পারবেন না । উরা যেন কোনমতেই কথা বলার ছাস না পায় । বলতি বলতি দেখবেন তালি পড়তিছে । কেউ আইসে জড়ায়ে ধরে বলবে, "বাবা খুব সুন্দর ।"

আমার চোখ এবং কান স্থির! কি শুনিছি! এক পর্যায়ে আল্লাহ হাফেজ জানিয়ে ফোন ছাড়লাম । বড় একটা বিল শোধ করে অনেকটা রাগান্বিত হয়ে শহরে ঢুকলাম ।

অনেক দোকান । প্লাস্টিক ঘড়ি ভর্তি, সবই ডিজিটাল । পৃথিবী ডিজিটাল হয়ে যাচ্ছে আর আমার জন্য ফরমায়েশ Seiko 5 । কতজনকে বললাম Seiko 5 কাউকেও চেনাতে পারলাম না । শেষ পর্যন্ত Gans Market এ পাওয়া গেল Seiko 5 Automatic ।

হামবুর্গ ছেড়ে দেশের দিকে রওনা হল জাহাজ । তখনও লোহিত সাগর পাড়ি দেই নাই, খবর এলো করাচী বন্দর হয়ে তারপর দেশে ফিরবে । কি এক শৃঙ্খলার মধ্যে পড়ে গেলাম!

জাহাজ, ডিসেম্বর নয়, জানুয়ারীর ঠিক ১ তারিখে চিটাগাং এ ভিড়ল । কালা ভাইয়ের বিয়ে রীতিমত হয়েছে ১৬ই ডিসেম্বরে কিন্তু ভাড়ির কোন স্বপ্ন পূর্ণ হয় নাই । Seiko 5 ছাড়া বিয়ে আর Daffodils এর সামারী কোন কাজেই আসে নাই । উল্টো, উচ্চারণত ত্রুটির জন্য মেয়ে পক্ষ ভেংচি কেটেছে । একজন বলেছে: "নট গিলটি, ফুটো বালটি ! " গেট ধরে খুব নার্ভাস অবস্থায় আরও কিছু ইংরেজি প্রবাদ জোগাড় করে দাঁড়িয়েছিল । মেয়ে পক্ষ প্রশ্ন করেছিল : "হু আর ইউ?" তাদের একজন উত্তর দিয়েছিল: "We are We !" আর কি? বাঁশ নিয়ে তারা চড়াও হয় ! "এই তোদের ইংরেজি? "We are We?" শুনে গেট ফেট সব ভেঙে দিল দৌড় আর এই অপমান নিয়ে সে আর বিয়ে বাড়ী যায় নাই, খায়ও নাই । তবে অসংখ্য জোনাকীর আলোয় গ্রাম জ্বলজ্বল করেছিল ।

হায়রে নাবিক জীবন! ভাইটার জন্য মন খারাপ হল কিন্তু তার Compensation কি দিয়ে হবে জানিনা । দীর্ঘশ্বাস ছেড়ে জাহাজী কাজে মন দিলাম । সাইন অফের পত্র আগেই দেয়া ছিল । জাহাজ ইউরোপ যাবে, তাই relieve পেতে কোন কষ্টই হয় নাই ।

অনেক বছর পর, এক জাহাজী আড্ডায় সেই কথা তুলতে আমার এক প্রীয়ভাজনেষু বললো : "আরে, এতো আমাদের অঞ্চলে অহরহ হয় আর আমি সব সময় দাওয়াত পাই । আমাকে কেউ হারাতে পারে নাই এই পর্যন্ত ।" শুনে তো আমার চোখ ছানাবড়া!

বললাম, "বলিস কি রে? তুই আমাকে আগে কখনোই বলিস নাই কেন?" আহা, কি মানসিক ও শারীরিক কষ্টটাই না ওদের হয়েছিল! তা একটু বলবি কিভাবে ইংরাজি বলিস তুই?" ওর ব্যাখ্যা আরও চমৎকার!

বললো: "Rules of the Road আমার মুখস্থ । তাই শুরু করি Regulations for Preventing Collisions at Sea 1972. Part A general..... Notwithsating anything..... "

ক্যাপ্টেন গাজী আবু তাহের (১৭): একজন নৈমিত্তিক লেখক । চারপাশে যা ঘটে তা থেকেই জীবনের আনন্দ খোঁজার চেষ্টা করেন । নাবিক জীবনের বিভিন্ন পর্যায়ে সমুদ্র যাত্রার অভিজ্ঞতা নিয়ে সাপ্তাহিক বিচিত্রায় 'প্রবাস থেকে' কলামে নিয়মিত লিখতেন ।





এক অনাদিকালের গল্প

তাহসীনা সাইফুল্লাহ

ঝুপ্পাশ্ ...এক লাফে প্রায় তিন মানুষ দূরে নদীতে ঝাঁপ দিয়ে পড়ে যতদূর যাওয়া যায় বাড়ের বেগে ধেয়ে চলে পলান, সাঁতার তো নয় যেন ঘূর্ণির মাতন, ওর চওড়া বুকে অফুরান দম, ওর বিশাল হাত দুটো পিস্টনের মতো আগুপিছু হয়। বেশ অনেকটা দূর পার হয়ে লম্বা পা জোড়া অবহেলায় একবার ছোড়ে। ওর বন্ধুরাও দস্যিপনায় কেউ কম নয়। কিন্তু পলান যেন ঝড়, সরল-সুন্দর-ভয়ঙ্কর। কেউ ওর নাগাল পায়, গুটি সম্ভব নয়। সবাই যখন মাঝ নদী পার হচ্ছে পলান তখন ওপার পৌঁছে দাঁত কেলিয়ে ডিগবাজি খেয়ে ধেয়ে আসা শুরু করেছে ওদেরই দিকে আবার। হৈ হৈ করে পানি ছুড়ে, দাপিয়ে, লাফিয়ে নিরব সবুজ গ্রাম্য নদীর পাড় মাতোয়ারা করে তুলেছে ওরা। অবশ্য প্রতিদিনই করে।

কালু চিৎকার করে, “হালা দেও, মরার দম তর”। পলান সাদা দাঁতের সুন্দর হাসিতে সূর্যের আলো চেলে বলে, “পারস না তরা, আর আমার দমের দুষ? বেটা মাইগ্যা পোলা গুন সব, হা হা হা।” “কি কইলি তুই?” বলতে বলতে সবকয়জন মিলে এক হয়ে ধরে তাকে পানিতে চুবানোর চেষ্টা করে। খলখলে হাসি আর মিছে মারামারিতে তীব্র গন্ডগোল পাকিয়ে তোলে।

নিতান্তই গ্রামের নব্য তরুণ সব। যৌবনের দুরন্ত শক্তি ও বেগে প্রত্যেকেই টগবগে। দাপিয়ে বেড়ানো, স্কুলিঙ্গ ছড়ানো, সারল্যে মোড়ানো আবার স্পর্ধায় পোড়ানো সময় এটা। এক যাদুর বয়স এই উনিশ। নিজের ভিতর অজানা আমিকে প্রতিদিন নতুন করে চিনে নেবার, নিজের শক্তি ও সম্ভাবনায়, সপ্ন ও সাফল্যের প্রত্যাশায়, নিজের ভেতর জেগে ওঠা অচেনা রোমাঞ্চে পুলকিত রোমকুপে রোমকুপে ছড়িয়ে পরা অনিন্দ্য অনুভবে উদ্বেল অস্থির এ তারুণ্য। জীবনের সব পর্বের মধ্যে সবচেয়ে ভয়ঙ্কর সুন্দর, অননুম্যে এ বয়স। এর সারল্য যেমন সুন্দর, তেমনি অভাবনীয় এর বন্যতা, স্পর্ধা, সাহস।

দাপাদাপি শেষ হয় একসময়, সর্ক কোমরে লুঙ্গি পেঁচানো পেটানো উদ্যোগ গায়ে মাঝ দুপুরের সূর্য ঝিকিয়ে ওঠে ওদের। সবুজ, মঙলা, কালু, বিধান, অনন্ত একে একে বিদায় নেয় যার যার বাড়িতে, প্রাণের দোস্ত কালাম আর পলান এখন একা। কালাম কয়দিন ধরেই খেয়াল করছে পলান কেমন যেন। একা একা হাসে, থেকে থেকে ভিতরের কি যেন এক অস্থিরতায় ধেয়ে যায়। চোখ অস্থির, মাথা আউলা। কালাম আজ থামায় বন্ধুকে, সোজা জিজ্ঞেস করে “কে মাইয়াডা? ক’ আমারে।” চমকায় না পলান। শিশুকালের বন্ধু, ওর কলকজা সব নখের আগায় ও’র। হাসে পলান, বলে ‘ধুর ব্যাডা, পা চালা। আট্টু হইলে খিদাত প্যাট হজম হয়। যাইব আমার।’ কালাম কি থামে! শক্তিশালী এক টানে হাত ধরে ঝাঁকি দিয়ে মুখোমুখি আনে ওকে। “বেলী নাকি পলান?” কৌতুহল আর চাঞ্চল্য চাপা থাকেনা ওর গলার। চুপ করে থাকে ও, বেলী বেলী বেলী... নামটা মনে মনে আওরাতে থাকে, হঠাৎ এক তীব্র ভাললাগার ঢেউ ছলাৎ ছলাৎ করে বুকের ভিতর। এত ভালো লাগে ওর। এতো ভালো! হ্যাঁ, ছোট বেলী থেকে চেনা, সব কিছু জানা ওই পুঁচকে নাকভর্তি সর্দিওলা ঝগড়াটি বেলী আজ এ কোন অচিন বান ডাকায় তার বুকের দরিয়ায়? এ কেমন উথাল-পাথাল পলানের?? গত মাসে পাশের গ্রামে আকা পাঠাইছিল সাজু ফুপুর বাড়ি, খেজুরের পাকা রস আর বাইত্তা চাইরটা মুরগী দিয়া। একটা মাত্র বোন বাপ মা মরা, তারে ছাড়া বছরকার কোন খানা আকাবর মুখে উঠেনা। স্কুল শেষে সোনা রঙ বিকাল তখন। সাড়ে পাঁচ মাইল পথ বিশ সেরি গুড়ের হাড়ি আর চারটা বিশাল বিশাল মুরগীর ওজন বায়ে, পথ হাইটে পলান পালোয়ান’ও তখন কাহিল। সেই তিয়াস লাগসে। কিছু না ভাইবেই গ্রামের প্রান্তে তালগাছের ঘন ঘেড়া দেওয়া পুঙ্কনিতৈ নাইমে পরছে একবুক জলতৃষ্ণায়। কোনদিক না তাকায়, দুই আজলা মুখে দিয়ে উঠছে আর তক্ষুনি ভুস করে পানির নিচ থেকে কালনাগিনীর মতো সেই মেয়ে আপাদমস্তক চমকায় দিয়া ভাইসে উঠছে। বেলী ফুপুর পাশের বাড়ীর ঘাড় ত্যাড়া মেয়ে। সে উঠেই যা না তাই বলা শুরু করল তারে। খারাপ লোক সে, বদমতলব, মেয়েমানুষ দেখার জন্য গ্রামের মহিলাদের গোসল করার পুঙ্কনিতৈ নামছে। হ্যান তেন আরো সব বাজে কথা। পলান দুষ্ট কিন্তু কোনদিন এমন না, একেবারেই না। কাঠফাটা রোদে এতদূর হাঁটা ক্লান্ত দেহে পিপাসার মুখে বাধ্য হয়ে এবং নিতান্তই না জেনে জেনানা পুকুরে নেমেছে সে। ধুম করে মাথা গরম হয়ে গেল তারো। উচিৎ জবাব দিতে যাবে, তখনই ঠিক তক্ষুণই কোথেকে যেন এক চিলতে সোনালী আলোয় ছেয়ে গেল চরাচর। ফণা তোলা গ্রাম্য কিশোরী আর মিথ্যে অপবাদে হিতাহিত জ্ঞান হারানো সদ্য তরুণ দুটি মানুষ যেন হঠাৎ করে চিরকালের মানব মানবী রূপ দেখল! কি যেন এক যাদু হলো!! যা হয়ে আসে অনাদিকালের মানবগাথায়। বাস্তব অবাস্তবের ঘোরে। চেতন অবচেতনের সীমা যেখানে যায় ঝুঁচে। সেখানে শুধু খেলা করে ওঠে এক হু হু করা ভালো লাগা। অচিন মনের দুয়ার সরিয়ে ডেকে যায় অসময়ের বউ কথা কও পাখি।

সেই শুরু। কি যে হল পলানের। ও কাউকে বলতেই পারেনা। খুব ভালো লাগে ওর সবসময়। হাল্কা হয়ে থাকে মাথাটা। পাখির বাচ্চার মতো ফরফর করতে থাকে বুকের ভিতরটা অবিরাম। বিকেল বিকেল ফুপুর বাড়ি পৌঁছেছিল ও। সব হাতে ওকে দেখে ফুপু প্রথমই একপশলা কেঁদে নেয়। বুক নিয়ে ওর গায়ে মাথায় হাত বুলিয়ে বাপের বাড়ির গন্ধ নেয়। কচি ছেলোটর হাতে রাজ্যের ভারী ভারী জিনিস পাঠানোর বে-আক্কেল বুদ্ধিতে এইমাত্র যে ভাইয়ের পিন্ডি চটকানো আবার সেই ভাই তার কতো নরম মনের, কত মায়া তার, বলে আর্দ্র হয় পর মুহূর্তেই। এই ফুপু সেই কবে শিকড় উপড়ে পঁচিশ বছর আগে এ গামে প্রোথিত হয়েছিল। কিন্তু উপড়ানো গাছ আর বসেনি মায়া গেড়ে নতুন মাটির গভীরে। আজো তার শিকড় খোঁজে চেনা মাটির রস। হয়ত প্রত্যেকটা মেয়ের জীবনই এই উপড়ানো শিকড়ের বেদনার গল্প। আদরের চাদরে মুড়ে গিয়ে কাটল সন্ধ্যা রাত, কিন্তু বিছানায় গিয়েও ঘুম এলোনা। অবশ করা এক অচিন ভালোলাগায় ডুবতে ডুবতে রাত ভোর হলো। পলান কিছুতেই থাকলোনা। একরকম জবরদস্তি করেই বাড়ি চলে এলো সে সকালেই। যেন ওই অচিন ভয়ঙ্কর ভালোলাগা থেকে পালানোর জন্যই।

তারপর থেকে এই চলছে তার। মাথা হালকা, মন পলকা, মুখে অসময়ের হাসি, কারণহীন। সব কিছু হঠাৎ করে আরো বেশী সুন্দর, সুগন্ধী আর ভালো হয়ে গিয়েছে যেন। গায়ে জোর তার সবসময়েই বেশী। সেই জোরেও যেন জোয়ার এসেছে। রাতারাতি কৈশোর ঠেলে যৌবন যেন প্রকাশিছে তার। সে হাঁটতে হাঁটতে দৌড় লাগায়, আখ ক্ষেত পেরিয়ে, কলাইয়ের মাঠ ছাড়িয়ে, পুরুর ঠাকুরের পৈঠা পেছনে ফেলে। অকারণে হঠাৎ হেসে উঠে সে বন্ধুদের অবাক করে দেয়। পড়ার টেবিলে অঙ্ক-বাংলা এক করে ফেলে অনিমেষ ঠাকুরের দাবড়ানি খায়। তাও, তাও পলানের খালি ভালো লাগে। আর ক্ষণে ক্ষণে একটা জলভেজা রাগী মিঠে মুখ, বিজলী হেনে যায় বুকের এপ্রান্ত থেকে ওপ্রান্তে!

কালামকে গল্পের ছলেই বলেছিল সেই অনাকাঙ্ক্ষিত অপবাদের কথা। অনুরাগ তো নয়ই বরং বেশ রাগ দেখিয়েই। কিন্তু ব্যাটা ঠিক আন্দাজ করে ফেলেছে! কিন্তু, এ যে পলান কোনভাবেই চায়না। তার এই ভীষণ পবিত্র ভালোলাগা কি তাহলে দুনিয়াভর সবাই বুঝে যাবে? মোড়ের পথে দাঁড়িয়ে স্কুলের মেয়ে দেখা রবিনের লাফাঙ্গা দল, রিলিফের গমচোর রানা চেয়ারম্যান, বউ পেটানো কফিল মুন্সি, ল্যাঙরা গনি, বগড়াটে ক্ষেস্তির মা? তারা গুজুগুজে গ্রাম্য ক্ষুদ্রতায় তার অলিক অনুভব নিয়ে নষ্ট পলিটিকস করবে? ইশ, কি করবে সে এখন? এ যে তার বুক জোড়া একটুকরো পদ্মদীঘির পেলব স্বচ্ছ জল, তাকে সে কি করে ঘোলা হতে দেবে? “না মিঞা যাওহু” বলে পলান জোর হাতে এক ধাক্কা দেয় কালামকে। তারপর কালামের একদৃষ্টে তাকিয়ে থাকা পথের প্রান্ত বেয়ে একটা উড়ো হাওয়ার ঘূর্ণীর মতো পবিত্র ভালোবাসার মহার্ঘ সোনালী রেনু ছড়িয়ে পলান বাড়ি ফিরতে থাকে অনাদিকাল ধরে।

তাহসীনা সাইফুল্লাহ বাংলা ভাষার শিক্ষক। দুটি শিশুর মা। ২৯তম ব্যাচের এ.কে.এম সাইফুল্লাহ'র জীবনসঙ্গী। টুকটাক লেখালেখির চেষ্টা করা হয় মনের খোরাক মেটাতে।



কবিতা

নাসরীন তাহের



ক্ষনিকের বন্ধুরা

বাদামী রঙের শালিকগুলো কর্কশ স্বরে ডেকে,
সকাল বেলায় উড়ে আসে আমারই রান্নাঘরে ।
সবাই যখন যায় চলে, আমি হই একা,
হঠাৎ শুনি রান্নাঘরে কে যেন দেয় টোকা ।
উঁকি দিয়ে দেখি কোথাও কাউকে দেখা যায়না ।
নিশ্চিত আমি হেঁশেল থেকেই আসছে শব্দখানা ।

এঘর ওঘর খুঁজে বেড়াই হয়ে গোয়েন্দা,
সাবার শেষে দেখতে যাই ঘরের বারান্দা ।
সেখান থেকে রান্নাঘরের জানালা দেখা যায়,
দেখি দুটি শালিক পাখি ভাগ করে কি খায়!
গুটি গুটি পায় আমি গেলাম রান্নাঘরে,
আওয়াজ শুনে পাছে তারা পালিয়ে যায় উড়ে ।

সেদিন থেকে চললো তাদের নিত্য আসা যাওয়া,
প্রতিদিন তারা গ্রহন করে তাদের নজরানা ।
রুটি, বাদাম দিয়ে জানাই নিত্য নিমন্ত্রণ ।

ছেলেবেলার কত স্মৃতি এই পাখিদের ঘিরে,
দুপুরবেলায় শালিকের ঝগড়া আজও মনে পড়ে ।

দুদিন পরেই দেখি তাদের বন্ধু দুটি ময়না ।
ময়না-শালিক বন্ধু আমার জুড়ায় নিঃসঙ্গ প্রাণ,
মানুষ-পাখির এই সম্ভাব থাকুক চির অম্লান ।

অলস ভাবনা

হঠাৎ ভোরের আঁধার গাঢ় হয়ে
শুরু হয়ে যায় ঝড়,
বিজলি-বাতাসে প্রকৃতির মাঝে,
যেন হালকা শীতের খবর ।
ছাউনিতে ঢাকা সিঙ্গাপুরে বৃষ্টি লাগেনা গায়ে,

আমি সাবধান রাস্তা পারাপারে, তাকাই ডানে ও বাঁয়ে ।
অফিস-আদালত, স্কুল-কলেজ, শুরু অন্ধকারে,

বৃষ্টি-বাদলেও ঝঞ্চটহীন ছোট্ট এই শহরে ।

হালকা হালকা ঠান্ডা হাওয়ায় অলস ভাবনাগুলো,
উড়ে আসে যেন তুলার মেঘে অলস স্বপ্নেরই মত ।
দশটায় কেন স্কুল হয়না, অফিস এগারোটাতো?
উঠতে তাহলে হতনা যে আর ভোর সাড়ে পাঁচটাতে!
স্কুল যদি হত কম্পিউটার.... স্যাটেলাইট টেকনোলজি,
ঘরের মাঝেই কাটতো সময়, ঘরে থাকতাম রোজই ।
বিস্ময়েরখার অন্তরালে বর্ষার এই আমেজ,
হালকা কুয়াশার চাদরে মোড়ানো নিদ্রালু আবেশ,
ছেড়ে উঠতে মন যে চায়না অলস অলস লাগে,
ধীরে ধীরে মেঘ কেটে যায় সূর্য ওঠে আকাশে ।

আমার স্বপ্নের এন্টার্কটিক ভ্রমণ

আব্দুল হান্নান




১৯৯৩ সাল, আমি তখন অস্ট্রেলিয়ার তাসমানিয়াতে। কাজ করতাম অস্ট্রেলিয়ান মেরিটাইম সেফটি অথরিটি (AMSA) তে সার্ভেয়ার পদে। ঐ সময়ে একবার Hobart এ একটা জাহাজ সার্ভে করতে গিয়েছিলাম। এই জাহাজটি অস্ট্রেলিয়ার এন্টার্কটিক ফ্ল্যাগশীপ এবং এর নামকরণ করা হয়ে দক্ষিণ গোলার্ধের আলোকচ্ছটার নামানুসারে - “Aurora Australis”।

কথা প্রসঙ্গে ঐ জাহাজের প্রধান প্রকৌশলী জানালেন যে ওনারা গ্রীষ্মের সময় এই জাহাজ নিয়ে এন্টার্কটিকে কয়েকটা ভ্রমণ করেন। তখনই আমার মনে হলো, আমিও যদি যেতে পারতাম! তখন ভাবতেও পারিনি যে, আমার এই আশা একদিন পূরণ হবার সুযোগ আসবে।

২০০৬ সাল, আমি তখন AMSA’র ক্যানবেরা অফিসে। অনেক ছুটি জমা হয়েছে। নিয়মে অনুযায়ী আমি ছুটি না নিলে AMSA আমাকে ছুটি নিতে বাধ্য করবে। ছুটিতে কি করা যায় এই আলাপে আমার এক সহকর্মী বলল, “why don't you make a voyage to Antarctic”? সে আরো বললো যে তার জানা মতে P&O Maritime হন্যে হয়ে ইঞ্জিনিয়ার খুঁজছে। আমি আর একটুও দেরী না করে সেই কোম্পানীর সঙ্গে যোগাযোগ করলাম। তাদের crewing officer মিটিং থেকে উঠে এসে আমার সাথে কথা বললেন এবং অবিলম্বে pre joining medical test করতে যেতে বললেন। এভাবেই শুরু হলো আমার স্বপ্নের যাত্রার।

প্রায় ২০ বছর পর আবার আমার জাহাজে ওঠা। প্রথম প্রকৌশলী হিসেবে Aurora Australis এ জয়েন করে ১২ই অক্টোবর তাসমানিয়ার হোবার্ট থেকে সেইল করলাম। জাহাজে নাবিক ছাড়াও প্রায় ১০০ জন expeditioner ছিলেন যারা Antarctic station এ নামার জন্য এই জাহাজে উঠেছেন। আমাদের জাহাজে আরো ছিলো তিনটি হেলিকপ্টার এবং তিনজন পাইলট। আমরা প্রথমে গেলাম Macquarie Island এ। সময় লাগলো চারদিন। ওখানে যেহেতু কোন জেটি ছিলো না, তাই একটা উভচর যানে করে জাহাজ থেকে কিছু যন্ত্রপাতি ও খাদ্য সামগ্রী কিনারায় নামিয়ে দেয়া হলো। সেখানে হঠাৎ জাহাজের বেশ কাছেই দুটো Killer Whale দেখলাম। আর পাড়ে ছিলো অনেক সীল আর পেংগুইন। ঐদিনই কয়েক ঘন্টা পরে আমরা সর্বোচ্চ গতিতে রওনা হলাম দক্ষিণ মহাসাগর পাড়ি দিয়ে এন্টার্কটিকের Casey station এর উদ্দেশ্যে। ঐ স্টেশনে এ আমরা কয়েকজন expeditioner দেরকে পৌছে দেবো এবং অনেকদিন ধরে সেখানে কর্মরত কয়েকজনকে তুলে আনবো বাড়ীতে ফিরিয়ে নেয়ার জন্য। যতই এগিয়ে যাই, সমুদ্র ততই rough হচ্ছে। আমার নাবিক জীবনে এত বড় বড় ঢেউ এর আগে কখনো দেখিনি। যাই হোক, ৬০ ডিগ্রী অক্ষাংশ অতিক্রম করার পরপরই ব্রীজ থেকে একজন নেভিগেটিং অফিসার পাবলিক এ্যান্ড্রেস সিস্টেমে ঘোষণা দিলেন, “first ice sighted”। আমার মনের ভেতরে তখন সে কি উত্তেজনা! দৌড়ে ব্রীজে গেলাম। বাইরে তাকিয়ে দেখি ছোট ছোট বরফ ভাসছে।




একটু পরে আরো বড় বড় টুকরো দেখা গেলো । দেখতে কি সুন্দর গোলাকার, pan cake এর মত! ধীরে ধীরে বরফের আকার বড় হতে থাকলো এবং কয়েকদিনের মধ্যেই বিশাল আকারের Iceberg দেখতে পেলাম ।



জাহাজের সবাই খুব উত্তেজিত এবং ছবি তুলতে ব্যস্ত । আমিও তুললাম । ঠান্ডাও বাড়তে শুরু করলো । এত ঠান্ডা যে ছবি তুলতে গিয়ে কয়েক মিনিট বাইরে থাকাটাও মনে হচ্ছিলো অসম্ভব ব্যাপার । সেইসময়ে বাতাসের তাপমাত্রা ছিলো হিমাংকের ৩০ ডিগ্রি সেলসিয়াস নিচে ।

এদিকে বরফের পুরুত্ব বাড়ছে আর জাহাজের গতি কমে যাচ্ছে । তখন আর straight line navigation সম্ভব হচ্ছিল না বলে জাহাজ থেকে হেলিকপটার নিয়ে পাইলটরা দেখে এসে ক্যাপটেনকে জানালেন কোনদিকে বরফ তুলনামূলক ভাবে কম আছে ।

সেই হিসেবে আমরা জাহাজের দিক পরিবর্তন করে এগুতে শুরু করলাম এবং পরিশেষে Casey র কাছাকাছি গিয়ে পৌঁছলাম । চারিদিকে কি সুন্দর সাদা বরফের গালিচা, আর তারই ফাঁকে ফাঁকে দেখা যায় এন্টার্কটিকের পাহাড়ের পাথরের কিছু অংশ । অপূর্ব সুন্দর সেই দৃশ্য!



পূর্ব পরিকল্পনা অনুযায়ী Casey তে যাদেরকে নামানোর কথা ছিলো, হেলিকপটারে তাদেরকে নামিয়ে দেবে হলো আর সেখান থেকে ক'জনকে আবার জাহাজে নিয়ে আসা হলো । এবার আমাদের Casey র পশ্চিমে Mawson এর দিকে রওনা হবার পালা ।

Casey থেকে বরফ ভেঙে সরাসরি Mawson এ যাওয়া সম্ভব না । তাই আমরা প্রথমে Casey থেকে উত্তর দিকে কয়েকশ মাইল ফিরে এসে আবার পশ্চিমের দিকে রওনা দিলাম । এই উত্তর দিকে ফেব্রার সময় এক রাতে হঠাৎ জাহাজের সাথে বরফের প্রচণ্ড ধাক্কা লাগে এবং জাহাজটা

আটকে যায়। চারিদিকে ঘন বরফ, জাহাজ কিছুতেই আর নড়ে না। প্রায় চার পাঁচ ঘন্টা যাবত একটু একটু করে ধাক্কা দিয়ে দিয়ে বরফ ভেঙে অনেক কষ্টে আমরা সেই পুরু বরফ থেকে বের হয়ে আসলাম। বরফ ভাঙ্গার একটা নিয়ম আছে। প্রথমে জাহাজ একটু পেছনে এসে তারপর খুব জোর গতিতে এগিয়ে সামনের বরফের গায়ে ধাক্কা দেয়ে, তখন বরফের মাঝে একটা ফাটল তৈরী হয়। সেই ফাটলে জাহাজটাকে দুই পাশে heel করে ফাটলটাকে প্রশস্ত করা হয়। দুর্ভাগ্যবশত জাহাজের heeling system টা তখন কাজ করছিলনা, তাই বরফ ভেঙে পথ তৈরী করতে সমস্যা হচ্ছিল। অনুসন্ধান করে দেখা গেল যে duct keel এর মধ্যে একটি hydraulic valve কাজ করছে না। সেটা সারানোর জন্য ভেতরে ঢুকতে হবে এবং ভেতরে প্রবেশের পথ খুবই সরু। যেহেতু বাকী সব ইঞ্জিনিয়ারদের মধ্যে তুলনামূলক ভাবে আমিই ছিলাম হাক্কা পাতলা, তাই duct keel এ ঢোকার দায়িত্বটা আমার ঘাড়েই এসে পড়ল। আমি প্রস্তুতি নিচ্ছি ঢোকার, এরই মধ্যে সৌভাগ্যক্রমে প্রধান প্রকৌশলী কয়কবার ভাল্লের সুইচ অন অফ করতে করতে ভাল্ভটি কাজ করতে শুরু করলো আর আমি এই কঠিন কাজটার থেকে বেঁচে গেলাম। যাই হোক এভাবে উত্তরের দিকে আরো অনেকটা যাওয়ার পর জাহাজটা বরফ ছেড়ে পানির কাছাকাছি এসে পৌঁছালেই আমরা দিক পরিবর্তন করে পশ্চিমে Mawson এর দিকে রওনা দিলাম। দুই কি তিনদিন এভাবে চলার পর Mawson station এর প্রায় ১২০ মাইল আগেই আমাদের জাহাজের এগুনো বন্ধ হয়ে গেলো অতিরিক্ত ঘন বরফের কারণে। জাহাজ থেকে তখন হেলিকপ্টার পাঠানো হলো আশেপাশের অবস্থা দেখে আসার জন্য এবং পাইলট এসে জানালেন যে, কোনভাবেই জাহাজ আর আগে যেতে পারবে না, এর মধ্যে আবহাওয়া খুব খারাপ হতে লাগলো। শুরু হলো তুষার ঝড়। বাতাসের সাথে উড়ছে বরফের টুকরা, চোখে কিছুই দেখা যায় না। তখন ক্যাপ্টেনের সিদ্ধান্ত অনুযায়ী জাহাজকে উত্তরে প্রায় ২০ মাইলের মত পিছিয়ে নিয়ে এসে আমরা অপেক্ষা করতে থাকলাম আবহাওয়া ভালো হওয়ার আশায়। তখন ছিলো নভেম্বর মাস, সূর্য ডুবতো রাত বারোটার দিকে। ঘন্টাখানেক twilight এর মত থাকতো তারপরই আবার পরিস্কার। এর মধ্যে একদিন ভোরে জাহাজের deck থেকে জাহাজের একেবারে পাশেই ৪/৫টা তিমি মাছ দেখার সুযোগ হয়েছিল আমার। প্রায় ৭/৮দিন পার হলো কিন্তু আবহাওয়ার পরিবর্তন হলো না। এভাবে আর অপেক্ষা করাও যাবে না কারণ তাতে তেল ফুরিয়ে যাবার ভয় আছে। যেহেতু জাহাজ সেখানে নোঙর করতে পারে না, তাই বরফের গায়ে ঠেস দিয়ে এক জায়গার থাকার চেষ্টা করা হয়। সেই কারণে ইনজিন চালু রাখতে হয়। এন্টার্কটিক ডিভিশন থেকে নির্দেশ আসলো যে ওখানে আর থাকা চলবে না, জাহাজ নিয়ে Davis এর দিকে রওনা দিতে হবে। এটা শুনে আমাদের সবার খুব মন খারাপ হলো কারণ যারা Mawson এ গত এক বছর ধরে আছেন এবং আমাদের জাহাজে করে বাড়ীর ফেরার অপেক্ষায় আছেন, তাদের তো আর এই যাত্রায় বাড়ী ফেরা হবে না! কিন্তু আমাদের ক্যাপ্টেন সিদ্ধান্ত নিলেন পরেরদিন সকাল পর্যন্ত অপেক্ষা করার। আনন্দের বিষয় হলো যে, পরের দিন স্বল্প সময়ের জন্য আবহাওয়া একটু ভালো হলো এবং সেই সুযোগে তিনটি হেলিকপ্টার এ করে জাহাজ থেকে ১৬ জন expeditioner কে Mawson এ নামিয়ে দিয়ে সেখান থেকে ৯ জনকে ফিরিয়ে আনা গেল। আমার মনে আছে সেই ৯ জনের মধ্যে একজন জাহাজ থেকে Hobart এ নামার সময় আমাকে হেসে বলেছিলেন “Thank you so much for bringing us safely back home”. খুব ভাল লেগেছিল ওনার কথাটা।



হেলিকপ্টার অপারেশন শেষ হওয়ার পর সিদ্ধান্ত অনুযায়ী এবার আমরা রওনা দিলাম এন্টার্কটিকের আরেকটি স্টেশন Davis এর দিকে, যার অবস্থান Mawson এবং Casey র মাঝামাঝিতে। Davis এ ৪/৫ দিন আগে খুব ঝড় হয়। সাধারণত ঐ সময়ে Davis এর শোর থেকে প্রায় ৪/৫ কিলোমিটার পর্যন্ত পুরু এবং শক্ত বরফ জমে থাকে যাকে বলে Fast Ice. ওখানে wharf বলে কিছু নেই। জাহাজকে এই fast ice এ ধাক্কা দিয়ে দিয়ে wharf এর মত তৈরী করে নিতে হয়। ধাক্কা দিতে দিতে জাহাজের মোটামুটি পুরো অংশটাই বরফের ভেতরে ঢুকে যায়, শুধু পেছন অংশটা বাইরে থাকে সমুদ্রের দিকে। তখন জাহাজের ইঞ্জিন খুব স্বল্প গতিতে চালু থাকে। আমরা যখন সেখানে পৌঁছাই, ঝড়ের কারণে সেই fast ice ভেঙে মাত্র দুই কিলোমিটারের মত ছিল। এর চেয়ে কমে গেলে আর berthing করা সম্ভব হতো না, আর আমার চিন্তা ছিলো যে berthing করতে না পারলে তো আমি Davis এ নামতে পারবো না। এত আশা করে এসে শেষ পর্যন্ত আমার কি এন্টার্কটিকে এ পা দেয়া হবে না?

যাই হোক আমরা Davis এ পৌঁছালাম ১৯শে নভেম্বর সন্ধ্যায়। Berthing এর জন্য fast ice ভাঙতে প্রায় ৭/৮ ঘন্টা লেগে গেল। পরের দিন ২০ নভেম্বর ভোর বেলায় আমি আর থার্ড ইঞ্জিনিয়ার মিলে জাহাজ থেকে বরফের উপর নামলাম। আমার মনে হলো আমি যেন পৃথিবীর অন্য কোন জগতে এসে পৌঁছালাম। খুব সাবধানে এগোতে থাকলাম কারণ বরফ খুব শক্ত এবং পিচ্ছিল। তবে বুলডজার দিয়ে বরফ ভেঙে বানানো রাস্তা থাকে, সেখান দিয়ে হাঁটতে খুব বেশী অসুবিধা হয়না। হাঁটার পথে অনেক কাছ থেকে অনেক পেঙুইন আর সীল দেখলাম। এভাবে প্রায়দুই কিলোমিটার হাঁটার পরে পৌঁছালাম Davis station এ। বিশ্বাস করতে পারছিলাম না যে আমি দাঁড়িয়ে আছি আমার সেই স্বপ্নের এন্টার্কটিকে। সেই অনুভূতি আর চারিদিকের চোখ জুড়ানো সৌন্দর্য বর্ণনা করার ভাষা আমার নেই।

Davis হলো অস্ট্রেলিয়ান এন্টার্কটিক ডিভিশনের আরেকটি স্টেশন। ওখানে সাধারণত বিজ্ঞানীরা অনেক ধরনের পরীক্ষা নিরীক্ষা করার জন্য থাকেন। গ্রীষ্মে প্রায় ৪০ জনের মত থাকেন, শীতে থাকেন অনেক কম। Davis এ স্যাটেলাইট কমিউনিকেশন স্টেশনও আছে। এমন অনেক বিজ্ঞানী ওখানে ছিলেন যারা পেঙুইন নিয়ে গবেষণা করেন। আবার একজন বিজ্ঞানী আমাকে বলেছিলেন যে ওনারা আলোক রশ্মি আকাশের দিকে নিক্ষেপ করে বায়ুমন্ডল নিয়ে গবেষণা করেন। ঐ আলোক রশ্মি প্রায় ৩০ কিলোমিটার পর্যন্ত আকাশের দিকে চলে যায় যার প্রায় ৯৪ শতাংশ আলো, বায়ুমন্ডলের বিভিন্ন স্তরে প্রতিফলিত হয়ে ফিরে আসে, আর প্রায় ৬ শতাংশ মহাশূন্যে হারিয়ে যায়। আরো নানান রকমের গবেষণা হয় সেই স্টেশন থেকে। কিছুক্ষন ঘোরাঘুরি করে দুপুরের মধ্যে জাহাজে ফিরলাম।

Davis এ একটি দ্বীপ আছে যেখানে তিনজন অভিযাত্রীর স্মৃতিসৌধ আছে। তারা ওখানে কর্মরত অবস্থায় মৃত্যু বরণ করেছিলেন। আমার খুব ইচ্ছা ছিলো সেখানে যাওয়ার। ঐ রাতে জাহাজের থার্ড ইঞ্জিনিয়ার আমাকে বললো যে পরেরদিন সকালে চীফ ইঞ্জিনিয়ার সেখানে যাচ্ছেন। এই কথা শুনে আমি পরেরদিন খুব ভোরে উঠে তৈরী হয়ে বসে ছিলাম এবং উনি বেরিয়ে আসতেই আমি বললাম যে আমি ওনার সাথে যাবো।

২১ শে নভেম্বর সকালে আমরা রওনা হলাম সেই দ্বীপের উদ্দেশ্যে। তখন বরফ খুবই পিচ্ছিল। আমরা আস্তে আস্তে এগুচ্ছি। হঠাৎ দেখি চারটা পেঙুইন! কি যে সুন্দর আর মায়া লাগে দেখলে! ওদের দেখে আমি মাটিতে বসে চুপ করে থাকলাম। ওরা ধীরে ধীরে আমার অনেকটা কাছাকাছি এসে দাঁড়ালো। চীফ ইঞ্জিনিয়ার পেছন থেকে ছবি তুললেন। এই পেঙুইনগুলোকে বলে Adelie Penguin, এদের উচ্চতা ৭০ সেন্টিমিটারের মত আর ওজন হয় ৩ থেকে ৬ কেজি। একটুক্ষণ আমার সামনে থেকে ওরা আবার হেলেদুলে ওদের রাস্তায় চলে গেলো। তারপর আবার চলতে চলতে কিছুক্ষণ পর আমরা সেই দ্বীপের কাছে পৌঁছানোর একটু আগেই হঠাৎ চীফ ইঞ্জিনিয়ার বরফে পা পিছলিয়ে পড়ে গেলেন। আমি খুবই ভয় পেয়েছিলাম কারণ একটু সামনেই বরফের মধ্যে বড় ফাটল ছিল। ভাগ্য ভালো যে কোন বিপদ হয়নি।

এবার আমরা খুব সাবধানে ধীরে ধীরে দ্বীপের উপরে উঠলাম। উঠে চারিদিকে যেই অদ্ভুত দৃশ্য দেখলাম যা কখনো ভোলার না। এখানে দাঁড়িয়ে চীফ ইঞ্জিনিয়ার আমার দিকে ফিরে বললেন, "Isn't it a beautiful creation of God?" কথাটা খুবই খাঁটি বলেছিলেন উনি। দিনটা ছিলো মেঘলা কিন্তু তার মধ্যেও হালকা আলোর আভা, অনেক দূর পর্যন্ত দেখা যাচ্ছিল। চারিদিকে ঘন বরফ, দূরে বরফের ফাঁকে ফাঁকে পানি, পানিতে ভাসছে বরফখন্ড, আরো দূরে পাহাড়, সেই পাহাড়ে কালো সাদার সংমিশ্রণ। আকাশে ভিন্ন রং, শুধু নেই কোন



লোকালয় বা জীবজন্তু, সব মিলিয়ে অদ্ভুত । আমার মনে হয় আমার জীবনে দেখা এটাই ছিলো সবচেয়ে সুন্দর সকাল এবং আমার ভ্রমণের সবচেয়ে উলেখযোগ্য অংশ ।

আমরা জাহাজে ফিরে আসার কয়েক ঘন্টা পর হঠাৎ fast ice এর বিরাট একটা অংশ যার উপর দিয়ে আমরা সকালে হেঁটে গিয়েছিলাম, তা ভেংগে যায় এবং একটা জরুরী অবস্থা তৈরী হয় । তখন ট্রাক এসে দ্রুত জাহাজের পাশে রাখা কন্টেইনারগুলো নিয়ে যায় এবং আমাদের জাহাজ Davis ছেড়ে Hobart এর উদ্দেশ্যে রওনা দেয় ।

১২ দিনের মাথায় আমরা Hobart এ এসে পৌঁছালাম আর শেষ হলো আমার স্বপ্নের ভ্রমণ কাহিনী ।



আব্দুল হান্নান (১০): AMSAয় কাজ করছেন সিনিয়র মেরিন সার্ভেয়ার এবং ইঞ্জিনিয়ারদের পরীক্ষক হিসেবে । তিনি IMOতে AMSAকে প্রতিনিধিত্ব করেন । এছাড়াও AMSAর প্রতিনিধি হিসেবে নিয়মিতভাবে অংশ নেন বিভিন্ন আন্তর্জাতিক সভায় ।



শেষ বিকেলের কফি

ফারহানা তেহসীন খান



কিভাবে যেন জীবন থেকে এতগুলো বছর পার হয়ে গেল। কিভাবে যেন। বুঝিনি। কিভাবে যুবক থেকে প্রৌঢ় হয়ে গেলাম টের পাইনি। ঢাকা শহরটা কিভাবে একটু একটু করে বদলে গেল টের পাইনি। কতগুলো লিপ-ইয়ার চলে গেল ক্যালেন্ডারের পাতা থেকে...টের পাইনি। কখন কালো কেশ সাদা হল, টের পাইনি। রাজপথে কতগুলো উড়াল সেতু তৈরি হয়ে গেল, টের পাইনি। পাইনিতো।

দিন গেছে, বছর গেছে। ঢাকা শহরে হাতির বিল হয়েছে, যমুনা ফিউচার পার্ক হয়েছে, নয়নাভিরাম পাঁচতারা হোটেল হয়েছে, আমার ছেলের ঘরে নাতি হয়েছে, কোনদিকে সময় গিয়েছে টের পাইনি। মনটাও মনে হয় বেশি বুড়িয়ে যায়নি। গিয়েছে কি? এখনো ছুটির বিকেলে ব্যালকনিতে দাঁড়ালে আমি গুনগুনিয়ে উঠি।

মোবাইল বেজে উঠছে। ধরতে ইচ্ছে হচ্ছে না। উপায় নেই। বেজেই যাবে। সুমনার কল। নির্ধাত।

সুমনা, ওপাশ থেকে; এ্যাই কেমন আছ তুমি? ফোন ধরছিলে না ক্যানো?

: ধরলাম তো। তোমাদের খবর কি?

: বালো। তুমি বিসা করাচ্ছ না কেন? ইউ শুড কাম অ্যান্ড সি ইওর গ্র্যান্ড চাইল্ড।

সুমনা 'ব' কে বলে 'ভ' আর 'ভ' কে বলে 'ব'। আমি বললাম: আচ্ছা দেখি।

: দেখি না। টিকেট করে চইলা আসো।

ইনি আমার ধর্মপত্নী। গত পঁচিশ বছর ধরে আমরা একই ছাদের নিচে বসবাস করে আসছি। মানে যদিও সুমনা ছয় মাস আগে লন্ডনে গেছে একমাত্র নাতি দর্শনে। আমি ব্যালকনিতে দাঁড়িয়ে ধানমণ্ডি লেকের দিকে তাকিয়ে কফিতে চুমুক দিচ্ছিলাম। পাশের ব্যালকনি থেকে আগত মৃদু চুড়ির শব্দে পাশ ফিরি। শর্মি ভাবি এসে দাঁড়ালেন। একটা স্মাইল দিলেন। আমি স্মাইল ব্যাক করলাম। ধানমণ্ডির এই অ্যাপার্টমেন্টগুলোর ব্যালকনি টু ব্যালকনি দূরত্ব কম বলে শুধু দেখা নয় বরং কথাও বলা যায়। ছুটির দিনগুলোতে শর্মির সাথে ব্যালকনিতে দেখা হয়। সুমনার সাথে তার বেশ ভাব। দেখা হলে আমিও কথা বলি।

ব্যালকনিতে দাঁড়িয়ে চা-কফি খাওয়ার অভ্যাস আমার বহু পুরানো। যৌবনকালে শুধু চা আর বয়সকালে কফি সংযুক্ত হয়েছে। আমার সন্ধ্যা বেলায় একমাত্র উষ্ণ সঙ্গী।

এই ফ্ল্যাটটা বেশ সুন্দর। ব্যালকনি ছোট হলেও আরামদায়ক। সুমনা গার্ডেন চেয়ার রেখেছে। ছোট ছোট ফুলের টবও শোভা দিচ্ছে। ফ্ল্যাটটা শ্বশুর মশাই থেকে পাওয়া মানে শ্বশুর মশাই এটা উপহার হিসেবে কন্যাকে দিয়েছেন। চার বছর আগে আমার পৈতৃক দোতলা বাড়ির মায়া ছেড়ে আঠারশত স্কয়ার ফিটের এই ফ্ল্যাটবাড়িতে স্থানান্তরিত হই।

সুমনা আমার জীবনের চতুর্থ নারী। এর আগে আরো তিনজন মহিষসী নারী আমার জীবনে আসেন। শেষ বিকেলের কফি হাতে আমি যখন ব্যালকনিতে আসি, তারাও চুপিসারে আমার পিছন পিছন এসে দাঁড়ায়।

এই ব্যালকনি অথবা কফিতে কি যাদু আছে কে জানে। কফির চুমুকে চুমুকে আমি ভাগ-ভাগ হয়ে যাই কিশোর আমি, যুবা আমি, তরুণ আমিতে। তারপর আর কি! শুরু হয় নিজের সাথে নিজের অবিরাম কাটাকুটি খেলা।

সন্ধ্যাবেলায় মৃদু আলো, ক্লাস্ত শরীর, গরম কফি হাতে নিয়ে রাস্তার দিকে তাকিয়ে পার করে দেই ঘণ্টার পর ঘণ্টা।

আমার ছেলেবেলা। দুরন্ত বেলা, কৈশোর, যৌবন সামনের ঐ রাস্তা দিয়েই আমার ব্যালকনিতে উঠে আসে। গোপনে সাথে সাথে উঠে আসে বিগত জীবনের লাস্যময়ী, হাস্যময়ী সরব প্রেমিকারা। সে সময় জীবনকে মনে হত দারুণ এক জমজমাট মেলা। চারদিক এত আলো। প্রেম জমকালো।

সেই প্রথম জনের আগমন আমার যৌবনের উত্থানকালে। সবে কলেজে উঠেছি। চট্টগ্রাম শহরের আশকার দীঘির পাড় সংলগ্ন সড়কের বিপরীত দিকে আমার পৈতৃক নিজস্ব দোতলা বাড়ি। পাশের দোতলার বারান্দায় রোজ একটা মেয়ে আসে। হাতে এক কাপ চা। গ্রীষ্ম ও হেমন্তে, শীত ও বসন্তে। চায়ের কাপে ছোট ছোট চুমুক দেয়। এদিক-ওদিক তাকায়। আমার সাথে চোখাচোখি হয়। খানিকপর চায়ের কাপ হাতে ফেরত যায়।

সালাম জানাই ইংরেজদের যারা চা-পাত্র আবিষ্কার করেছিল। অধিকাংশ বাঙালি ললনা জীবনের কোন না কোন বিকেলে চায়ের কাপ হাতে বারান্দা

বা ব্যালকনিতে এসেছে। চুমুক দিয়েছে, ইতি-উতি দেখেছে, পাশের বারান্দা বা পাশের ছাদের ছেলেটার সাথে চোখাচোখি হয়েছে। ধন্য চা। সালাম চা।
নায়কসুলভ ভঙ্গিতে আমিও চায়ের কাপ হাতে বারান্দায় দাঁড়িয়ে থাকতাম। তার দেখা পাওয়ার আশায়। ধীরে ধীরে জানতে পারি পার্শ্ববর্তিনীর নাম 'সিকো'। এ কেমন নাম! 'সিকো' ঘড়ির ব্র্যান্ড হয় জানি। মেয়েদের নামও হয়! যাই হোক চায়ের সাথে চুমুকে চুমুকে ভালবাসাও পান করছিলাম। সিকো বার্মা বংশোদ্ভূত। ওর বুক সমবয়সী মেয়েদের থেকেও প্রশস্ত ছিল। গায়ের রং বক সাদা। চোখ তো নয় যেন অথৈ জলাশয়। আশকার দীঘির টলমল জল তখন আমার বৃকে বিশাল বিশাল চেউ তুলছে। চেউ তো নয় যেন সুনামি। তাকে দেখে জীবনের প্রথম কবিতা লিখি, তুমি আমার অলিন্দ-নিলয়, তুমি আমার মাথা তোমার জন্য বৃকের ভেতর অজস্র কবিতা গাথা।

আমার জীবনের প্রেমের অধ্যয়গুলোতে ভিলেন ছিলেন আমারই একমাত্র জনক-ফোরকান আলী। পাড়ার লোকেরা বাবাকে সওদাগর ফোরকান আলী ডাকতেন। একদিন বাবার চোখে ধরা পড়ে গেলাম। বারান্দায় দাঁড়িয়ে চায়ে চুমুক দিতে দিতে বার্মিজ কন্যার সৌন্দর্য পান করছিলাম। পেছন থেকে হঠাৎ ফোরকান আলীর আবির্ভাব। চায়ের কাপ কেড়ে নিয়ে সিকোর সামনেই আমার কান ধরে টেনে ভিতরে নিয়ে গেলেন। সেই রাতে আমার ইচ্ছে হয়েছিল স্বেচ্ছা নির্বাসন নেই। সামবডি গিভ মি আ গান, আই উইল কিল ফোরকান আলী। কান টানার ছয় মাস পরেই সিকোর বিয়ে হয়ে যায়।

এরপর জীবনের দ্বিতীয় সুনামী। আমি তখন অনার্স শেষ বর্ষে। ত্রীষণ বিমর্ষ। ভাঙ্গা চোরা মন জোড়া লাগিয়ে ফেললাম যখন প্রথম বর্ষের নবীন বরণ অনুষ্ঠানে নবীনা নুপুরকে দেখলাম। দেখে আমার চোখ ছানাবড়া।

হারমোনিয়াম বাজিয়ে নবীনা গাইলো...

“তুমি যে সুরের আশুন লাগিয়ে দিলে মোর প্রাণে

সে আশুন ছড়িয়ে গেল সবখানে...সবখানে...”

আশুন সবখানে লাগালো কিনা জানি না তবে আমাকে পুড়িয়ে ছাড়খার করে দিল। এ আশুন প্রেমের আশুন।

জীবনের দ্বিতীয় কবিতা লিখলাম

“এমন মেঘলা দুপুর

আজ তোমায় কাছে চাই নুপুর”

এই আশুনখানিও নিভে গেল আমি যখন মাস্টার্স পর্বে আর নুপুর বিবাহ পর্বে। ভার্শিটির গন্ডি পেরোনোর আগেই 'বিবাহ করিব' এই কথা ফোরকান আলীকে বলার সাহস ছিল না।

মাকে বললাম, নুপুরকে বিয়ে করতে না পারলে আমি বাঁচবো না। আব্বাকে বলেন।

ফোরকান আলী সাহেব সেবার কানের বদলে আমার শার্টের কলার ধরলেন।

বললেন, বারমিচ্চা ভুত নামতে না নামতে এইডা আবার কোন ভুত? তোর ভুতের কাথাপুরি।

সামবডি গিভ মি আ গান, আই উইল কিল ফোরকান আলী।

মাস্টার্স পাসের পর ফোরকান আলী সাহেব একদিন বৈঠকখানায় ডেকে বললেন, আটলান্টিক পাড়ি দাও। বড় ডিগ্রি হাসিল কর। জীবনে বড় হও।

মানি নো প্রবলেম। ফোরকান আলী সাহেবের মানি প্রবলেম ছিলনা। হার্টে প্রবলেম ছিল। হার্টকে যে এত তাচ্ছিল্য করে, হার্ট তো তাকে অ্যাটাক

করবেই। তার প্রথম হার্ট অ্যাটাক হয় আমি যখন নিউজার্সিতে। কানাঘুষায় জানতে পারেন লুসি নামের এক মার্কিন ললনার প্রেমে আমি হাবুডুবু।

চারদিক এত আলো, প্রেম জমকালো। লুসিকে নিয়ে জীবনের তৃতীয় কবিতা রচনা করি

তুমি যখন রাজি

মনের ভেতর তখন অজস্র আনন্দের ডিগবাজি।

দেশে ফিরে আসার আগে ফোরকান আলী সাহেবের স্বহস্তে লেখা চিঠিতে জানতে পারি-আমি যদি আমেরিকান ভুত মাথা থেকে না নামাই তাহলে

তিনি যাবতীয় বিষয় সম্পত্তি থেকে আমাকে বঞ্চিত করবেন। দেশে ফিরে উনার গরম বক্তৃতা শুনে প্রেম নয়, মনে জাগলো ত্রাহি সংশয়। জীবনটা

চটুগ্রামের আশকার দীঘি, লালদীঘি অথবা টাইগার পাসের ধার ধরে হেঁটে হেঁটে কাটিয়ে দিতে পারতাম যদি না তিনি আমার জনক হতেন।

সুমনার সাথে বিয়ের সম্বন্ধ করেন বাবা। পারিবারিক আয়োজনে প্রথম সাক্ষাতে মিস্ট্রি মুখের অষ্টাদশীকে বলেছিলাম, ভয় পাচ্ছেন নাকি? ভয় পাবার কিছু নেই।

আমি বয় পাই না।

বেশ। আপনাদের বাসা কোথায়?

আমার ভাসা লন্ডন।

সুমনা 'ব' কে 'ভ' আর 'ভ' কে 'ব' বলল। বিয়ের পরদিন যেদিন আমাকে বলল, বাত দিয়েছি খাবেন চলেন। বুঝলাম আর শোধরাবার নয়। সুমনা ছোটবেলা থেকেই লন্ডনে বড় হয়েছে। সে সিলেটি বলে আর ইংরেজি বলে নির্ভুল। তবে শুদ্ধ বাংলা বলতে পারে না।

সিলেটি পিতার ঔরসজাত লন্ডনী কন্যার পিতার সাথে বাবার কিভাবে পরিচয় হয়েছিল জানা নেই তবে জীবনের শেষ কবিতা লিখলাম-

যে ফোরকান আলী আমার বাপ তার জন্য লাখো অভিশাপ।

আমার একমাত্র পুত্রধন এখন লন্ডনে। নাতী হয়েছে। সুমনা রোজ ফোন করে। একবার ওখান থেকে ঘুরে আসার জন্য অনুরোধ করে।

আমি কফি মগ হাতে সপ্তাহান্তে ছুটি উপভোগ করি। শর্মি ভাবি যখন ব্যালকনীতে আসেন আড়চোখে দেখি, তিনি ঘুনাফরেও টের পান না। ভাবি

সর্বদা এত গোছানো থাকেন কি করে জানি না। পারিপাটি শাড়ির আঁচল, পরিপাটি খোপায় আর হাতের এক গাছি সোনার চুড়িতে সবসময় মোহময়ী। স্বামী রহমান সাহেব দুবাইতে প্রবাসী। বছরে ২/১ বার আসেন। একদিন জানতে চাইলে বলেছিলেন, আবিব এখন প্রায়ই হোস্টেলে থাকে জানেন তো। মাঝে মাঝে বিকেলে আসে। কয়েক রকম নাস্তা বানিয়ে রাখতে হয় ওর জন্য। হঠাৎ কোনদিন ফোন না দিয়েই চমকে দেয়ার জন্য চলে আসে। আমিও তাই রোজ বিকেলে এখানে এসে দাঁড়াই। মনে হয় রাস্তা দিয়ে এই বুঝি আবিবকে দেখে ফেলবো।

একমাত্র ছেলের অপেক্ষায় শর্মি ভাবী প্রায়ই বিকেলে ব্যালকনীতে এসে দাঁড়ান। তাকে দেখতে দেখতে প্রায় বিকেলেই আমার কফি জুড়িয়ে যায়। ছোট্ট ব্যালকনী, শর্মির চিকন হাতের সোনার চুড়ির ঝিলিক, ঘাড়ের কাছে আলগোছে পড়ে থাকা খোপা, কফি মগের উর্ধ্বমুখী বাষ্প দেখতে দেখতে আমি শিখে যাই ভালবাসায় অবসর বলে কিছু নেই।

জানি না কেন তাকে দেখলে পুরনো জীবন চোখের সামনে উঠে আসে। এক লহমায় উঠে আসে আশকার দীঘির কাঁপন কাজীর-দেউড়ি-লাল দীঘির দুপুর অথবা চকবাজারের গরম পেঁয়াজ। স্থির করি তাকে বলবো, আজ বিকেলে আমার সাথে এই ব্যালকনীতে বসে এক কাপ কফি খান। আপত্তি আছে? একটা বিকেল আর এক কাপ কফি এমন বেশি কিছু তো নয়।

সুমনা ফোন করলে বলি। জানো তোমার শর্মি ভাবী আজ মাছ রেঁধে পাঠিয়েছেন, দারুণ স্বাদ।
সুমনা বলে, তুমি শুধু খেয়েই চলেছ তুমি কিছু একটা অন্তত কিনে পাঠিয়ে দাও। একতরফা খেয়ে চলেছ লজ্জা হয় না?
সুমনার কথা মত আমের ঝুড়ি কিনে পাঠিয়ে দেই। শর্মি অনুযোগ করেন এতগুলো আম পাঠিয়েছেন, কে খাবে বলেনতো? কেন যে এত ঋণী করেন।
ইচ্ছে হয় বলি, আমার সাথে বসে এক কাপ কফি খান। তা হলেইতো সব চুকে বুকে যায়।
শেষ বিকেল, ব্যালকনী, গরম কফি, সুমনার কল, শর্মি ভাবী, এই চক্রে জীবন আবর্তিত হতে থাকে। বয়স বাড়ে। অযথা দ্রুততায়।

তারপর হঠাৎই একদিন। রাস্তার ধারে কৃষ্ণচূড়া, নাগরিক কোলাহল, যুবকদের চা টেবিলের আড্ডা, রাস্তার মোড়ের জটলা, সবকিছুই উদাস-উদাস।
বিকেলটা অন্যরকম।

সন্ধ্যে হতেই আকাশটা অন্যরকম।

বারুদের বাতাস।

ধোঁয়াটে বাতাস।

রক্তের গন্ধে দিশেহারা বাতাস।

তারপরই সেই খবরটা সবকটি চ্যানেলের নিউজ করে ছেয়ে গেল। উত্তরার বড় রাস্তার মোড়ে সুপার মলটার সামনে আত্মঘাতী বোমা হামলায় যে চারজন মারা গেছে তার মধ্যে আবিব একজন। টিভি স্ক্রিনে টপ নিউজে খবরটা ছড়িয়ে পড়ছে চারদিক। শুধু তাই নয় হামলাকারীদের জঙ্গি বলে আখ্যায়িত করা হচ্ছে।

দরজায় ধুম ধুম ধ্বনি। সাথে কলিং বেলের তীব্র আকুলতা। দরজা খুলেই দেখি আলু থালু শর্মি ভাবী দাঁড়িয়ে আছেন। বারুদের গন্ধ তার নিঃশ্বাসে ঢুকে গেছে। রক্তে ঢুকে গেছে স্পিন্টার। চারদিক হচ্ছেটা কি? শহরটা কি ধ্বংস হয়ে যাবে হিরোশিমার মত?

পুলিশ আর র্যাবের প্রশ্রবানে জর্জরিত শর্মি ভাবী। রহমান সাহেব আকাশ পথে দেশ অভিমুখে রওনা হয়েছেন। অব্যবহার্য ধারায় মেয়েলী কান্নার শব্দ দেয়াল ভেদ করে আমার ফ্ল্যাটে ভেসে আসে। পাহাড়সম একরকম প্রশ্র নিয়ে আমি ব্যালকনীতে দাঁড়িয়ে থাকি।

বোমা বুকে বাঁধার আগে আবিব কি একবারও তার মায়ের কথা ভাবেনি? একবারও মনে পড়েনি আজ বিকেলে তার মা টেবিলে নাস্তা সাজিয়ে ব্যালকনীতে দাঁড়িয়ে অপেক্ষা করে আছেন? আবিবের কি কোন প্রেমিকা ছিলনা? নূপুরের মত কোন মেয়ে তাকে কখনো ভালবেসে চিঠি লিখেনি? বোমায় নিজেকে জড়ানোর আগে সেই মিষ্টি মুখটার কথা তার মনে পড়েনি? ফোরকান আলীর মত কখনো তাকে তার বাবা কি বলেননি তুই আমার জীবনের সব আশা ভরসা। তাকে আমি কোন ভুল সিদ্ধান্ত নিতে দেব না।

সিকোর বিয়ের পর যেদিন ফুটবল মাঠে কেঁদে ফেলেছিলাম, বুকে জড়িয়ে ধরে টলটল চোখে বন্ধু জামিল বলেছিল-কিছু ভাবিস না, আমরা আছি না? আবিবের কি জামিলের মত কোন বন্ধু ছিল না? বোমায় আষ্টেপৃষ্ঠে নিজেকে জড়ানোর আগে সে কি একবারও কারো কথা ভাবেনি? অভিমানে মুখ লুকাতে চায় আজ এত বড় শহরের রাজপথ। এই শহরে কত বড় বড় রাস্তা, উদ্যান, উড়াল সেতু, ছোট বড় মাঠ, কিন্তু কোথাও শর্মি ভাবীর শ্বাস ফেলার জায়গা নেই।

এক একটা বিকেলে অনায়াসে বদলে যায় এক একটা জীবন। অযথাই। এক বিকেলেই বয়স বেড়ে যায় আমার। অযথাই। শর্মি ভাবীর টেবিলে কফির কাপ আনমনে পড়ে থাকে। আমার হাতে শেষ বিকেলের কফি আনমনে জুড়িয়ে যায়।

ফারহানা তেহসিন খান লেখক এবং ইন্টেরিওর ডিজাইনার। তিনি ক্যাপ্টেন আতিক উল আজম খানের (২৭) সহধর্মিনী। নিয়মিত লেখালেখি করেন 'দৈনিক আজাদী', বিভিন্ন ম্যাগাজিন এবং ফেসবুকে। নাটক লিখেছেনঃ মেঘের পরে মেঘ, সমর্পন (দর্শকের গল্প, এনটিভি)। গ্রন্থপ্রকাশ ব্যাচ, মধ্য নিশীথের নীল, দূরের গাংচিল, কাঞ্চনজঙ্ঘার দেশে। ভ্রমণ করতে ভালবাসেন।



অন্তরালের প্রজ্ঞাপন

তৌহিদা রহমান টিনা



তুমি বলেছিলে, আমার জন্য তুমি
ব্রহ্মচারী হবে-----
আমার হাতটাই ধরে থাকবে
সহস্র শতাব্দীরও ওপারে ।।
কি ভুল ছিল আমার ???
বাউবনে বাতাসেরা শিষ দেয় যেখানে,
জোনাকিদের সাথে শুধু একটুখানি কানামাছি খেলেছিলাম ;
তাতেই রুদ্র হয়ে উঠলে কেন !!

প্রতিনিয়ত সাগরের বুকে যে হাতছানি থাকে
তাকেও অবজ্ঞা করেছি
শুধু তোমার কারণে ।
আমি পরাভূত হয়ে জিতিয়ে দিয়েছি তোমায় ।।

তুমি কথা রাখ নি তো ----
বলেছিলে তোমার রক্তে আর কখনও
উঠবেনা সুনামীর ঢল ।
ভিসুভিয়াস শীতল হয়ে যাবে
তোমার এন্টার্কটিকা বুকে ।
কিন্তু কই; এখন শুনি তোমার বাগানে
বুলবুলিদের গান ।
প্রতি রাতে নতুন টাকার মতোন শরীর
তোমার রাতের ঘুমের মূল উপাদান ।

আমি তোমার কারণে উপেক্ষা করেছি
রামধনুর সাথে ঘুড়ি ওড়ানোর খেলা ।
বৃষ্টির নূপুর পরে ঘাসফড়িং এর সাথে গোল্লাছুট খেলা
তুমিই বন্ধ করে দিয়েছিলে ।
যা আমার জন্য নিষেধাজ্ঞা
তা নিজের জন্য করেছো অপরিহার্য ।।

ভালবাসা যদি হয় দুর্বাঘাসের বুকে
একবিন্দু শিশির কণা,
তবে তোমার-আমার ভালবাসার গাঁথাও
ছোট্ট একটি কুঁচুরির ভিতর বন্ধ জানালার ফাঁকে
হেয়ালীপনায় ঢুকে পরা
একটুকরো রোদ ।

কি দরকার ছিল, আয়োজন করে শপথ নেয়ার ??
বেশ ভালই হতো ,
আর যদি কখনও দেখা না মিলতো
হংস-মিথুন জোড়ার ।
এর মতো নেই কোন বিড়ম্বনা ;
অধিকার একবার বিসর্জন দিয়ে
আবার বৃথা চেষ্টা
তাকে হস্তগত করবার ।

তৌহিদা রহমান টিনা, ফিরোজ কবীর জুয়েলের (২৯তমব্যাচ) সহধর্মিনী । ইংরেজী সাহিত্যে অনার্স সহমাস্টার্স করেছেন । খুব ছোটবেলা থেকেই লেখালেখি করেন । কবিতা, ছোটগল্প লিখতেন নিয়মিত । ১৯৯০ সালে তিনি রংপুর বেতারে রবীন্দ্র সংগীত শাখায় তালিকাভুক্ত হন এবং নিয়মিত গান করেন । জাতীয় শিক্ষা সপ্তাহ প্রতিযোগিতা, জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতাসহ আরও অনেক প্রতিযোগিতায় অংশগ্রহণ করে অসংখ্য পুরস্কার পেয়েছেন আবৃত্তি ও সংগীতের বিভিন্ন শাখায় ।



অনু গল্প

ইমরোজ আহমেদ

(১) বর্ণ ফাইটার

দুপুর লাঞ্ছের পর রুমে বসে আছি। হঠাৎ দেখি কে যেন নক করছে।

কে?? বইলা ডাক দিলাম... কিন্তু দেখি আওয়াজ করে না।

আমি কইলাম...দরজা খোলা, ভিতরে আয়!!

দেখি আমার ফিলিপিনো ডেক রেটিং... ABLE SEAMAN (এবি) জল টলমল চোখে ঢুকল। আমি একটু অবাক হইলাম। সাধারণত ডেকে কোন ক্যাচাল হইলে এবি যাবে সারেং এর কাছে আর সারেং যাবে চীফ অফিসারের কাছে। চীফ অফিসার সিরিয়াস কেস হইলে আমার কাছে আসবে। এটাই নিয়ম। এই ব্যাটা দেখি সরাসরি আমার কাছে আসছে। মনে মনে ভাবলাম সিরিয়াস ক্যাচাল নাকি??

আমি কইলাম... কি হইছে তোর? সে অনেকক্ষণ কথা কয় না! তারপর ফিসফিস করে বলে..আমার ছেলেটা মনে হয় মারা যাচ্ছে?? আমি চমকে উঠলাম।

কয় কি??

আমি বললাম... সোফায় বস। খুইলা বল, কি হইছে??

সে বসল। তারপর বলল.... আমার ছেলে বয়স ১৪ বছর। সকাল থেকে রক্ত বমি করতেছে, জ্বর মাথা ব্যাথা। একঘন্টা আগে হাসপাতালে ভর্তি করছে।

আমি বললাম হাসপাতালে ভর্তি হইলেই কি মানুষ মারা যায়? তুই চিন্তা করিস না...ভাল হয়ে যাবে।

সে আমার দিকে তাকিয়ে একটা মলিন হাসি দিয়ে বলল... আমার ছেলের ব্রেইন টিউমার। বিনাইন টিউমার। ১৮ মাস আগে ধরা পড়ছে। আমি একটু গুগল সার্চ দিয়া বললাম...বিনাইন টিউমার অপেক্ষাকৃত ভালো। সঠিক সময়ে সঠিক চিকিৎসা করলে পুরোপুরি ভাল হয়ে যায়। খারাপ হইল মেলিগন্যান্ট টিউমার।

সে কয়... আমি জানি।

আমি আসলে সান্ত্বনার আর কিছু পাচ্ছিলাম না।

আমি কইলাম... তুই কি বাড়ি যাইতে চাস?? তিনদিন পর জাহাজ তাইপে গেলে আমার লগে নাইমা যাইতে পারিস।

সে কয় ... না না আমি নামুম না। আমি কন্ট্রাস্ট শেষ করে যামু।

আমি চুপ করে রইলাম। সে যেন নিজের সাথে নিজেই কথা বলতেছে; এমন একটা সুরে বলতে লাগল...

আমি যদি জাহাজে টানা এক বছর চাকরি করতে পারতাম ... তাহলে ভাল হইত, আমার অনেক ডলারের দরকার, আমি ওরে সিঙ্গাপুর নিয়ে যাব।

আমি এই বাবার চেহারাটার সাথে পরিচিত। কারন আমার শ্বশুর... আমার হিমানজিওমা রোগী শালীর চিকিৎসা করাতে অনেক কিছুই খুইয়েছেন। তবু আশা ছাড়েননি।

আমি কইলাম... যা তুই গিয়ে রেস্ট নে। চীফ অফিসার রে বলে দিব।

সে আঁতকে উঠে কয় ...না না। আমি কাজ করতে চাই ... আমি চিন্তা করার অবসর চাই না। পারলে আমার অফ টাইমে ব্রিজে থাকার অনুমতি দেন। আমার একা থাকতে ভয় লাগে।

আমার খুব খারাপ লাগছিল। আমি বললাম তোর যা ইচ্ছা কর...

তয় তোর যীশুর কসম... পানিতে বাঁপ দিস না।

সে ফিক করে হেসে দিয়ে বলে...

ক্যাপ !! আমি কখনও ওয়াকওভার দেই না। আমি বর্ণ ফাইটার।

আমার চোখেই এখন জল। মনে পড়ল ২০১৪ সালে জুন মাসে জাহাজে বসে শুনলাম আব্বার কোলন ক্যাপ্টার...ফাইনাল স্টেজ। ইউকে র ডাক্তাররা বলল...আর বড়জোর একবছর আয়ু। না পারছি জাহাজে থাকতে না পারছি নামতে।

কমবেশী প্রায় সব নাবিকেরই এইরকম একটা ঘটনা থাকে। প্রিয়জন চলে যাচ্ছে কিন্তু তার ঠিক টাইমে নামা হয় না। মাঝ সাগরে ভাসতে ভাসতে সে তখন মনের তপ্ত লোহায় রাফ এন্ড টাফ হয় কিংবা আমার এই এবির মত বর্ণ ফাইটার হয়!

(২) শরীরের সবচেয়ে গুরুত্বপূর্ণ বাহ্যিক অঙ্গ কোনটি?

খুব ছোট্ট বেলায় মার এই প্রশ্নের উত্তরে বলতাম "কান"।

মা তার উত্তরে মাথা নেড়ে বলত "না ঠিক হয়নি। পৃথিবীতে অনেক বধির লোক আছে এবং তারা ভালভাবেই বেঁচে আছে। তুমি এই প্রশ্নের উত্তরটা নিয়ে আরও ভাব!! আমি শীঘ্রই এই প্রশ্নটা আবার জিজ্ঞেস করব।

তারপর কয়েক বছর চলে গেল। আমি তখন বালক থেকে কিশোর....

মা আবার প্রশ্নটা করলেন; আমি তার উত্তরে এইবার কনফিডেন্টলি বললাম "দৃষ্টিশক্তি হচ্ছে আমাদের জীবনে সবচেয়ে প্রয়োজনীয়। এটা চোখই হবে।"

মা আমার দিকে তাকিয়ে স্মিত হেসে বললেন "বাছা! খুব দ্রুত শিখছ তুমি। আশা করি সঠিক উত্তরটা সহসাই বের করে ফেলবে। তোমার এই উত্তরটি সঠিক হয়নি কারণ পৃথিবীতে অনেক অন্ধ লোক বাস করে। তারা সবাই অসুখী নয়।"

সঠিক উত্তর দিতে না পেরে আমি খুব হতাশ হলাম। কিন্তু আমি হাল ছাড়লাম না। আরও কয়েকবার এই প্রশ্নের উত্তর মা কে বললাম।

মা প্রতিবারই আমার উত্তর শুনে মাথা নেড়ে বলতেন "তুমি কিন্তু দিন দিন বুদ্ধিমান হচ্ছে, আশা করি সঠিক উত্তরটি পেয়ে যাবে।"

তারপর অনেক অনেক দিন চলে গেছে আমি তখন যুবক পেরিয়ে মধ্য বয়স্ক ... একদিন আমার বাবা মারা গেলেন।

সবাই শোকে বিহ্বল।

আত্মীয়স্বজন, পাড়াপড়শী অনেকেই কাঁদলেন। এমনকি মামা চাচা যাদের কখনও কাঁদতে দেখিনি ... তারাও একে অন্যের কাঁধে মাথা রেখে কাঁদলেন।

বাবাকে কবর দিয়ে এসে আমি যখন অন্ধকার ঘরে মায়ের সামনে দাঁড়লাম ... মা আমাকে ফিসফিস করে বললেন

"তুমি কি এখন বলতে পারবে শরীরের সবচেয়ে গুরুত্বপূর্ণ বাহ্যিক অঙ্গ কোনটি?"

এমন দিনে এই প্রশ্ন শুনে আমি হতভম্ব এবং কিছুটা বিভ্রান্ত। মা তা বুঝতে পেরে জল টলমল চোখে বললেন

"আমার মনে হয় আজ এই প্রশ্নের সঠিক উত্তরটি বের করা তোমার জন্য গুরুত্বপূর্ণ। তুমি শরীরের প্রায় সব অঙ্গের নামই বলেছ। কিন্তু আমি তাতে সাহায্য দেই নি। কারণ আমার মতে শরীরের সবচেয়ে গুরুত্বপূর্ণ বাহ্যিক অঙ্গ হচ্ছে কাঁধ।"

আমি তার উত্তর শুনে অবাক হয়ে বললাম "কাঁধ আমাদের মাথাকে ধরে রাখে বলে ই কি তা গুরুত্বপূর্ণ??"

মা প্রত্যুত্তরে বললেন "ঠিক তা নয় ... কারণ এই কাঁধই মানব শরীরের এমন একটি অঙ্গ যা তোমার নিজের চেয়ে তোমার প্রিয় মানুষটির বেশী দরকার হয়। এই কাঁধই তোমার জীবনের প্রিয় মানুষগুলির মাথা বহন করে... যখন তারা বেদনা বিধুর হয়ে কাঁদে। প্রতিটা মানুষেরই জীবনের কোন না কোন সময় একটি স্বাছন্দ্যময় কাঁধের প্রয়োজন হয় যার উপর মাথা রেখে সে নিশ্চিন্তে কাঁদতে পারে। আমি আশা করি তোমার জীবনে প্রয়োজনের দিনে এমন কাঁধের সংখ্যার যেন অভাব না হয়।"

মা আর কোন কথা না বলে আমার কাঁধে মাথা রেখে অনেক অনেকক্ষণ কাঁদলেন। আমি তার কান্নার মাঝখানে ভাবতে লাগলাম...

People will forget what you said.

People will forget what you did.

BUT, People Will NEVER Forget

How You Made Them FEEL.

(বিদেশী গল্পের ছায়া অবলম্বনে একটি অনু গল্প)

ইমরোজ আহমেদ (২৭): একটি শীপ ম্যানেজমেন্ট কোম্পানীতে ক্যাপ্টেন হিসেবে কর্মরত। বিএমটিআই'তে খন্ডকালীন শিক্ষকতা করেন। মেরীন একাডেমীর ২৭তম ব্যাচের এক্স ক্যাডেট।



মানুষ খেকোর দেশ “পাপুয়া নিউগিনি”

খালিদ মাহমুদ



রাতের খাবারের সময় ক্যাপ্টেন জানাল জাহাজ মালয়শিয়ায় ডিসচার্জ শেষে পাপুয়া নিউগিনি যাচ্ছে। একটা সময় নতুন দেশের প্রতি বেশ আগ্রহ ছিল। এখন তেমন আগ্রহ পাই না। কিন্তু চীফ অফিসারের কথাতে আমার আগ্রহ তৈরি হল। সে কয়েক বছর আগে এখানে এসেছিল। বাইরে বেড়াতে গিয়ে বেশ নাজেহাল হয়েছিল। কোন দোকান-পাট নেই। সন্ধ্যার পর কোন লোকজন কোথাও পাওয়া যায় না। তার চেয়েও বড় ব্যাপার সন্ধ্যার পর বিদেশীদের চলাচলের উপর নিষেধাজ্ঞা আছে। কারণ এখানকার আদিবাসীরা এখনও নাকি মানুষখেকো!!! এবং সে মানুষখেকোদের তাড়া খেয়েছে!! আমরা ঘটনাটি হেসে উড়িয়ে দিলাম। সবাই মিলে চীফ অফিসারকে নিয়ে হাসাহাসি শুরু করল। কারণ ছেলোট একটু ভীতু টাইপের।

পরের দিন ক্যাপ্টেন আমাদের জানাল অফিস থেকে বলা হয়েছে যে, এখানের চারটা পোর্টের ভিতর একমাত্র পোর্ট লেই ছাড়া অন্যকোন পোর্টে বেড়াতে যাওয়া নিষেধ। অফিস থেকে বেশ কিছু সতর্ক বার্তা এসেছে। বলা হয়েছে, জরুরী প্রয়োজন ছাড়া কেউ যেন বাইরে না বের হয় কিংবা বের হলেও যেন দলবেধে যায়। ক্যাপ্টেন সবাইকে বাইরে না বের হবার জন্য বলে দিল। কিন্তু ব্যাপারটা আমরা মানতে পারলাম না। কারণ পাপুয়া নিউগিনি এসে রাবাউল সিটি দেখব না, সেটা হবে না। ক্যাপ্টেনকে সবাই মিলে অনুরোধ করায় উনি শর্ত সাপেক্ষে রাজি হলেন।

রাবাউল বিভিন্ন কারণে বিখ্যাত। এখানে এখনও জীবন্ত আগ্নেয়গিরি আছে। এর তাড়ুরতুর আগ্নেয়গিরি নিজ চোখে দেখে আসলাম। এই শহর এক সময় ছিল পাপুয়া নিউগিনির রাজধানী। কিন্তু জীবন্ত আগ্নেয়গিরি/সুন্‌মি/ ভূমিকম্প'র মত প্রাকৃতিক অগ্রাসনে এ শহরের জনপদ বারবার ধ্বংস হয়েছে। সর্বশেষ ১৯৯৪ সালে আগ্নেয়গিরি থেকে নির্গত ছাই পুরো শহর ঢেকে দেয়। এরপর শহরটি এখান থেকে সরিয়ে নেয়া হয়। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় জাপান এই শহরটিকে নেভাল বেস হিসাবে ব্যবহার করে। আমেরিকার পার্ল হারবার আক্রমণের পর জাপানের যুদ্ধ জাহাজ, যুদ্ধ বিমান এখানে এসে ঝাঁটি করে। এরপর মিত্র বাহিনীর ব্যাপক আক্রমণে শহরটি ধ্বংস হয়ে যায়। জাপানের অনেক যুদ্ধ জাহাজ এখানে এখনও ডুবে আছে। রাবাউলের সমুদ্রের পানি অনেক স্বচ্ছ যা আন্ডার ওয়াটার ডাইভিং এর জন্য উপযুক্ত। এছাড়াও মাছ ধরা, পাখি দেখা, ট্র্যাকিং এবং সার্কিং এর জন্য জায়গাটা প্রসিদ্ধ।

আমরা পোর্টে ঢুকতে ঢুকতে সন্ধ্যা হয়ে গেল। লোকাল এজেন্ট আমাদের কিছুতেই বাইরে যেতে দেবে না। তবে আমরা হতাশ হইনি। কারণ, কার্গো ডিসচার্জ করতে বেশ কিছুদিন লাগবে। সাধারণত বিভিন্ন দেশের পোর্টে আমাদের একদিনের বেশী থাকা হয়ে উঠে না। কিন্তু পাপুয়ানিউগিনিতে তেমন তাড়া নেই। আমরা যাদের কার্গো নিচ্ছি তারা সুদূর ডাচ দেশের নাগরিক। তাদের অফিসের কিছু উচ্চপদস্থ কর্মকর্তা আমাদের জাহাজ ভিজিটে আসলো। আমরা দেশীয় ঐতিহ্য অনুযায়ী আপ্যায়ন করলাম। ওরা যাওয়ার সময় আমাদের দাওয়াত করে গেল। কাছেই পাহাড়ের উপর তারা রিসোর্টের মত আবাসিক এলাকা বানিয়েছে। সেখানে একটা অফিসার্স ক্লাবও আছে। বিকালে সদলবলে বেড়াতে গেলাম সেই রিসোর্টে। উঁচু পাহাড়ের একদম চূড়ায় সেই রিসোর্ট এবং ক্লাব। সেখান থেকে সেই দ্বীপের সবটুকু দেখা যায়। এমন অপরূপ দৃশ্য আর কখনো দেখেছি মনে পরে না। সেই ক্লাবে পরিচয় হল এক শিক্ষিত আদিবাসীর সাথে। তার নাম এরেস্ক্স কাপা। অনেক কষ্টে ওকে রাজি করানো হল। সে আমাদেররকে আদিবাসী গ্রামে এবং তাড়ুরতুর আগ্নেয়গিরি কাছাকাছি নিয়ে যাবে। বিনিময় তাকে এক প্যাকেট সিগারেট এবং পুরানো ১-২ টা কাপড় দিলেই হবে। জীবনে এই প্রথম কোন জীবন্ত আগ্নেয়গিরি দেখলাম। সে অনুভূতি লিখে প্রকাশ করা যাবে না। তবে বেড়ানোর কথা যতটা সহজে লিখলাম যাওয়াটা ততটা সহজ ছিলনা।

এলেক্স কাপাকে এখন আর কিছু দিতে হয় না। সে পুরোদস্তুর আমাদের জাহাজের একজন সদস্য হয়ে গিয়েছে। সকালেই চলে আসে। আমাদের সাথে নাস্তা করে। যে যেদিকে যায় নিয়ে যায়। একদিন ওর সাথে স্থানীয় বাজারে গেলাম। বড় বড় বন মোরগ দেখে অনেক লোভ হল। কিন্তু দামে কুলাল না। সব কিছুর এত দাম!!!! এলেক্স আমাদের সস্যার সমাধান করে দিল। এখানে টাকা দিয়ে কোন কিছু কেনার চাইতে বিনিময় প্রথায় খরচ কম পড়ে। সে আমাদের বলল, জাহাজের ১৮/২০ লিটারের রং কিংবা কেমিকালের খালি ড্রামের বিনিময়ে চার-পাঁচটা বন মোরগ পাওয়া যাবে। এসব খালি ড্রাম আমরা সাধারণত ময়লা আবর্জনার সাথে ফেলে দেই। কিন্তু এখন তা খুবই মূল্যবান হয়ে উঠল আমাদের জন্য। দুইশত লিটারের খালি ড্রাম দিয়ে আমরা শ'খানেক ডাবও নিলাম। ছোট ছোট নৌকায় দু'জন আদিবাসী মিলে আমাদের জাহাজের আশেপাশে সারাদিন লবস্টার ধরতো। আমরা আবিষ্কার করলাম ওদেরকে একবাটি ভাত এবং কিছু রান্না করা মাছ-মাংস দিলেই চার-পাঁচটা

লবস্টার পাওয়া যাচ্ছে। শেষমেশ একটা লবস্টারের মূল্য দাঁড়াল এক প্যাকেট ইনস্ট্যান্ট নুডুলস!

আমাদের জাহাজ থেকে প্রায় ১২/১৩ মাইল দূরে একটা দ্বীপের খোঁজ পেলাম যেখানে হাত দিয়ে লবস্টার ধরা যায়, বিভিন্ন মাছ পাওয়া যায় এবং কিছু আদিবাসী সেখানে থাকে। জাহাজে এখন কাপা ছাড়াও আরো ভলান্টিয়ার এসে গেছে। তাদের একজনের সাথে চুক্তি হলো। তার নৌকায় যাওয়া আসার তেল আমরা দিবো, সাথে খানাপিনা এবং পুরানো কাপড়। আমরা সাত জনের একটা দল রওয়ানা হলাম। সেই দ্বীপে আদিবাসী দেখে খুব অবাক হলাম। তাদের কোন বাড়ির নেই। গাছের ছাপড়ায় বাস করে। একটা দুটো বড় গামলার মত পাতিল তাদের একমাত্র আসবাব। পুরুষরা মাছ ধরে আর মহিলা, বাচ্চা-কাচারি বন থেকে ফলমূল, লতাপাতা নিয়ে আসে। সন্ধ্যার আগে তা জ্বাল দিয়ে খেয়ে ঘুমিয়ে পরে। ওখানে বিদ্যুত নেই, ওরা নদীর পানি খেয়ে থাকে। সবার গায়ে গাছের ছাল। পশুর চামড়া দিয়ে সামান্য লজ্জা নিবারণ করে। বাচ্চাকাচ্চা সব নাংগা। এই পৃথিবীতে এমন ভাবে কেউ বাস করে? নিজ চোখে না দেখলে বিশ্বাস করতাম না।

একবার বনে দেখলাম আমাদের দেশের মত কাঁচামরিচের গাছ। ওদের একজনকে বললাম আমাদের জাহাজে এগুলো দিলে পুরানো কাপড় দেয়া হবে। পরের দিন তারা মোটামুটি ৩০/৩৫ টা মরিচসহ পুরো গাছ উপড়ে নিয়ে এসেছিল।

পাহাড়ে, বনে ইচ্ছে মত ঘুরেছি। কখনো ওদের নৌকা নিয়ে আশেপাশের দ্বীপে গিয়েছে। মাছ ধরেছি, সাঁতার কেটেছি। পাপুয়া নিউগিনিতে প্রায় ১২ দিন ছিলাম। সেই ১২ দিনের স্মৃতি এখনো ভুলি নি। ওখানকার লোকজন খুবই লজ্জিত হয়, তাদের মানুষখেকো বললে। তবে অস্বীকার করে না। তাদের সাথে মিশে আমার কখনোই মনে হয়নি এই লোক গুলো জ্যান্ত মানুষ খেয়ে ফেলতে পারে। আমরা চলে আসার মাস ছয় পরে বিশ্ব মিডিয়ায় ফলাও করে খবর আসল, পাপুয়া নিউগিনিতে মানুষ খাবার গল্প। ইউকের টেলিগ্রাফ পত্রিকার ভাষ্য অনুযায়ী সাতজন হারিয়ে যাওয়া ডাক্তার এবং পুলিশের খোঁজ করতে গিয়ে পাওয়া যায় মানুষখেকো কাহিনি। আটক ২৯জন আদালতে স্বীকার করেছে তারা ডাক্তারদের খেয়ে ফেলেছে। তাদের ধারণা ডাক্তার খাওয়ার ফলে তাদের আর রোগবলাই হবে না এবং তারা ডাক্তারদের অর্জিত জ্ঞান অটোম্যাটিক পেয়ে যাবে! বসে বসে ভাবছিলাম, যাদের সাথে ১২টা দিন ঘুরে বেরিয়েছি তাদের যদি মেরিন ইঞ্জিনিয়ার হবার ইচ্ছা জাগত? তবে কি আমি এই গল্প লিখতে পারতাম?

খালিদ মাহমুদ (২৯): বিভিন্ন ব্লগে নিয়মিত লেখালেখি করেন। রম্য রচনার প্রতি বিশেষ ঝোঁক আছে। জাহাজে কর্মরত, প্রধান প্রকৌশলী হিসেবে।

MARITEC
MARITEC PTE LTD
192 Pandan Loop #05-27 Pantech Business Hub
Singapore 128381
Tel: (65) 6271 8622 Fax: (65) 6271 9236
Email: sales@maritec.com.sg
Website: www.maritec.com.sg

Fuel Testing Programme
Fast and accurate response from ISO Accredited Lab

Bunker Quantity Survey
ISO Accredited inspection service ensures impartial measurement with high emphasis on integrity

Lubricant Testing
Comprehensive testing and advice for condition monitoring

Line Sampler
DNV-GL approved for custody transfer sampling

DNV-GL, bizSAFE₃, SAC-SINGAPORE, SAC-SINGAPORE

মহা৩৭০

জহুরুল হক

(এটি একটি বৈজ্ঞানিক কল্পকাহিনী। বাস্তবের কোন ঘটনার সাথে এর সম্পর্ক নাই।)



ইয়লামলামপুর বিমানবন্দর থেকে রাত ন'টায় যে বোয়িং ৭৭৭ ফ্লাইট নং মহা৩৭০ উডোজাহাজটা ছেড়ে যাবে জিংজিং অভিমুখে সেটা তের নং গেটে অপেক্ষমাণ আছে। যাত্রীরা চেকইন শেষ করে বোর্ডিং ব্রিজ পার হয়ে উডোজাহাজে উঠে যার যার আসন খুঁজে নিয়ে আয়েশ করে বসছেন। কেউ কেউ আবার পাশের যাত্রীর সাথে খোশ গল্প জুড়ে দিয়েছেন এরই মধ্যে। তবে যাত্রীরা বা প্লেনের জুরা বা এয়ারপোর্টের কর্মীরা কেউ খেয়াল না করলেও এই প্লেনের সাধারণ ইকোনমি ক্লাসে যে একজন অসাধারণ যাত্রী যাচ্ছেন তা বলার অপেক্ষা রাখে না। এইতো মাত্র কিছুদিন আগেই এই অসাধারণ যাত্রী মিস সামিয়া ইদ্রিস এক যুগান্তকারী ঘটনা ঘটায় সারা বিশ্বে হৈচৈ ফেলে দিয়েছিলেন। তাঁর ছবিসহ খবর বেরিয়েছিল পৃথিবীর সমস্ত খবরের কাগজে। বিবিসি, সিএনএন এর মত ইয়া বড়বড় টিভি চ্যানেলগুলো এই ডক্টর সামিয়া ইদ্রিসের খবর হেডলাইন করেছিল। তাঁর ছবি এতই প্রচারিত হয়েছিল যে আজ বিমানবন্দরে সরাসরি তাঁর দিকে যে কেউ তাকালে আজ ধরে ফেলতে পারতো ইনিই সেই বিখ্যাত পদার্থবিজ্ঞানী সামিয়া ইদ্রিস। কিন্তু বাস্তবে মানুষ কখনো বিখ্যাত কোন ব্যক্তিত্বকে এভাবে এত সাধারণ যাত্রীর বেশে রাস্তাঘাটে বা বিমানবন্দরে দেখে থাকে না বা দেখার আশাও করে না। কাজেই আজকের এই ফ্লাইটে যে এতবড় বিজ্ঞানী যাত্রী হয়েছেন তা কারো নজরেই এলো না। এমনকি ইমিগ্রেশন অফিসাররা তাঁর পাসপোর্টে সিল মারার সময়ও খেয়াল করলেন না তাঁরা কার পাসপোর্টে সিল মারছেন। প্রতিদিন তাঁরা এমন কত হাজারো সামিয়ার পাসপোর্টে সিল মেরে থাকেন, কাজেই কোথাকার কোন সামিয়া এলো বা গেল তাতে তাঁদের কিছু এসে যায় না।

সামিয়ার বাবা মরহুম ডক্টর ইদ্রিস হচ্ছেন পৃথিবীর একজন টপ লেভেলের পদার্থবিজ্ঞানী। মরহুম বলার কারণ এই নয় যে তিনি মারা গেছেন। আসলে তিনি অনেকদিন আগে বিমানযোগে আমেরিকা থেকে দেশে ফেরার পথে বিমানটি আকাশে নিখোঁজ হয়ে যায়। কোন যাত্রী বা ক্রুদের কোন খোঁজ পাওয়া যায়নি আজ অন্ধি। সেই কারণে টেকনিক্যালি তাঁকে মরহুম বলা হচ্ছে। তিনি মাইক্রোওয়েভ ফ্রিকোয়েন্সী এবং মহাজাগতিক রেডিও ফ্রিকোয়েন্সীর উপর গবেষণায় বিশেষ অবদান রেখেছিলেন। একমাত্র সন্তান সামিয়াকে তিনি তাঁর সমস্ত জ্ঞান ও বিদ্যা বিদূষী করে গেছেন। মেয়েকে নিজের বিষয় নিয়ে পড়াশোনা করিয়েছেন। সামিয়া উচ্চতর পদার্থবিজ্ঞানে যখন আমেরিকার প্রথম সারির এক বিশ্ববিদ্যালয়ে ফেলোশিপ করছিল তখনই তাঁর লেখা সুপার হাই ফ্রিকোয়েন্সী (SHF) বিষয়ক থিসিস আমেরিকার এক সাইন্স জার্নালে প্রকাশিত হয়। এই লেখা পড়ে নাসার বড়বড় বিজ্ঞানী তো বটেই, এমনকি নাসার ডিরেক্টর সাহেবেরেও টনক নড়ে যায়। পরের দিনই সামিয়া নাসায় কাজ করার এক বিশাল অফার পেয়ে যায়। এরপর আর পিছু ফিরে তাকাতে হয়নি। নাসার ল্যাবে সামিয়ার গবেষণা আরও জোরদার বেগে এগিয়ে চলে। সেখানে তার সহ গবেষক বৈজ্ঞানিক লিং ফেং হাই তার সাথে রাতদিন এক করে গবেষণা করতে থাকেন। একদিন তাঁরা ধরতে পারলেন তাঁদের পাঠানো রেডিও সঙ্কেত পৃথিবীর একশো চক্রিশ কোটি মাইল দূর থেকে কেউ রিসিভ করছে এবং সেটার উত্তর পাঠাচ্ছে। তাঁরা সাথে সাথে ঘটনাটা উদ্ভবতন কর্তৃপক্ষকে জানানেন। কর্তৃপক্ষ গভীর আগ্রহে ব্যাপারটার সত্যতা অনুধাবন করতে পারলেন এবং অনতিবিলম্বে এই আবিষ্কারের বিশদ রিপোর্ট দাখিল করতে নির্দেশ দিলেন। আড়াইশো পৃষ্ঠার বিশদ রিপোর্ট দাখিল করার মাসখানেক পর তাঁদের দুজনকে ডেকে লাইন ম্যানেজার কড়া ভাষায় বুঝিয়ে দিলেন যে তাঁরা তাঁদের বিষয় বহির্ভূত কাজ করছেন যে কাজের জন্য তাঁদেরকে মাইনে দিয়ে রাখা হয়নি। তাঁদের আর নাসায় কাজ করার দরকার নাই, অতএব, তাঁরা বিদায় নিতে পারেন। অর্থাৎ ভদ্রভাবে চাকরি থেকে ছাড়াই। এরপর সামিয়া মন খারাপ করে নিজ দেশে ফিরে গিয়ে বাবার ফার্ম হাউসে থাকে আর গবেষণা চালিয়ে যায়। বিশেষাদী করল না, তার সমকক্ষ বরই বা পাবে কোথায়। লিং ফেং কে যে একটু মনে ধরেনি তা না, কিন্তু বিধি বাম, দুজনে আজ পৃথিবীর দুই প্রান্তে।

গবেষক লিং ফেং হাই তাঁর নিজ শহর জিংজিং ফিরে গিয়ে সেখানকার বিশ্ববিদ্যালয়ের মহাকাশ গবেষণা বিভাগের প্রফেসর হয়েছেন। দুজন দুদেশে বাস করলেও তাঁদের মধ্যে খুব ঘনিষ্ঠ যোগাযোগ আছে। মহাজাগতিক ফ্রিকোয়েন্সী নিয়ে গবেষণা এগিয়ে চলেছে দুজনের যোগাযোগ আর আলোচনার মধ্য দিয়ে। সামিয়ার সমস্ত গবেষণার দলিলপত্র আর থিসিস নাসা কর্তৃপক্ষ বাজেয়াপ্ত করে রেখে দিলেও মানুষের ব্রেন বিদ্যা তো আর বাজেয়াপ্ত করা যায়না, সামিয়া আবার নতুন করে খাটাখাটনি করে তার গবেষণাকে একটা মোটামুটি ফলপ্রসূ অবস্থানে দাঁড় করিয়েছে এবং সুপার হাই ফ্রিকোয়েন্সী রেডিওর একটা মডিউলও দাঁড় করিয়ে ফেলেছে। এখন বাকী শুধু লিং ফেং এর সহায়তায় যন্ত্রটার একটা বাস্তব রূপ দেয়া, আর তাহলেই মহাজাগতিক প্রাণীদের সাথে আবার যোগাযোগ শুরু করার একটা সম্ভাবনা দেখা দিতে পারে। এই যোগাযোগ একবার বাস্তবায়িত হলে সারা দুনিয়ায় শোরগোল পড়ে যাবে। নাসা তখন হায় হায় করবে যে তাদের বোকামির কারণে কত বড় রত্ন তারা হারিয়েছে।

সামিয়া আজ ফ্লাইটে উঠেছে জিংজিং গিয়ে লিং ফেং এর সাথে কাজ করার জন্য। মডিউলটা কেবিন লাগেজেই নিয়েছে, পাছে আবার চেক ইন লাগেজ থেকে হারিয়ে যায় সেই ভয়ে।

যথাসময়ে প্লেন টেক অফ করেছে। বিমানবালারা যাত্রীদের মাঝে রাতের খাবার বিলিবণ্টন করতে শুরু করেছে। পিছনের সীটে এক যাত্রী খাবারের মান নিয়ে গণ্ডগোল শুরু করেছে। সব ফ্লাইটেই এরকম দু'একটা বেয়াদব যাত্রী থাকে। পৃথিবীর নামীদামী এয়ারলাইন্স এটা। এরা জানে কিভাবে বেয়াদব যাত্রীদের সাইজ করতে হয়। সাইজ হয়ে যাত্রীটি খুশিতে গদগদ হয়ে ভাববে কেমন শায়েস্তা করলাম এই প্লেনের ক্রুদের। এয়ারলাইন্সের তাতে কিন্তু কিছুটিও হবে না।

সামিয়া চারটে খাবার চটজলদি খেয়ে নিয়ে তার থিসিস নিয়ে বসল। জিৎজিৎ পৌঁছানোর আগেই যতটা সম্ভব থিসিসটা আরেকবার রিভাইস দিয়ে নিতে চায় সে।

প্লেন আকাশে উড়ার ঘণ্টা দেড়েক মত হয়েছে, যাত্রীরা বেশীর ভাগই ঘুমিয়ে পড়েছে। অন্ধকার আকাশে বহু বহু দূরে হাজারো তারা মিটমিট করে জ্বলতে দেখা যাচ্ছে প্লেনের জানালা দিয়ে। এরই ভিতরে কোন একটাতে বুদ্ধিমান প্রাণী আছে যারা হয়ত পৃথিবীর মানুষের সাথে যোগাযোগে সক্ষম হতে যাচ্ছে অচিরেই।

থিসিস পড়তে পড়তে কখন যেন একটু ঝিমিয়ে পড়েছিল সামিয়া।

হঠাৎ প্লেনটা প্রচণ্ড এক ঝাঁকুনি খেল, সব আলো নিভে গেল একসাথে। কিছু যাত্রী আতঁচিৎকার করে উঠল। সামিয়ার মাথাটা সামনের আসনে বাড়ি খেয়ে ঝিমঝিমিয়ে উঠল। প্লেনের ইঞ্জিনের শব্দ থেমে গেল। এরপর আর কিছুই মনে নেই সামিয়ার।

এরপর সামিয়ার ঘুম যখন ভাঙলো তখন সে দেখতে পেল একটা লম্বা ঘরের ভিতর খাটে শুয়ে আছে সে। সারা শরীরে নানান ধরণের নল আর কেবল আর প্রোব লাগানো। কয়েকটা রোবট এদিক সেদিক হাঁটহাঁটি করছে। একটু পরেই একটা অদ্ভুত আকৃতির মেয়ে ঘরে ঢুকল। পিছন পিছন আসছে আপ্রন পরা এক বুড়ো মানুষের মত একটা প্রাণী। সামিয়া চমকে উঠল তার বানানো মডিউলটা বুড়োর হাতে দেখে। সাথের মেয়েটা সামিয়ার কানে একটা বিশেষ ধরণের হেডফোন লাগিয়ে দিল। হেডফোনের কেবলটা বুড়োর গলায় ঝুলানো একটা ছোট যন্ত্রের সাথে যুক্ত।

বুড়ো যান্ত্রিক স্বরে কথা বলছে, আর অবাক ব্যাপার সামিয়া বুড়োর কথা পরিস্কার তার নিজ ভাষায় শুনতে পাচ্ছে! বুড়ো বলছে, 'তুমি এই যন্ত্র বানিয়ে আমাদের গ্রহের সাথে যোগাযোগের চেষ্টা চালিয়ে যাচ্ছ বেশ কিছুদিন ধরে তা আমরা ধরতে পেরেছি। তোমার পাঠানো সিগন্যাল পাবার পর থেকেই আমাদের মহাকাশ গবেষণা কেন্দ্র থেকে ডিসিশন নেয়া হয়, যেমন করেই হোক তোমাকে আমরা গবেষণা কাজের জন্য আমাদের এই গ্রহে নিয়ে আসবো। কিন্তু আমাদের মহাকাশযান তোমাদের গ্রহে ল্যান্ড করার সাহস পাচ্ছিলাম না, কারণ তোমাদের গ্রহটা এত বেশী দূষিত করে ফেলেছে তোমরা, যে আমরা দূষণের ভয়ে নামতে পারিনি। তবে যেদিন তুমি আকাশ পথে পাড়ি দিলে সেদিন আমরা ঠিক করলাম তোমাকে সহ পুরো বিমানটাই আমরা পুরে ফেলবো আমাদের বিশাল মহাকাশযানে, তারপর নিয়ে আসবো আমাদের এই গ্রহে, যেমন করে এনেছিলাম তোমাদেরই আরেকজন জ্ঞানী মানুষকে অনেক বছর আগে। সে ভদ্রলোকও বেতারের মাধ্যমে আমাদের সাথে যোগাযোগের চেষ্টা করেছিল।

সামিয়া এবার চমকে উঠল, তার মানে বাবাকেও এরা এভাবে এখানে এনে রেখেছে?

এবার সামিয়া মুখ খুলল, 'বিমানের বাকী সব যাত্রীকে কী করছে?'

'দেখ, বাকীসব যাত্রীদের নিয়ে আমাদের মাথাব্যথা নাই খুব একটা, আপাততঃ ওদের শরীরের অণু পরমাণুগুলোকে সঙ্কুচিত করে ওদেরকে ক্ষুদ্রাতিক্ষুদ্র বানিয়ে বিশেষায়িত হিমাগারে সংরক্ষিত করে রাখা হয়েছে। ভবিষ্যতে গবেষণার প্রয়োজন হলে ওদেরকে আবার পুনরুজ্জীবিত করা হতে পারে'। মেয়েটা বলল কথাগুলো এতক্ষণ।

'এবার চল আমাদের সাথে, তোমাকে বিশেষায়িত কক্ষে নিয়ে যাবো আমরা, সেখানে কিছুদিন বিশ্রামে থাকবে তুমি'।

সামিয়াকে ওরা হাঁটিয়ে নিয়ে চলল খানিকটা দূরের একটা কক্ষে। সে কক্ষে স্ফটিকের এক বিশাল বাস্কে শুয়ে আছেন যে মানুষটা, তাঁকে দেখে সামিয়ার বুক ফেটে কান্না বেরিয়ে এলো। শুয়ে আছেন তার বাবা ডক্টর ইদ্রিস!

হাউমাউ করে সামিয়া কাঁদছে, কিন্তু এই গ্রহের মেয়েটা বা বুড়োটা, দুজনেই হাঁ করে তাকিয়ে আছে, তারা বুঝতে পারছে না সামিয়ার কান্নাটা। তাদের অনুবাদক যন্ত্রটাতে সামিয়ার কান্না অনুবাদ করার সফটওয়্যার ইনস্টল করা নাই। পৃথিবীর সেরা বুদ্ধিমান প্রাণীর কান্নাটাকে একটা বিদঘুটে ঘোঁত ঘোঁত শব্দ ছাড়া আর কিছুই মনে হচ্ছে না তাদের কাছে।

জহুরুল হক (২১): জন্ম চাঁপাইনবাবগঞ্জ। জন্মের তারিখ, যা পাসপোর্টে বা সার্টিফিকেটে লেখা আছে তা ভুল। পড়াশোনা অগণিত বিদ্যালয়ে আর জ্ঞানার্জন করে চলেছেন প্রকৃতির বিশাল জ্ঞানভাণ্ডার থেকে। পড়াশোনায় সাধারণ। মেরিন একাডেমীর ২১তম ব্যাচ। বিলাতের নরদামব্রিয়া বিশ্ববিদ্যালয় থেকে নৌ প্রকৌশল বিদ্যায় স্নাতক। গল্প টোল লেখায় তেমন হাত নেই, শখের বেশে লেখেন, নিজের দেখা কিছু ঘটনার সাথে খানিকটা মনের মাধুরী আর খানিকটা কল্পনা মিশিয়ে। পাঠকের দেওয়া সুনাম দুর্নাম দুটোই সসম্মানে মাথা পেতে নেন এই প্রচারবিমুখ নিভৃতচারী লেখক।



আমার আমি

মোহাম্মদ মাহবুবুর রহমান (রূপক)

আদর করে সবাই আমায় দিঘী বলে ডাকতো ।
হয়তো লম্বা এলোকেশী ছিলাম বলে, নাকি
কাজল কালো চোখ ছিল বলে কিনা জানিনা
তবে এটা হলফ করে বলে পারি ভালবাসায় লেপ্টে ছিলাম ।

আমার আমিত্ব খোলশ থেকে বের হলো
যৌবনের ছোঁয়া পাওয়ার পর,
আর এই আমিত্ব বিলিয়ে দিলাম জীবন সঙ্গী পাবার পর ।
ভালবাসার বোতল ভূতটা বোতলেই বন্দী হয়ে রইলো,
জীবনের উঁচু নিচু পথটা চলতে গিয়ে
আমার আমিত্বকে নোনা জলে চান করলাম ।
আমার আমি কেমন যেন অপরিচিত
সেই আমার কাছে ।

এক থেকে দুই,
সংখ্যাতত্ত্বের গুনে
দুই থেকে চার হলো সময়ের আবর্তে ।
আমি তখন আমার হলাম ।

আমার অবয়ব এর প্রতিফলন দেখতে
পেলাম আয়নায় ।
ক্লান্ত আমি চেয়ে থাকি আয়নায়
একাকী আমার আমিত্বের খোঁজে ।

চিড় ধরা আয়নায় হঠাৎ করে বড়
ফাটলের আগমন ভেঙ্গে চুরমার,

মেঝেতে পড়া টুকরো কাঁচে
রক্তের দাগ দেখতে পেলাম ।
কিন্তু অবাক করা,
প্রতিটি টুকরো কাঁচে নিজের অবয়ব দেখতে ভালই লাগলো ।
মুখের কোণে মিষ্টি হাসি উঁকি দিলো ।

আমার আমি দূর থেকে আমায়
হাত ছানি দিয়ে ডাকছে
খোঁপায় বকুলের মালা জড়িয়ে সেই
হারানো “আমি” আমার আমিত্ব ।



মোহাম্মদ মাহবুবুর রহমান (রূপক) (২৫), পেশায় একজন মেরিন ইঞ্জিনিয়ার । তবে জাহাজের চাকরি ছেড়ে এখন চট্রগ্রামে শিপিং সংক্রান্ত ব্যবসায় জড়িত গত ১৫ বছর । তিনি এইচ. আর. ইঞ্জিনিয়ারিং এবং শীপ ম্যানেজমেন্ট এর প্রধান নির্বাহী । পেশাগত জীবনের পাশাপাশি লেখালেখি করেন আজ প্রায় ৩০ বছর, যার শুরুটা শৈশবেই । “একই বৃত্তে” নামের কবিতার বইটি প্রকাশিত হয় ১৯৮৬ সালে, এছাড়া বিভিন্ন ছোট গল্প প্রবন্ধ লেখা ও তা প্রকাশিত হয় বিভিন্ন ম্যাগাজিনে । তাঁর লেখালেখি একান্তই নিজের ভাবাবেগের প্রকাশ । তিনি বাংলাদেশ মেরিন একাডেমীর ২৫তম ব্যাচের ইঞ্জিন ক্যাডেট । তাঁর লেখার মধ্যে প্রবন্ধ সাগরজীবন, যন্ত্র ও মানুষ, ভাবনা ও আবেগ উল্লেখযোগ্য ।

শেকড়ের সন্ধানে

ইফতেখার হাসনাইন



খামারপাড়া। ফরিদপুরের প্রত্যন্ত এক গ্রাম। আমি জন্মেছিলাম এই গ্রামেই আশির দশকের মাঝামাঝি কোনও এক সময়ে। উত্তর দক্ষিণে বিস্তৃত গ্রামকে অনেকটা মাঝ বরাবর দ্বিখণ্ডিত করেছে পূর্বপশ্চিম মুখি একটা খাল। খালটি পূর্বে গিয়ে মিলেছে দূরের এক রেললাইনের ওপারে চাপাদহের বিলে। আর পশ্চিমে খামাড়াপাড়ার পেট চিরে কিছুটা এঁকেবেঁকে সে নিজেকে সঁপে দিয়েছে নোয়াপাড়ার কাটা গাং এ। উত্তর আর দক্ষিণ পাড়ার মানুষ খাল পার হয় খুব সাধারণ ৫ এ বানানো বাঁশের সাঁকো দিয়ে। বর্ষায় যখন দুকূল ছাপানো খাল হয়ে উঠত পবল খরশ্রোতা, ক্ষীণতনু সাঁকোটি নিজের অস্তিত্ব টিকিয়ে রাখবার সংগ্রামে লিপ্ত হত। তার উপর ওটির অনতিদূরেই একটা প্রকাণ্ড স্রোতের ঘূর্ণি মনের সব সাহস কেঁড়ে নিত। তারপরও নৈমিত্তিক প্রয়োজনে মানুষকে এপাড়-ওপাড় করতেই হত।

তখন আমার দুরন্ত কৈশোর! এই গ্রামেই আমার নানাবাড়ি। সবাই ডাকে ‘দারোগা বাড়ি’ নামে। আমার নানা ছিলেন পুলিশের অবসরপ্রাপ্ত সাব-ইন্সপেক্টর। আশপাশের দশ গ্রামে নানার অনেক নামডাক। আমি তাঁর সবচেয়ে বড় নাতি, তাই খাতিরটাও অন্যরকমের। তার উপর আমার বাবা-মা থাকতেন অনেক দূরে, নারায়ণগঞ্জে। নানার সীমাহীন প্রশ্নে আমি তখন স্বাধীন রাজ্যের মুকুটহীন সম্রাট। লেখাপড়া করতাম দক্ষিণ পাড়ার একমাত্র প্রাইমারি স্কুলে। একহাতে বই বগলদাবা করে অন্যহাতে শক্তভাবে সাঁকোর বাঁশের রেইলিং ধরে দিব্যি খাল পার হতাম।

মানুষের বোধ হয় সব কিছুতেই মুগ্ধ হবার একটা বয়স থাকে। আমার ও তাই ছিল। খামাড়াপাড়া প্রকৃতির রঙ এ রাঙানো এক আশ্চর্য সুন্দর গ্রাম। বাঁধা-বন্ধনহীন ছেলেবেলার সেই অসম্ভব ভালোলাগার জীবনটায় কোনো ব্যস্ততা ছিলনা, ছিল না কোনও কৃত্রিমতা। মাঠ ভরা ধানের হলদে শীষ ছুঁয়ে ভেসে আসা বাতাসে বুক ভরে উঠত। বেলা-অবেলায় ধূলো ধূসরিত মাঠ-ঘাট-প্রান্তরময় খেলে ফিরতাম আমার দামাল ছেলেরা। এক মাথা ধূলো নিয়ে খালের পানিতে কাঁপিয়ে পড়বার স্মৃতি ভুলতে পারিনি কখনোই।

আমার মামাদের কেউ কেউ তখন নতুন চাকরি করে, বাকিরা কেউ বিশ্ববিদ্যালয়ে, কেউবা কলেজ নয়তো স্কুলে। আমি যে প্রাইমারি স্কুলটায় পড়তাম তার ক্লাসরুমে একপাশের বেঞ্চে বসতো মেয়েরা, আর উল্টো পাশেরটায় ছেলেরা। জানালায় কোনও গ্রিল ছিল না, দুষ্টি ছেলেদের তাতে করে ভারী সুবিধে হত। পড়ালেখাটা আজকের দিনের মত এতটা কঠিন হয়ে ওঠেনি তখনো, অন্তত প্রাইমারি স্কুল পর্যায়ে। সে কারণেই শিক্ষক মহাশয়ের আমাদেরকে কবিতার কোন চরণের ব্যাখ্যা লিখতে দিয়ে মাঠে গিয়ে তার গরু-বাছুর বেঁধে আসতে মোটেই বেগ পেতে হত না। সেই বয়সে পড়া আর লেখা কতটুকু শিখতে পেরেছিলাম সেটা ঠিক মনে পড়ে না, তবে বহুত নদীর মত আপন মনে বয়ে চলবার মাঝে ছিল অনাবিল আনন্দ আর অফুরন্ত উচ্ছ্বাস। অনেকবার ভেবে দেখেছি, কৈশোরের জীবনের গন্তব্যহীন বয়ে চলার মাঝে যে রোমাঞ্চ অনুভূত হয়, তা পরে আর কখনই মেলে না। তার একটা কারণ হয়ত হতে পারে এই যে, ঐ বয়সটায় আমাদের পরিণত চিন্তাগুলো এসে সহস্র শৈবালের মত দানা বাঁধে না, চারপাশের সব কিছুর ভিতরের দুর্নিবার মুগ্ধতার জালে অবচেতনভাবেই জড়িয়ে যেতে হয়।

এই গ্রামেরই এক দরিদ্র কৃষক গফুর মিয়া। আমার নানা বাড়িতে বারোমাসি চুক্তিতে কাজ করত। অতি প্রত্যুষে অন্ধকার থাকতেই লাঙ্গল-জোয়াল আর নিড়ানি কাঁধে দুই গরুকে সাথে নিয়ে কয়েক মাইল দূরের পূর্বের মাঠে ছুটে যেত। আমি তাকে নানা বলে ডাকতাম। গফুর নানার এক পায়ে একটু সমস্যা থাকার কারণে হালকা খুড়িয়ে হাঁটত, আর তখন আঙুল ফোটাবার মত একরকম শব্দ হত। আমি ঘুমাতাম আমার নানার সাথে উত্তরের খোলা বারান্দায়। তাই গফুর নানার হাঁটাচলার শব্দ দিব্যি বুঝতে পারতাম।

বেলা যখন দশটা ছুঁই ছুঁই তখন আমার কাজ ছিল গফুর নানার জন্য খাবার নিয়ে যাওয়া। নানি খুব যত্ন করে গামলা ভরে পাতলা খিচুরি, ছোট বাটিতে পেঁয়াজ-মরিচ-লবন দিয়ে গামছা দিয়ে বেঁধে আমার এক বাহুতে আর অন্য বাহুতে টিনের জগ ভর্তি পানি ঝুলিয়ে বলত, “যা রে মণি, কিষণটা সেই কখন থেকে মাঠে কাজ করছে, ঝটপট দিয়ে আয়।” আমার সাথে জুটে যেত ডানপিটে ছেলেপেলের দল। তাই এত পথ কখন যে যেতাম আর ফিরে আসতাম তার কোনও হিসাব থাকত না। ফিরে দেখতাম নানা বসে আছে পুকুর ঘাটে আমার জন্য, নেয়ে-দেয়ে স্কুলে যেতে হবে তাই। চার-পাঁচ মাইল দূরের স্কুলে কোনও দিন সময় মত গিয়েছি কিনা তা মনে পড়ে না।

খামাড়াপাড়ার বর্ষা আমার স্মৃতির একটা বড় অংশ দখল করে আছে। বন্যার পানি যখন হু হু করে বাড়তে বাড়তে নানাবাড়ির কাছারী (বাইরের বৈঠকখানা) ঘরকে ছুঁয়ে ফেলত, আমার মন ভেসে যেত অজুত এক আনন্দের বাণে। পানি এত কাছে এসে আমাকে ভাষাহীন মুগ্ধতার চাদরে কখন যে ঢেকে ফেলত তা বুঝতাম না। আমার তখন নাওয়া-খাওয়া-ঘুম সব ছুটিতে। তর সইতো না কখন বড়শি নিয়ে পানির কাছে যাব। এই

নিয়ে নানীর চিন্তার অন্ত ছিল না। সেই যেবার পানি উঠে এল আমাদের উঠানে, আমি রাত জেগে বসে থাকি পানি আর বাতাসের শো শো গর্জনে আর মাছেদের লাফালাফিতে।

খুব মনে পড়ে একবারের ভয়াবহ বন্যার কথা। ভিটে-মাটি, মাঠ-ঘাট, প্রান্তর ভেসে গিয়েছিল। বাড়ির বাইরে তাকালেই মনে হত মহাসাগরের মাঝে ছোট্ট এক দ্বীপে বসে আছি। সপ্তাহে ছিল দুই তিনটা হাট, আর সে হাটে আমাকে যেতেই হবে। হাটে যাওয়া মানেই নৌকা চড়ার সুযোগ। রবীন্দ্রনাথের মত বলতে হয়, আমার ছিল বিশ্রী রকমের নৌকায় চড়ার নেশা। আমি কখনোই বুঝতে পারিনি কি ছিল সেই নেশার কারণ, কিন্তু যখন দেখতাম গফুর নানাকে বৈঠা বা চৈড় হাতে নৌকা চালাতে তখন নিষ্পলক চোখে তাকিয়ে থাকতাম আর অবাক বিস্ময়ে নৌকার পানি কেটে এগিয়ে চলার মাঝে নিজেকে হারিয়ে ফেলতাম। অনুভূতির অনেক উর্ধ্বে উঠে হৃদয়ের গোপন প্রকোষ্ঠে লালন করতাম সুতীর বাসনা, “একদিন আমিও গফুর নানার মত নৌকা চালাব!” সেই কৈশোরে যখন মাঠ ঘাট একাকার, নির্জন দুপুরে আমার সাধ পূরণে খুব যে বেশি বেগ পোহাতে হয়েছে তা নয় কিন্তু। আমি তো তখন অকুতোভয়, নৌকা চালানোর নেশা লুকাতে অপারগ। রশি খুলে দিয়ে বৈঠা হাতে ভাসান দিয়েছি, গন্তব্যহীন। হঠাত মনে হল, বাড়িঘর কিছুই চোখে পড়ছে না। ততক্ষণে নৌকা আমার বৈঠার সাথে সব সম্পর্ক চুকিয়ে ফেলেছে, আর স্রোত আমাকে নিয়ে চলেছে রেললাইনের ওপারে চাপাদহের বিল অভিমুখে। আমাদের গ্রামের এক মাঝির হঠাৎ উদয়ে সে যাত্রা প্রাণ রক্ষা হয় বৈকি, কিন্তু নেশামুক্তি হয়নি তবুও!

এভাবেই নৌকা আর পানির টান আমাকে গভীর মায়ায় বেঁধেছিল, আর আমিও খুব বুঝতে পেরেছিলাম এই বাঁধন দুর্বল নয়। তাই বোধ হয় সুনীল সমুদ্রের নোনা জলের আহ্বান উপেক্ষা করতে পারিনি।

জীবনের কুড়িটা বছর আমি চষে ফিরেছি পৃথিবীর সাগর-মহাসাগরে। আকাশকে আমি ডুবতে দেখেছি দিগন্তের সাগরগর্ভে, উর্মিমালায় বিলীন হয়েছে রামধনুর সাত রঙ, সীগালের সফেদ পাখায় ভেসেছে আমার স্বপ্নেরা, সাঁঝের অদ্ভুত আধারে হারিয়ে ফেলেছি মায়াবী গোপূলীর সবটুকু ভালো লাগাকে!

কত দেশ, শহর-গ্রাম-নদী, কত রকম মানুষ আর তাদের সংস্কৃতি আর সভ্যতা পার করেছি এই দীর্ঘ সমুদ্রযাত্রায়। অবচেতন মন খুঁজে ফিরেছে আপন সত্তাকে। শেকড়-হারা আর্তনাদ আমাকে ছিন্নভিন্ন করেছে দিনের পর দিন। হৃদয়ের সবটুকু ভালোবাসা নিংড়ে নিয়ে আমাকে পুরোপুরি নিঃশ্ব করে ছেড়ে দিয়েছে ‘খামারপাড়া’। আমার সমগ্র অস্তিত্ব জুড়ে রয়েছে এই গ্রামের ধূলি ধূসরিত পথ আর রেললাইনের ওপারের সেই সূর্য্য ওঠা ভোর, শিশিরের নিঃশব্দ চুম্বন আর নক্ষত্র ভরা আকাশের নীচে নৌকার গলুইতে দাঁড়িয়ে কোঁচ হাতে ধানগাছের ফাকে মাছের নেশায় কাটানো রাত।

এই ই আমার শৈশব। আমার খামারপাড়া। আমি ঠিক জানি, আমার জীবনকে আষ্টেপৃষ্ঠে বেঁধে রাখা ব্যস্ততা একদিন নিশ্চিত থেমে যাবে আমি তখন কাঙালের মত ছুটে যাব লক্ষ স্মৃতি সাঁতরে সেই প্রিয় গাঁয়ে।

কখনো ভাবিনি সোনালী ডানায় ভর করে উড়ে চলা ছবির মত সুন্দর আমার খামারপাড়ার কৈশোর একদিন ফিনিক্স পাখির মত শেষ হয়ে যাবে। বোঁপ জঙ্গল বন বাদার চষা আর খাল বিল সাঁতরে ফেরা জীবনকে কখনো হাজার মাইল দূরে ভিন দেশের অট্টালিকায় বসে পেছন ফিরে তাকাতে হবে এই আমাকে।

ইফতেখার হাসনাইন (২৯): সহজ সরল জীবনে অভ্যস্ত, অবসর সময়টা ভরে থাকে বই পড়া আর স্ত্রী-সন্তানদের ভালোবাসাময় সাহচর্যে। মেরিন একাডেমিতে পড়বার আগে তিনি মতিবিল আইডিয়াল স্কুল এবং নটরডেম কলেজে লেখাপড়া করেছেন। পরিবারসহ স্থায়ীভাবে বসবাস করছেন অস্ট্রেলিয়ার গ্লাডস্টোনে।





প্রথম সম্পদ স্বাস্থ্য, শেষ পর্যন্ত থাকবে তো?

মেসবাহ

দাওয়াত খেতে এসে অনেকেই উপহার নিয়ে আসেন। যদি আপনার ঘনিষ্ঠ বন্ধু ৫ লিটার রান্নার তেল উপহার নিয়ে এসে বলে, “তিন টেবিল চামচ খাবে প্রতিদিন”, আপনি মসকরা ছাড়া আর কি ভাবতে পারেন?

একটু হিসাব করে দেখি;

তেল দিয়ে ভাজা মিডিয়াম সাইজ ফ্রেঞ্চ ফ্রাইস বা তিনটা পেঁয়াজুর মধ্যে ৩৫ গ্রাম (তিন টেবিল চামচ) তেল রয়েছে। আপনি যদি প্রতিদিন ৩টা পেঁয়াজু খান, মাসে ১ লিটার তেল খাচ্ছেন শুধু পেঁয়াজুর মাধ্যমেই। (এক্সপেরিমেন্ট; হাতের মুঠোয় ১টা পেঁয়াজু অথবা ৫টা ফ্রেঞ্চ ফ্রাই নিয়ে জোর দিয়ে মুঠো বন্ধ করে খুলুন, আঙুলের ফাঁক দিয়ে তেল গড়িয়ে পড়বে)।

এটাতো গেলো মাত্র একটা আইটেম। আমরা সকাল, দুপুর, বিকাল, সন্ধ্যা এবং রাত মিলিয়ে কতগুলো তেল চপচপে রান্নার আইটেম খাচ্ছি? হয়তো একেকজন সপ্তাহে এক লিটার তেল খেয়ে ফেলছি। এটা কি প্রয়োজন? প্রয়োজন হলে কতটুকু?

একজন প্রাপ্ত বয়স্ক মাঝারী আকৃতির বাঙালির (৫ ফুট ৫ ইঞ্চি, ৬০ কেজি) প্রতিদিন ১৪০০ ক্যালোরির প্রয়োজন। আপনি যদি প্রতিদিন ১৮০০ ক্যালোরি খান (অর্থাৎ ৪০০ ক্যালোরি বেশী), তবে সপ্তাহে আপনার ওজন বাড়বে আধ কেজি। অথবা আধ কেজি কমবে যদি ১৪০০ থেকে ৪০০ মাইনাস করে দেন (শরীরে ১ কেজি মেদ-এর মধ্যে রয়েছে ৬০০০ ক্যালোরি শক্তি)।

প্রতিদিনের এই ১৪০০ ক্যালোরি কোথা থেকে আসবে? মূলত শর্করা, আমিষ আর স্নেহ জাতীয় খাদ্য থেকে (লক্ষ্য করবেন, ফ্যাট-কে চর্বি না বলে স্নেহ বলেছি, এটার প্রয়োজন খুবই গুরুত্বপূর্ণ, চর্বির চেয়ে স্নেহটা ভালো শুনায় বলেই এই শব্দটা নিয়েছি)।

পরবর্তী প্রশ্ন হচ্ছে, আমরাতো খাবার খাই পেটে, খাবারের ওজন মোটামুটি বলতে পারি – কিন্তু সেই খাবারে ক্যালোরি কতটুকু আছে, সেই হিসাব কিভাবে করবো? ভাত, তরকারি, মাছ, মাংস, রান্নার তেল, সবজি, মশলা সব মিলিয়ে ক্যালোরির হিসাবটা কিভাবে সম্ভব? তারপর আবার মিষ্টি-মন্ডা রয়েছে মিষ্টি হিসাবে। চা-কফি, বিকেলের সিঙ্গারা, আরও কত কি!

সত্যি কথা, ক্যালোরির হিসাব-নিকাশ আসলেই জটিল। গভীরে না গিয়ে ভাসা ভাসা একটা ধারণা দেওয়ার চেষ্টা করছি (তাছাড়া গভীরে নিয়ে যাওয়ার মত বিদ্যা-বুদ্ধিও আমার নেই)।

সাধারণত প্রতিদিনের খাবারের ৫০% শর্করা, ৩০% আমিষ আর ২০% স্নেহ থাকা বাঞ্ছনীয়। ১ গ্রাম শর্করা ৪ ক্যালোরি শক্তি দিয়ে থাকে, ১ গ্রাম আমিষ ৫ ক্যালোরি আর ১ গ্রাম স্নেহ দেয় ৯ থেকে ১২ ক্যালোরি।

শর্করায় ফিরে আসি, ১ গ্রাম চিনি ৪ ক্যালোরি শক্তি দেয়, ১ গ্রাম চাউল ৪ ক্যালোরি এবং ১ গ্রাম ভাত মাত্র ১ থেকে ২ ক্যালোরি শক্তি দিয়ে থাকে।

আবার ১টা শুকনো রুটি ১৫০ ক্যালোরি দিলেও সেই রুটি যখন ১ চামচ তেল দিয়ে ভেজে পরাটা বানানো হয় – সেটা দিবে ২৬০ ক্যালোরি। আবার একটা নান রুটির মধ্যে রয়েছে ৪৫০ ক্যালোরি – কারণ নান রুটির আটার পরিমাণ শুকনো রুটির তিন গুণ।

আমিষ (মাংস) জাতীয় খাবারের সাথে কিছু না কিছু স্নেহ থাকে। কোনো আমিষে স্নেহ বেশী আবার কোনোটা কম, যেমন, মুরগির বুকের মাংসে ৫ গ্রাম স্নেহ থাকলেও মুরগির রানে রয়েছে ১২ গ্রাম। ১টা ডিমে রয়েছে প্রায় ৫০% আমিষ আর বাকি ৫০% স্নেহ।

শর্করা এবং আমিষের গুনাগুন একরকম হলেও, কোলেস্টেরলের কারণে স্নেহের গুনাগুন ভিন্ন, যেমন, স্বাস্থ্যসম্মত ফ্যাট (তৈলাক্ত মাছ, বাদাম), ট্রান্স ফ্যাট (ফ্রেঞ্চ ফ্রাই, পেঁয়াজু, পিজা, বিস্কিট) এবং স্যাচুরেটেড ফ্যাট (দুধ, বাটার, ঘি)। এদের মধ্যে ট্রান্স ফ্যাটটা খারাপ। এটা কোলেস্টেরল বাড়িয়ে দিয়ে বিপদ ডেকে আনতে পারে (হৃদরোগ), পরিমানের অতিরিক্ত সেচুরেটেড ফ্যাট-ও শরীরের জন্য মন্দ (ভালো কোলেস্টেরলের জায়গা দখল করে নেয়)।

লবন বেশী, কোলেস্টেরল বেশী, বিষাক্ত রাসায়নিক পদার্থে ভর্তি, এইটা ব্লাড রিপোর্ট নাকি পোটাটো চিপসের এনালাইসিস রিপোর্ট?

কোন খাবারে কতটুকু শর্করা, আমিষ এবং কি জাতীয় ফ্যাট রয়েছে, সেটা আজকাল সহজেই ইন্টারনেট থেকে জোগাড় করা যায়। সেই সাথে কতটুকু খাবারে কত ক্যালোরি রয়েছে, সেটাও আপনি প্রয়োজন মতো হিসাব করে একটা ছক তৈরী করে নিতে পারেন। সেই ছক কাটায়-কাটায় অনুসরণ করা সম্ভব না হলেও, এতে সুবিধা, কোনদিন আপনি বেশি খাচ্ছেন, কোনদিন কম, সেটা বুঝতে পারবেন।

আর যদি আপনি হিসাব-নিকাশ একদমই করতে না চান, তবে তারও সমাধান রয়েছে। যেই খাবারগুলো আপনার পছন্দ, সেগুলো পরিহার করুন (তেল, চিনি, লবণ গ্রহণের পরিমাণ কমে যাবে)। এই প্রেসক্রিপশনটা পছন্দ না হলে আরেকটা দিচ্ছি। ১০০% নিশ্চয়তাসহ, খাওয়ার তালিকায় ফল-মূল, শাক-সবজির ব্যবহার বাড়িয়ে দিন (এর দুটো উপকারিতা, ১. রোগ থেকে দূরে রাখে, ২. শরীরে বাসা বেঁধে থাকা ক্রনিক রোগকে সারিয়ে তুলতে সহায়তা করে)।

আর যদি কিছুই করতে ইচ্ছা না করে, নিজের ওজন অনুযায়ী এইটুকু অন্তত বুঝতে পারেন যে, বর্তমানে যেই পরিমাণ খাদ্য গ্রহণ করছি, সেটা বিদ্যমান থাকলে ওজন কোনদিন কমবে না, বরং বাড়তে পারে।

- এইটা কী কেক এনেছো?

- এইটার নাম ফ্রী কেক... ময়দা ফ্রী, সুগার ফ্রী, ফ্যাট ফ্রী, সল্ট ফ্রী।

আরো অনেক সমাধান রয়েছে, মনে করেন প্রতিদিন ১৪০০ ক্যালোরির জায়গায় ১৬০০ গিলে ফেলেছেন, ১ ঘন্টা হাঁটুন, অতিরিক্ত ২০০ ক্যালোরি পুড়ে যাবে। বন্ধুর বাসায় রাতের খাবারের দাওয়াত, অবশ্যই যাবেন। কম খেতে হবে, সেটাও বলছি না। আর দাওয়াতে গেলে কম খেয়ে থাকাও যায় না। যেদিন দাওয়াত, সেদিন দুপুরে ক্যালোরি ইনটেক কমিয়ে দিন এবং পরদিন একটু কম খান। আর খোলা আকাশের নিচে হাঁটার জন্য মাইলের পর মাইল অপেক্ষা করছে আপনার জন্য।

যারা নিয়মিত ব্যায়াম করেন অথবা খেলাধুলার সাথে জড়িত, তারা শর্করা গ্রহণের মাত্রা কমিয়ে আমিষ বাড়িয়ে দিতে পারেন।

আমরা যারা পঞ্চাশোর্ধ, ব্যায়াম ছাড়া দেহ-মনে নানান উপসর্গ দেখা দেয়। ৬০ বছরের পর শুরু হয় ডি-জেনারেশন। অর্থাৎ মাংসপেশী ক্ষয় হয় বেশি, হজম শক্তি কমে যায়, হাড়-এর ভেতরেও ফাঁপা এবং ভঙগুর (Osteoarthritis) হতে থাকে। এই বয়সে সুস্থ থাকার জন্য বিশ্বে রয়েছে বিলিয়ন ডলারের ফুড-সাপ্লিমেন্ট ব্যবসা, টনিক, ভিটামিন সাপ্লিমেন্ট আরও কত কি।

তবে আজকাল লক্ষ্য করে থাকবেন, প্রায় সব হাসপাতালে ফিজিওথেরাপির ইউনিট রয়েছে, এটা খুবই কার্যকর চিকিৎসা। ফিজিওথেরাপি যেভাবে কাজ করে, যেমন, নতুন জুতা কয়েকদিন ব্যবহারের পর দেখবেন পায়ের কোনো অংশে কড়া পড়ে গেছে (সবখানে নয়), কারণ, পায়ের সেই অংশটায় নতুন জুতা একটু বেশি ঘষা-ঘষি করায় ক্ষয়রোধের জন্য শরীর যন্ত্র সেখানে অতিরিক্ত প্রতিরোধ গড়ে তুলেছে। ফিজিওথেরাপি অনেকটা সেই রকম, আপনার শরীরের যেই অংশটা নরম, ব্যায়ামের মাধ্যমে সেখানে অনুভূতি বাড়িয়ে দেওয়া হয়। শরীরের সৈনিকদের কাজই হচ্ছে, সমস্যা যেখানে, আমরা আছি সেখানে।

আপনি সাপ্লিমেন্টে যাওয়ার আগে ডাক্তারের সাথে পরামর্শ করে জেনে নিন, আপনার সমস্যার লাগসই ফিজিওথেরাপি কোনটা। শরীরের দুর্বল অংশ টনিকের চেয়ে ফিজিওথেরাপি পূর্বাবস্থায় ফিরিয়ে আনতে পারে-উনিশ বছরের সুঠাম দেহি না করতে পারলেও, আপনার বিপাক ক্রিয়া (মেটাবলিসম) বাড়িয়ে দিবে।

৬০/৭০ বছর বয়সে স্বাস্থ্যটাকে ঠিক রেখে সপ্তাহে একদিন বিরিয়ানী খেতে পারবো, এইটার জন্য মোটা অংকের বিনিয়োগ করতে হবে না, শুধু শরীরের কার্যকারিতা বুঝতে হবে। নতুন পাঁচ টনি ট্রাকের ওপর দশ টন চড়িয়ে দিলে লাভ বেশি - কিন্তু সেই ট্রাক বেশি দিন টিকবে না। প্রয়োজনীয় এনার্জির জন্য যতটুকু ক্যালোরির দরকার - তারচেয়ে বেশি কিংবা দ্বিগুনহারে নিলে, অপকার বই উপকার করবে না।

মেসবাহ (১৮), দুই দশকেরও বেশি সময় ধরে জাহাজে ভেসে বেড়িয়েছেন সাত সমুদ্র। থিতু হয়েছেন সিঙ্গাপুরে। কাজ করছেন স্থানীয় একটি জাহাজ কোম্পানীতে।



এক জোড়া গল্প

আতিক খান



১. নাড়ি

বাসার নিচে পৌঁছে একটু অবাক হলাম। জাহিন সময়ের আধঘণ্টা আগেই এসে বসে আছে। বোঝাই যাচ্ছে খুব উত্তেজিত। আমাকে ও এখনো পুরো ব্যাপারটা খুলে বলেনি। জাহিনের সাথে ফেসবুকে পরিচয় বছর দুই আগে। আগে একবার এসে দেখা করে গিয়েছিল গত বছরের ছুটিতে। এবার নাকি বিশেষ একটা কাজে আমার সাহায্য দরকার। আমাকে কেন বেছে নিয়েছে জানা নেই। ওকে বসিয়ে রেডি হয়ে নিলাম।

গাড়িতে যেতে চায় না, রিক্সাতে করেই যেতে হবে। গাড়ির ড্রাইভারকে ওর কথা শুনাতে চায় না। অতএব আমাদের রিক্সা করেই যাত্রা শুরু হল।

- ভাইয়া, আপনার হেল্প দরকার। আম্মুর সাথে দেখা করতে যাব।
- মায়ের সাথে দেখা করতে আমাকে কেন দরকার।
- ৬ বছর কোন যোগাযোগ নেই, বুঝতে পারছি না কিভাবে ফেস করব।

আমার মুখে প্রশ্ন দেখে জাহিন বিস্তারিত বলা শুরু করল।

- বছর ৮ আগে আমাদের বাবা মারা যান। রাহিন মানে আমার বড় ভাই আমেরিকা ছিল আগে হতেই। এর বছরখানেক পর আমি একটা স্কলারশিপ নিয়ে অস্ট্রেলিয়া চলে যাই। মা একাই ছিলেন। আমরা দুই ভাই টাকা পাঠাতাম মায়ের জন্য। হয়ত অনেক না, তবে কষ্টেসৃষ্টে চলে যেত। বছরখানেক যাবার পর আমার খালা জানায়, একটা বিয়ের প্রস্তাব আছে মায়ের জন্য। মায়ের একা একা খুব অসুবিধা হচ্ছে, তাই বিয়ে করে ফেলাই ভাল। উনার বয়স তখন ৫৬। আমরা দুই ভাই এই প্রস্তাবের ঘোর বিপক্ষে ছিলাম। কিন্তু রাহিনের ইমিগ্রেশন নিয়ে সমস্যা ছিল আর আমার পিএইচডি। কাজেই একটা লম্বা সময় আসতে পারতাম না। মাকে নিয়ে আসতে চেয়েছিলাম। কিন্তু এই বয়সে মা আর আসতে রাজি হন নাই। বাকি সবার চাপাচাপিতে মায়ের বিয়েটা হয়ে যায়। এরপর থেকে আমরা আর যোগাযোগ রাখিনি। অন্যদের মুখে শুনেছি ভাল আছে কিন্তু যোগাযোগ নেই। মা শুরুর দিকে কয়েকবার ফোন করেছেন, ধরিনি। ৬ বছর পর দেশে ফিরলাম।

- খালি হাতে যাচ্ছ?
- বুঝতে পারছি না কি কিনব।

রিক্সা ঘুরিয়ে কাছের একটা মার্কেটে গেলাম। মায়ের জন্য ফুল, মিষ্টি আর একটা সুন্দর দামী শাড়ি কেনা হল। আর কিছু টাকা একটা খামে সুন্দর করে ভরে মুখ বন্ধ করা হল।

এবার আমার প্রশ্ন করার পালা।

- বাবা বেঁচে থাকতে মা অন্য কোন সম্পর্কে জড়িয়েছেন?
- জি না।
- তোমাদের বড় করে তুলতে কখনো দায়িত্ব অবহেলা করেছেন?
- সেরকম কিছু মনে পড়ে না, ভাইয়া।

- জীবনের প্রায় ত্রিশ বছরের বেশি তোমাদের জন্য ত্যাগ স্বীকার করেছেন। তোমরা তো উনাকে প্রায়োরিটি না দিয়ে নিজেদের ভবিষ্যৎ বেছে নিয়েছিলে। তাহলে উনার ভবিষ্যতে বাধ সাধলে কেন? আমাদের সমাজে একটা মেয়ের একা থাকা খুব কষ্ট। তার উপর নিজের সমস্ত প্রয়োজন যদি নিজেকেই মিটাতে হয়। অসুস্থ হলে ওযুধ কিনে দেয়ার মানুষ পর্যন্ত নেই। শুধু টাকা দিয়ে কি সব সমস্যার সমাধান করা যায়? আর ইসলাম ধর্মে ২য় বিয়ের তো কোন বাধা নেই। উনি তো অসামাজিক কিছু করছিলেন না। মানুষ সামাজিক জীব। একা পথ চলা খুবই কঠিন। অনেক সমস্যা আছে আবার জীবন সঙ্গী ছাড়া শেয়ারও করা যায় না। ভেবে দেখেছ গত ৬ বছর উনার সঙ্গী ছাড়া কিভাবে কাটত? তোমরা কি সেইভাবে দেখাশুনা করতে পারতে? উনি আরও বিশ বছরও বেঁচে থাকতে পারেন।

- আপনার সব কথাই মেনে নিচ্ছি। কিন্তু তখন মাথা গরম ছিল। বাবার জায়গায় কাউকে বসাতে পারছিলাম না। রাহিন ও একই মনোভাব দেখানোয় ভেবেছিলাম আমরাই ঠিক। আমার বিয়ের ৩ বছর পর যখন কিছুদিন আগে স্ত্রী একটা কোর্স করতে অন্য একটা স্টেট এ মাস তিনেকের জন্য যায় মেয়ে সহ, তখন সেই একাকীত্বের সময় মায়ের সমস্যাগুলো বেশী বেশী অনুভব করেছি। তখন থেকেই তীব্র অপরাধবোধে জর্জরিত

হতে থাকি। বুঝতে পারছিলাম না কিভাবে মায়ের মুখোমুখি হব, কিভাবে ক্ষমা চাইব। রাহিন বলেছে, মায়ের সাথে আমার সব ঠিকঠাক হয়ে গেলে ও আগামী মাসেই আসবে। আমরা খুবই স্বার্থপরের মত আচরণ করেছি। শুধু নিজেদের কথা ভেবেছি, আমাদের শ্বশুরবাড়ির লোকজন আর সমাজের অন্যরা কি বলবে সেটা ভেবেই তটস্থ ছিলাম। অথচ বিপদের সময় হয়ত এদের কেউই আমাদের পাশে এসে দাঁড়াত না। মায়ের প্রতি একটা অবিচার করেছি। বাকি জীবনে সেটা পুষ্টিয়ে দেয়ার চেষ্টা করব।

- তোমাকে বেশী কিছু করতে হবে না। তুমি মায়ের সামনে গেলেই দেখবে সব ঠিক হয়ে গেছে। বাবা মায়ের দরজা সন্তানের জন্য সবসময় খোলা থাকে।

বাসার সামনে পৌঁছাতেই খালাম্মা দরজা খুলে দিলেন। জাহিন লুকিয়ে ছিল। আমি ফুল আর উপহার হাতে বোকোর মত দাঁড়িয়ে আছি। কোনমতে বললাম,

- আপনার ছোট ছেলেকে সাথে নিয়ে আসছি।

এত সুন্দর সাজানো গোছান ড্রইং রুম। তবুও খালাম্মা ছেলেকে দেখে অস্থির হয়ে গেলেন। নতুন বউয়ের মত কোথায় বসতে দেবেন, কি খাওয়ানো বুঝতে পারছেন না। ছেলে মায়ের পায়ের কাছে বসে পড়ল। জাহিনের মুখে কোন শব্দ নেই। শব্দের প্রয়োজন ও হল না। ওর অশ্রুতে ভেসে যাওয়া মুখ হাতে নিয়ে খালাম্মা বসে রইলেন অনেকক্ষণ। উনার শরীরের কাঁপুনি দেখে বুঝতে পারলাম উনার ও একই অবস্থা।

মা ছেলেকে একা থাকতে দিয়ে বেরিয়ে এলাম। একটা রিক্সা ডেকে উঠে পড়লাম। এখানে আমার আর প্রয়োজন নেই। আমার নিজের ও একটু খোলা বাতাস দরকার আবেগ সামলানোর জন্য.....।

২. বুঝেরাং

সকাল প্রায় ১১ টা বাজে। অফিসে বসে আছি কিন্তু কাজকর্ম কিছুই এগোচ্ছে না। সামনে আরিফ ভাই বসে আছেন, বিধবস্ত অবস্থা। উনার ধারণা ভাবী উনাকে আর ভালবাসে না, কথায় কথায় গালমন্দ করে। উঠতে বসতে কথার খোঁচা দেয়। সেগুলো উনার গায়ের চামড়া ফুঁড়ে নরম হৃদয় ক্ষতবিক্ষত করে। আমার কাছে সাহায্য চাইতে এসেছেন।

- কি করতে পারি আরিফ ভাই?

- তোমার ভাবীকে একটা শিক্ষা দিতে হবে। একই সাথে একটা পরীক্ষা ও করা দরকার, আমার জন্য কোন টান আছে কিনা। কথাবার্তায় তো কোন মায়া মোহাবৃত নাই। এরপর একটা এপার ওপার করেই ফেলব, বুঝছ?

- ভালবাসার টেস্ট? আমার মাথাও আউলিয়ে গেল।

সেই থেকে দুজনে টেবিলে বসে আছি। যাই পরিকল্পনা করি, সবকিছুইতেই একটা ফাঁক ধরা পড়ে। আর ভাবী এমনিতেই খুব বুদ্ধিমতী। ধরতে পারলে পুরা বাড়ি মাথায় উঠিয়ে ফেলবে। আর আমার ও মাঝে মধ্যে ওই বাসার ভালমন্দ খাওয়া সব বন্ধ হয়ে যাবে।

অনেকক্ষণ ভেবে একটা মাস্টারপ্ল্যান তৈরি করলাম, একদম ফুলপ্রুফ। নাহ, অনেক ভেবেও কোন খুঁত বের করতে পারলাম না। প্যান অনুসারে আরিফ ভাইয়ের একটা মারাত্মক এক্সিডেন্ট হবে আর এতে ভাবীর ভালবাসার গভীরতাও পরীক্ষা করা হয়ে যাবে।

পা ভাঙবে, তাই পায়ে প্লাস্টার ও করতে হবে। সেই প্লাস্টার নিয়ে ফ্রিতে কয়েকদিন সেবায়ত্ন ও নিতে পারবেন। পাড়ার সবচেয়ে পরিচিত ওষুধের দোকানে গিয়ে ছেলেটাকে সব করণীয় বুঝিয়ে দেয়া হল। বদের হাড্ডি ফ্রিতে করতে রাজি না, অভিনয়ের জন্য ১০০ টাকা ঘুষ দিতে হল। বাম পায়ে প্রথমে প্লাস্টার করে নেয়া হল।

সে ভাবীর নম্বরে ফোন দিয়ে চিৎকার টেঁচামেচি করে বুঝিয়ে বলল, আরিফ ভাই এর কার এক্সিডেন্ট হয়েছে। মোবাইলটা রাস্তার একপাশে পড়ে ছিল। সে বুদ্ধি করে ভাবীর নম্বর আন্দাজ করে কল দিয়েছে। ভাবী যাতে এফুনি গলির মুখের হাসপাতালে চলে আসেন। সম্ভবত আরিফ ভাইয়ের পা ভেঙেছে, হাসপাতালে নিয়ে গেছে। ভাবী নিশ্চয়ই দৌড়াতে দৌড়াতে হাসপাতালে চলে আসবেন। এরমধ্যে আরিফ ভাই ও প্লাস্টার করা পা নিয়ে রিসেপশনে বসে থাকবেন। রিসেপশনে একটা ছোটখাট আবেগঘন নাটক ও হয়ে যেতে পারে। তারপর আরিফ ভাই ভাবীর কাঁধে ভর দিয়ে বাসায় যাবেন।

মিনিট দশেক পরে বাসার কাজের মেয়েটা এসে উপস্থিত। ফোনে কথা বলার পর ভাবী নাকি অজ্ঞান হয়ে মেঝেতে পড়ে গিয়েছিল। মাথায় অনেকটুকু কেটে গেছে। ব্যাণ্ডেজ, আইসব্যাগ, তুলা এগুলো নিয়ে যেতে এসেছে। শুনে আমাদের হুঁশ উড়ে গেল। বদের হাড্ডি মনে হয় ফোনে ওভার একটিং করে ফেলছে। ৫ মিনিটের রাস্তা আমরা ২ মিনিটে পৌঁছে গেলাম।

ভাবীকে একটা রুমে শুইয়ে রাখা হয়েছে। আরিফ ভাই তো অনুশোচনায় পুরাই কাতর। আহাজারি করতে করতে ভাবীর মাথার কাছে দৌড়ে গিয়ে কপালে হাত রাখলেন।

ভাবী এক চোখ খুলে বললেন,

- সব কিছুতেই তোমার গভার একটিং । পায়ে পাস্টার আর হাতে ক্রাচ নাই । দিব্যি চলাফেরা করতেছ । এই তোমার ভাঙ্গা পা!!

আরিফ ভাই টেনশন নিয়েই বলতে লাগলেন,

- আরে বাদ দাও আমার পা । তোমার অবস্থা কি, মাথায় কোথায় লেগেছে দেখি ।

ভাবী আস্তে করে উঠে বসলেন,

- আমার আবার কি হবে । একটিং কি তুমি খালি একাই পার । এমন একটা ছেলেকে দিয়ে ফোন করিয়েছ, যার সাথে প্রায়ই দেখা হয়, কথা হয় । আর কাউকে পেলো না । তোমার সাথে দেড় যুগ ধরে সংসার করতেছি, তোমাকেও চিনতে কি আর বাকি আছে । দেখলাম আর কি, আমি অজ্ঞান হয়ে গেছি শুনে তোমার কি রিয়েকশন হয়!!

ওদের কথাবার্তা শুনে আমারই অজ্ঞান হবার মত অবস্থা । পালিয়ে যাবার পথ খুঁজছি ।

আরিফ ভাইয়ের নজর ভাবীর দিকে,

- যদি সত্যি সত্যি আমার এক্সিডেন্ট হত, আর ফিরে না আসতাম !!

এবার ভাবীর গলায় ও অনেক আবেগ ভর করল,

- এধরনের খবর শনার আগেই আমাকেও যেন আল্লাহ উপরে তুলে নেন ।

আকাশ বাতাসে ভালবাসা । রোমান্টিক সমাপ্তির মাঝে নিজেকে অপাংক্তেয় মনে হচ্ছে । পাস্টার কাহিনী নিয়ে হইচই শুরু হবার আগেই আস্তে করে বেরিয়ে এলাম, মানে পালিয়ে এলাম । কিছুদিন আর ওইমুখো হওয়া যাবে না ।

আতিক উল আজম খান, মাস্টার মেরিনার (২৭) । জন্ম/বসবাস চট্টগ্রাম । পেশাসূত্রে এবং ব্যক্তিগতভাবে ভ্রমণ করেছেন ৬০-৬৫টি দেশ । প্রকাশিত গ্রন্থ অক্ষর, ইচ্ছেযুড়ি (যৌথ) । লেখালেখি দৈনিক আজাদী, ম্যাগাজিন, টুডে ব্লগ এবং ফেসবুক (atique.khan.9) ।



NAAF MARINE GROUP নাফ মেরিন গ্রুপ



**Technical Management, Crew Management, General Shipping Agency,
Owner's Protecting Agency, Container Feeder Operator & MLO Agent.**

info@naafmarine.com, technical@naafmarine.com, crew@naafmarine.com

Capt. Salah Uddin Chowdhury (CEO)
Mob: +880173035461 / 0171346275
captalahuddin@naafmarine.com



এক জোড়া ছড়া

শাহেদ পারভেজ

নাবিকনামা

আরেকটু বসে থাকো.....
আরেকটু উত্তাপ দাও.....
তোমার চিবুক জুড়ে জমে থাক, গোপুলী বেলার শেষ দু'ফোটা আলো ।
সন্ধ্যাবেলার সমস্ত প্রদীপ নিবে যায় এক এক করে,
দিগন্তজুড়ে নেমে আসে অন্ধকারের ডানা
পথভোলা নাবিক আমি,
তবুও বসে থাকি স্পর্শের কাঙ্গাল হয়ে..
নোনা হাতে আগলে রাখি
খসে পড়া তারার মত, তোমার উচ্ছিন্ন আদরটুকু ।

আরেকবার হাত ধর.....
আরেকবার ঐকে দাও.....
তোমার ভোরবেলার স্বপ্নের আল্পনা
আমার উঠোন জুড়ে ।
ঘড়ির কাটা খেমে যায়,
জোছনার নীলচে আলোয় ঢাকা পড়ে যায়
তোমার চোখের কোনায় জমে থাকা শিশির কনা....
আমি তবুও ভেসে চলি
অনন্তকাল.....
ভাঙা দুরবীণে খুঁজি অচেনা বাতিঘর ।

আরেকবার চোখ রাখো,
আরেকবার প্রচ্ছদ হয়ে থাকো...
আমার অগ্রস্থিত কাব্যজুড়ে ।
শব্দের লুকোচুরি ...
শুকনো তটের গাঁয়ে রূপালী মেঘ হয়ে জমে থাকে...
ভাঙা মান্ডুল ঘিরে বসে তারাদের হাট,
নিকশ অন্ধকারের বুক চিরে সেই কবে
দেখেছিলাম তোমার হাতছানি ।
ফসফরাসের আলোয়তাকে আবার খুঁজে পেলাম ।
ধন্য হলো নাবিকের বেঁচে থাকা ।

খুকী

খুকীর নাই চংয়ের শেষ
একটু হলেই হাপিত্যেশ ,
মেঘ গুড় গুড়, বৃষ্টি হবে
বার্ধলো খুকী খোপা...
হলো বেড়ালের নোংরা খুতি
আনলো ডেকে ধোপা ।
খুকীর হাতে ফুটল ফুল
এই নিয়ে কি হুলস্থূল ...
নেংটি ইঁদুর সাজলো মালি
গোঁফে দিয়ে তা,
হতোম প্যাঁচার ঘুম নেই
নাচছে ধা তিন্ তা ।

শাহেদ পারভেজ (২৫): জন্ম ৩১শে ডিসেম্বর ১৯৭০, টাঙ্গাইলে । লেখার হাতে খড়ি ছোট্ট বেলায় প্রাইমারি স্কুলে পড়ার সময় । ময়মনসিংহের আনন্দমোহন কলেজে পড়ার সময় ওতপ্রোতভাবে জড়িয়ে ছিলেন পাঠচক্র, আবৃত্তি চর্চা এবং ছড়ার কাগজ প্রকাশনায় । মেরিন একাডেমি থেকে শুরু করে ১৫ বছরের সমুদ্র বাসে বেশ গুটিয়ে ছিলেন সাহিত্যের অঙ্গন থেকে । ডাঙ্গায় নোঙ্গর করার পর থেকে টুকি-টাকি লেখা চালিয়ে যাবার প্রয়াস চলছে ।



ঝড়ের রাত

সবিনা সুজা



বাইরে মুঘল ধারে বৃষ্টি হচ্ছে। গাড়ীর উইন্ডোক্রিন প্রায় ঝাপসা হয়ে গেছে বৃষ্টির ছটায়। সামনের রাস্তাটা ঝাপসা ঝাপসা দেখা যাচ্ছে। এরই মধ্যে গাড়ির ড্রাইভার হ্যারি হেডলাইটের হাই বীম দিয়ে কোন রকমে ভাঙ্গা এবড়ো খেবড়ো রাস্তায় চালিয়ে অত্যন্ত ধীর গতিতে এগিয়ে যাচ্ছে। পাশের গাছ গুলোর রাস্তার দিকে ঝুকে থাকা গাড়ির উইন্ডোক্রিনে ক্রমাগত আছড়ে পড়ছে। সংগ্রামের পথ। অন্য দিক থেকে কোন গাড়ি আসছে না। হয়তোবা আবহাওয়ার পূর্বাভাস পেয়ে আর কেউ ঘর থেকে ঘর থেকে বের হওয়ার সাহস পায় নাই। এই তৃণাঞ্চলে এটাই বিশেষত্ব। শীতের দিনে ভীষণ শীত। আর গরমের সময় প্রচণ্ড গরম। গরমের সময় হঠাৎ কোন কোন জায়গায় এরকম নিম্নচাপ সৃষ্টি হয়ে আকস্মিক তুফান শুরু হয়। স্থানীয় ভাষায় এদের টুইস্টার বলে। এত তীব্র এই ঝড়গুলো যে গরু, ঘোড়া এমনকি আস্ত বাড়ীও এই সব তুফান গুলো উড়িয়ে নিয়ে যায়। যদিও বাড়ীগুলো কাঠের, তদুপরি বাতাসের তীব্রতা এত বেশি ও ঘূর্ণাকারে থাকে যে অনায়াসে একটি বড় বাড়ী বাতাসের সাথে সাথে ভূমি থেকে প্রায় ত্রিশ বা চল্লিশ ফিট উপরে উঠে যায়। আজও তাই হলো। কিন্তু আজ ঘূর্ণঝড়টি প্রচুর বৃষ্টিপাত সৃষ্টি করেছে। বৃষ্টির ঝামকা আওয়াজ আর গাছের পাতার শোঁ শোঁ শব্দ একটি ভৌতিক পরিবেশের সৃষ্টি করেছে। একটি পাহাড় শেষ হলে কিছুটা বনভূমি আকার পাহাড়ী পথ। যখন বনভূমিতে রাস্তা এগোয় তখন বৃষ্টি আর পানিতে পাহাড়ের কাদা পুরো রাস্তা ভরে গিয়েছে। মনে হয় একটা কাদার ঢিপির মধ্যে দিয়ে গাড়িটি এগুচ্ছে। কাদার গন্ধ আর গাছের পাতার গন্ধ মিলে একটা ডেম্প, সোঁদা গন্ধের সৃষ্টি হয়েছে। আকাশে ক্ষণে ক্ষণে বিদ্যুতের বলক। আকাশের একপ্রান্ত থেকে অন্য প্রান্ত ছুঁয়ে যায়। মাঝে মাঝে মনে হয় বিদ্যুতের বক্ররেখা মাটিতে বা পাহাড়ের চূড়ায় কোন জায়গায় আঘাত করছে। সাথে বাতাস আর বৃষ্টি গাড়িটিকে কিছুতেই সামনে এগোতে দিচ্ছে না। ক্যানসাস থেকে যখন হ্যানা আর কিশা যাত্রা করেছিল তখন আবহাওয়া খুবই উপভোগ্য ছিল। যদিও গরম ও রোদের তাপ প্রখর ছিল তথাপি একটা মধুর আবহাওয়া ছিল। এখন একেবারেই বৈরী এক রূপ।

ঝাপাং ঝাপাং করে গাড়ীর চাকাটি রাস্তায় সৃষ্ট গর্তে পড়ে যাচ্ছে, আবার উঠছে। কিশা আর হ্যানা দুজনে দু'জনের হাত শক্ত করে ধরে আছে। মুখে তাদের কোন কথা নেই। পৃথিবীর সব প্রার্থনা তারা মনে মনে আওড়ে যাচ্ছে। কিছুক্ষণ চোখ বন্ধ রাখছে আবার পরক্ষণেই চোখ খুলে দেখছে কোথায় এসেছে। ঝড় কি একটু কমেছে? গাড়ীর জানালা দিয়ে পরখ করে দেখছে। কিন্তু কিছুতেই আশ্বস্ত হতে পারছে না। পথ যেন কিছুতেই ফুরাচ্ছে না। মেঘের কালো বেঁটনী তাদের চারপাশে ঘিরে রেখেছে। যতই এগোচ্ছে মনে হয় আরও গভীর ঘন বৃষ্টি আর অরণ্যের মাঝে হারিয়ে যাচ্ছে। তারা যেন এক পরিত্যক্ত পৃথিবীর বাসিন্দা হয়ে গেছে। সময় যেন স্থবির হয়ে গেছে। কোন কিছু বোঝার জো নেই কতদূর কোথায় এসে তারা পৌঁছেছে। ভৌতিক, দুর্ভেদ্য পথ যেন আর শেষই হতে চায় না।

আরও কতক্ষণ তারা এই ভাবে চলছিল তা আর বোঝা যাচ্ছে না। হঠাৎ ড্রাইভার হ্যারি বলে উঠলো “ম্যাডাম, দূরে কিছুটা ডান দিকে আলোর মত কিছু দেখা যাচ্ছে।” “কিশা আর হ্যানা দু'জনেই বলে উঠলো ‘কোথায়’? হঠাৎ একটি আশার আলো যেন তাদের চোখে মুখে ফুটে উঠল। খুবই ব্যস্ত, ত্রস্ত হয়ে বলে উঠলো ‘কোথায়’? কোন দিকে? হ্যারি বলল, ‘রাস্তা থেকে কিছুটা বাঁ দিকে মোড় নিলে হয়তো যাওয়া যাবে।’

হ্যারি কিছুটা সংশয়ের সাথে বলল, যাওয়াটা ঠিক হবে কিনা। হ্যারি যদিও কিশা আর হ্যানার চেয়ে কিছুটা বড়, কিন্তু এই অঞ্চলে সেও নতুন। এর আগেও সে কয়েক বার ক্যানসাস থেকে মিশোরী গিয়েছে। কিন্তু এমন আবহাওয়া তার জন্যেও কিছুটা নতুন। কারণ সে ওয়েস্ট কোস্ট থেকে এসেছে। আর ম্যারিল্যান্ডের আবহাওয়া সম্পূর্ণ ভিন্ন মধ্য পশ্চিমের আবহাওয়া থেকে। তাই এই বৈরী আবহাওয়ায় সেও কিছুটা বিচলিত। হ্যানা বলল, “গেলে কি ভালো হবে?” কিশা কি ভেবে বলল, “গিয়ে দেখা যাক না” হ্যারি ও ভাবল অন্তত বৃষ্টিটা থামা পর্যন্ত কিছুটা ক্ষণ থাকা যাবে। বড় রাস্তা থেকে পাশের সাইড রোডে নামতেই বিশাল জিপটি একটি খাদের মধ্যে পড়ে গেল। ভীষণ ঝাঁকুনি খেয়ে উঠলো। মনে হলো সামনের চাকাটি একটি প্রকাণ্ড গর্তে পড়ে গেল। ফোর হুইল ড্রাইভ হওয়াতে ড্রাইভার এক্সেলেটরে প্রবল বেগে ধরে থেকে গাড়িটিকে হেলে দুলে পানি আর কাদার গর্ত থেকে তুলে নিল। গাড়ীর উইন্ডোক্রিন গুলো গাড়ির চাকা দ্বারা বিচ্ছুরিত কাদার ছিটকায় আবার ও ঢেকে গেল। ঝাপসা অস্বচ্ছ আলো এই কাদা মাথা গাড়ীর জানালা দিয়ে ক্রমে আরও স্পষ্ট হয়ে উঠতে লাগল। আস্তে আস্তে বাতিটি আরও কাছে এগিয়ে আসতে লাগলো। আরও কাছে অগ্রসর হতে দেখা এটা একটা গ্যাস স্টেশন। ভীষণ জরাজীর্ণ এবং পুরানো। সামনে দুটো ভাঙ্গা গাড়ী। একটা মাসটেক্স অপরটা শেভী। একটা লাল আর একটা কালো। রংগুলো যদিও ফিকে হয়ে গেছে, তবু পরিষ্কৃতির বৈপরিত্যকেই যেন ফুটিয়ে তুলছে। গ্যাস স্টেশনের কাছে মনে হলো বৃষ্টির ছটা কিছুটা কমে এসেছে। কিন্তু বাতাস আর বৃষ্টির পানিতে সৃষ্ট ছোটখাটো পানির ধারা পুরো গ্যাস স্টেশন ভরে গেছে।

কিশা আর হ্যানা দুজনে গাড়ী থেকে নেমে দাঁড়াতেই তাদের পায়ের উপর দিয়ে পানির শ্রোত বয়ে যেতে লাগলো। অনেকটা ঠান্ডা আর বৃষ্টির

ছটায় তাদের উপর ঠাণ্ডার হিমেল ছোঁয়া বয়ে গেল। চামড়ার বুটগুলো ভিজে গেলেও পানি এখনো তাদের পা পর্যন্ত পৌঁছে উঠে নাই। দ্রুত পা ফেলে তারা গ্যাস স্টেশনের দিকে এগিয়ে গেল। এই সব গ্যাস স্টেশনে সাধারণত কফিশপ বা রেস্টুরেন্ট থাকে। এখানেও তার ব্যতিক্রম নয়। তারা কাল বিলম্ব না করে কফি শপে গিয়ে ঢুকলো। একজন বুড়ো মতন রেড ইন্ডিয়ান মহিলা কাউন্টারে বসে আছে। খুব কঠিন ভাষায় তিনি তাদের অভ্যর্থনা জানালেন। তার মুখে হাসি বা আন্তরিকতার লেশমাত্র নেই। কিন্তু কফিশপটি কেন যেন খুবই মনোরম। এবং ঢুকেই তাদের মনে হলো পরিবেশটি বেশ মোলায়েম। কি একটা অদ্ভুত মায়ায় ভরা। একটা ধূপের গন্ধে পুরো পরিবেশটি ভরে আছে। কিছুটা চন্দন কাঠের গন্ধে জড়ানো একটা সুবাস মূহুর্তেই পঞ্চইন্দ্রীয়কে দোলা দিয়ে যায়।

কিশা এবং হ্যানা দু'জনেই ক্ষুধার্ত। ক্যানসাসের “জর্ডান ব্রিক” থেকে রওনা দেবার পর পানি ছাড়া আর কিছুই পেতে পড়েনি তাদের এইখানে তারা ক্যান্সাসের জন্যে এসেছিল। আর গতরাতে তারা ওয়েস্ট পোর্টে একটা পাবে এলাকার নেতাবন্দদের সাথে দেখা করতে এসেছিলো। হ্যানা মিশোরীর এক ছোট এস্টেট “শ্যাভিভিলে” এর গভর্নর নির্বাচনের জন্য লড়ছে। কিশা এবং হ্যানা দু'জনেই এই এলাকায় বড় হয়েছে। নর্থ ওয়েস্ট মিশোরী এস্টেট ইউনিভার্সিটির কাছে হওয়া এলাকাটি বেশ ডাইভার্স। হ্যানা তার বাবার কাছে শুনেছে তার পূর্ব পুরুষরা স্কটল্যান্ড থেকে উত্তর আমেরিকাতে পাড়ি জমিয়েছিল। প্রথমে তারা নিউ ইয়র্কে অবতরণ করেছিল। ১৯২০ সালের ‘গ্রেট ডিপ্রেসনের’ পর তার দাদার বাবা “মিড ওয়েস্ট” মধ্য পশ্চিমের এই অঞ্চলে এসে পড়েছিলেন। এরপরই তাদের এই বিশাল এই খামার ব্যবসার শুরু। তখন এই অঞ্চলটি ছিল ব্যবসায় রমরমা। মিশোরী নদী দিয়ে মিড ওয়েস্টের সমস্ত অঞ্চলে তাদের দ্রব্য গুলো পৌঁছে যেত। মিশোরী নদীর তীরে তখন অনেক ছোট ছোট মেলা বসত। যেখান থেকে খামারে উৎপাদিত শস্য, গৃহপালিত গরু এবং ঘোড়ার বাজার বসতো। মিশোরী এবং ক্যানসাস ছিল শস্য ও গৃহপালিত পশুর জন্য বিখ্যাত।

এখন ফার্ম ল্যান্ডের সব গুলোতেই সয়াবিন চাষ হয় বানিজ্যিক ভিত্তিতে। এই ফার্মগুলো স্বয়ংসম্পূর্ণ তাদের নিজেদের বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র, চলন্ত পানির সরবরাহ এবং পর্যাপ্ত পরিমাণে খাবার মজুদ থাকে। বাইরের বিশ্বের সাথে যোগাযোগ খুবই সীমিত। বর্তমানে ওয়াইফাই এবং টেলিভিশনের দৌরাতে তারা কিছুটা পরিবর্তিত বর্তমান পৃথিবীর সাথে যোগসূত্র স্থাপন করেছে, তথাপি, এই জনবিচ্ছিন্নতার কারণে এইসব এলাকার লোক বেশ রক্ষণশীল। স্থানীয় ভাবে এরা ‘রেড নেক’ নামে পরিচিত।

হ্যানাই দুই প্রজন্মের মধ্যে তার পরিবারের একমাত্র সদস্য যে ইউনিভার্সিটিতে পড়াশুনা করছে। কিছুটা পারিবারিক ঐতিহ্যের কারণে হ্যানা পলিটিক্সের সাথে যুক্ত হয়েছে। হ্যানার দাদা এবং বাবা দু'জনেই এই এলাকায় নেতৃত্বদানকারী রিপাবলিক্যান দলের নেতা। যদিও হ্যানা আধুনিক শিক্ষায় শিক্ষিত। তথাপি সে তার পরিবারের আদর্শকে বেছে নিয়েছে, দলকে যুগোপযোগী করে গড়ে তোলার লক্ষ্যে। এই কাউন্টি নির্বাচনে এটাই তার প্রথম অংশগ্রহণ।

আর কিশা মিশ্র অরিজিনের। কিশার বাবা পার্শ্ববর্তী ক্যানসাস ইউনিভার্সিটির মাইক্রোবাইয়োলজির শিক্ষক। তিনি বাংলাদেশ থেকে ৭০ এর দশকে আমেরিকাতে পাড়ি জমিয়েছিলেন। আর তার মা হচ্ছেন মিশোরীর শ্যাভিভিল থেকে। তিনি ছিলেন একজন রেজিস্টার্ড নার্স। পরবর্তী জীবনে তিনি বাচ্চাদের দেখাশুনা করার জন্য নিজের পেশা থেকে অব্যাহতি নিয়েছিলেন।

কিশা এবং হ্যানা দুজনেই ইউনিভার্সিটি থেকে একজন আইনে অপরজন রাজনীতি বিদ্যায় পড়াশুনা শেষ করে। কিশার মত তুখোর আইনের গ্রেজুয়েট মিশোরীতে দ্বিতীয়টা খুঁজে পাওয়া দুষ্কর। তার ইউনিভার্সিটি জীবনের পুরোটাই সে ছিল স্টুডেন্ট কাউন্সিলের প্রেসিডেন্ট। অর্ধেক বাঙ্গালী আর অর্ধেক আমেরিকান এই আইনবিদ কে এলাকার নীতি নির্ধারকেরা অত্যন্ত সম্মিহ করে চলেন। আর তীক্ষ্ণ নেতৃত্ব দান ক্ষমতা সম্পন্ন হ্যানা প্রথম থেকে কিশাকেই তার নজর বন্দী করে রেখেছিল। দুজনের মধ্যে ভীষন মিল। পূর্ব বন্ধুত্বের সূত্র ধরে হ্যানা তার নির্বাচনী প্রচারণায় কিশাকে সঙ্গী করে নেয়। কিশা হ্যানার প্রধান নির্বাচনী ম্যানেজার এবং নীতিনির্ধারক। ইউনিভার্সিটি জীবনের বন্ধুত্ব তাকে বিশেষ প্রভাবিত করেছে।

এভাবেই তাদের দু'জনের পথ চলা শুরু। দুজনেই এখনো জীবন সঙ্গী হিসেবে কাউকেই পছন্দ করে নাই। তবে হ্যানা মনে মনে নিককে বেশ পছন্দ করে। নিকোলাই রাশান অরিজিনে তার সঙ্গেই পড়াশুনা করেছে। বেশ নির্ভরশীল। যে কোন প্রয়োজনে সে নিকের কাছে অনায়াসে যেতে পারে। তবে এখনো বলা হয়ে উঠে নাই। হয়তো হ্যানা নিককে জানার জন্য আরও কিছু সময় চায়। মনে মনে সে ধরে রেখেছে ইলেকশনের ব্যাপারটা শেষ হলে সে নিককে কিছু একটা বলবে।

হ্যানা আর কিশা গাড়ী থেকে নেমে খাবার দোকানে গেল। আর ড্রাইভার হ্যারি কিছু গ্যাস রিফিল করার জন্য গেল। খাবার দোকানে ঢুকে দুজনেই দুটো পাই এবং পিৎজার টুকরো নিয়ে বসলো। ভেজিং মেশিন থেকে দুটো সিডার নিলো। বসে দুজনেই ধীরে সুস্থে খেতে লাগল। ড্রাইভার হ্যারি ও বসে একটি হ্যানিক্যান এবং একটি পিৎজার টুকরা নিয়ে বসলো। হ্যারি ভাবলো একটা কফি হলে সাথে মন্দ হয় না। রেস্ট রুম থেকে ফিরে এসে সেও একটি কফি নিল। মনে মনে ইচ্ছে রাতটা এই কফিশপেই কাটিয়ে দিবে। ঝড় তুফান থেমে আসলে আর সকাল হয়ে এলেই তবেই যাত্রা করবে। কফিশপটা বেশ আরামদায়ক, একটা নিবিড় পরিবেশ আছে। আস্তে আস্তে যেন তার ঘুম জড়িয়ে আসছে।

কিশা আর হ্যানা দুজনেই তাদের খাবার গুলো খাচ্ছিল আর বৃষ্টির হালকা ছটা কফি শপের জানালার উপর যে আলোর সৃষ্টি করছে বাইরের ল্যাম্পপোস্টের আলো দিয়ে তা দেখে দেখে বিয়ারে হালকা চুমুক দিচ্ছিলো। একটা প্রচণ্ড ভীতিকর এবং টেনশনপূর্ণ যাত্রার একটা ছোট “ডিট্রার” যাত্রাবিরতী তেমন মন্দ নয়। এরাও মনে মনে ভাবল রাতটা এখানেই কাটিয়ে দিতে পারলে ভাল হয়।

কেমন একটা বিমানো ভাব এদের আচ্ছন্ন করে রেখেছে। হঠাৎ মনে হলো ইন্ডিয়ান রমনী একটি ক্যান্ডল হাতে তাদের সামনে এসে দাড়ালো। তাদের বলল ইশারায় ডেকে তাকে অনুসরণ করার জন্য। কিশা এবং হ্যানা বিনা বাক্য ব্যয়ে তাকে অনুসরণ করা শুরু করলো। তারা করিডোর দিয়ে হাটতে শুরু করলো আবছা আলোতে। চারিদিকের পরিবেশটা কেমন অদ্ভুত সুন্দর লাগছিল। তারা কোন প্রশ্ন না করেই শুধু সম্মুখে এগিয়ে যেতে লাগল। যেতে যেতে দীর্ঘ করিডোর পার হতে হতে তারা কিছু একটা গুঞ্জনের শব্দ শুনতে পেল। গুঞ্জনটা ধীরে ধীরে গভীর হতে গভীরতর হয়ে বড় ও বিকট হয়ে উঠতে শুরু করলো। অনেক গুলো কণ্ঠ একই তালে কবিতার মতো আবৃত্তি করছে। তারা সবাই একই তালে নাচছে আর গাইছে। তাদের তালের মূর্ছনায় কোথাও কোন ভ্রক্ষেপ নেই। শুধুই নেচে যাচ্ছে আর আবৃত্তি করছে। কিছুটা অংশ বুঝা গেলেও আবৃত্তিটি সম্পূর্ণ যেন ভিন্ন ভাষায় তারা শুধু বলছিল “আমায় দিতে হবে....” “আমায় দিতে হবে.....”। একবার মনে হচ্ছিল তারা ন্যায়বিচার চাচ্ছে। তারা চাচ্ছে তাদের পরিপূর্ণ রূপে বেঁচে থাকার অধিকার। নানা বয়সী ছেলে মেয়ে একসাথে গাইছে। আরও কিছু দূর এগিয়ে যাওয়ার পর মধ্য বয়সী নারী পুরো কালো কাপড়ে শরীর ঢাকা। তারা বিশাল ছোড়া হাতে কিছু যেন একটা উপসনার বলী দিতে যাচ্ছে।

সামনে বিদঘুটে এক জানোয়ারকে তারা প্রবল শক্তি দিয়ে মারতে চাচ্ছে। কিন্তু যতবারই জানোয়ারকে আঘাত করে ততোবারই সে নতুন ভাবে নতুন রূপে বেরিয়ে আসে কিছুতেই তাকে ধ্বংস করতে পারে না।

কিশা আর হ্যানা যেন আর সহ্য করতে পারছিল না। তারা ছুটতে লাগলো তারা ছুটতে ছুটতে কফি শপের যে ঘরে বসেছিল সেখানে এসে পৌঁছালো। তারা কোনো ভাবে বের হয়ে আসার পথ খুঁজছিলো। হঠাৎ তারা আবাবো ইন্ডিয়ান রমনীর সম্মুখে এসে পড়লো। “তোমরা কখনোই তোমাদের কৃতকর্ম থেকে মুক্ত হতে পারবেনা। যেখানেই যাও তোমাদের অবস্থান তোমাদের ছাড়বে না। কর্মের কাছে সকলেই বন্দী”।

শব্দ গুলো যেন হাজারো প্রতিধ্বনি হয়ে কিশা আর হ্যানাকে অনুসরণ করতে লাগলো। আর তারা শুধুই ছুটছে গভীর থেকে গভীরতর অরণ্যনীরে, কোথায় হ্যারি আর কোথায় তাদের গাড়ী.....।

সূর্যের একটা মিষ্টি আলোর ছটা যেন কিশার চোখে এসে পড়ছে। কিশা হঠাৎ চোখ খুলে বসলো। দেখলো গাড়ীর সিটে পাশে হ্যানা শুয়ে আছে। হ্যারি যেন গাড়ীর ইঞ্জিনের কিছু একটা ঠিক করছে। দূরে একটা ফার্ম হাউসের রোল করা ঘাসের চাকা থরে থরে বিভিন্ন জায়গায় জুপ করা দেখা যাচ্ছে। রাস্তার ধারে মাইলের পর মাইল শুধু সয়াবিনের মাঠ। বহু দূরে কিছু গরু ছুটছে মাঠে। কিশাকে ঘুম থেকে উঠতে দেখে হাসি মুখে হ্যারি বললো “তোমার কি ভালো ঘুম হয়েছিল”? যাক আবহাওয়া ভালো হয়ে উঠেছে। তোমরা ফ্রেশ হতে চাইলে পাশের ওই ফার্ম হাউজে যাওয়া যায়। কিশা হ্যানাকে ঘুম থেকে ডেকে তুলতে লাগলো। হ্যারি বললো, তার আর দরকার নেই। এক ঘন্টা ড্রাইভের পরেই তো “শ্যাভি ভীলে” আমরা পৌঁছে যাবো।

সাবিনা সুজা ১৯৯৭ সালে চট্টগাম ইউনিভার্সিটি থেকে ইংরেজি সাহিত্যে মাস্টার্স ডিগ্রী লাভ করে তিনি ২০০৯ সাল থেকে সিঙ্গাপুরে PAP পরিচালিত কিভার গার্টেন “স্পারকেল টটস” এ শিক্ষকতার কাজে নিয়োজিত আছেন। ব্যক্তিগত জীবনে তিনি ১৭তম ব্যাচের প্রকৌশলী হানিফ সুজার সহধর্মিনী। তিনি এক পুত্র সামির এবং কন্যা রেশমার জননী।



LEADING THE WAY IN MARINE AND OFFSHORE SOLUTIONS

ABS has advanced marine classification efforts for more than 150 years and pioneered offshore classification when the first oil rigs moved into the water. ABS continues to lead today, taking on technical, operational and regulatory challenges and setting new standards for safety and excellence.

Our team of surveyors, engineers, researchers and regulatory specialists is introducing innovative solutions to pressing challenges around the world. We understand that what we do makes a difference to the lives of people and the quality of the environment.

Contact us today to learn more about how ABS is developing practical and sustainable solutions.

LEADING THE FUTURE
www.eagle.org

সমুদ্র যাযাবর-আফ্রিকা উপাখ্যান

শাহ আলম



হাজার বছর ধরে আমি পথ হাঁটিতেছি পৃথিবীর পথে ... ।

অক্টোবর ২০১৭ এর মাঝ প্রান্ত । অফিস থেকে কল পেলাম, আফ্রিকা যেতে হবে, প্রথমে ক্যামেরুন, তারপরে কেনিয়া । রজার মিলার দেশে যাব ভেবে উচ্ছ্বল বোধ করলাম । ষোলো ঘণ্টার লম্বা ফ্লাইটের সাথে ট্রানজিট মিলিয়ে মোটামুট বাইশ ঘণ্টা । ঢাকা থেকে দুবাই হয়ে আদিস আবাবা ট্রানজিট, তারপর মালাব দ্বীপে একবার থেমে দুয়ালা (ক্যামেরুনের রাজধানী) ।

আকাশ, বাতাস, মাটির সাথে সাথে মানুষের ভাষা, রঙ আর গন্ধ বদলাতে থাকলো । বিকেলে হোটেলে পৌঁছলাম, মরার মত কয়েক ঘণ্টা ঘুমিয়ে রাতের খাবার শেষে আবার ঘুম ।

যেতে হবে কেপ লিম্বে নামের আরেক বন্দর শহরে, এজেন্ট জানাল দুই ঘণ্টার পথ । ট্রাফিকের পিক আওয়ার, অজস্র মোটর বাইক, নিয়ম হীনতার নিয়ম দিয়ে অবশেষে খোলা হাইওয়েতে গাড়ি উঠতেই পিকআপ বাড়িয়ে দিল এমানুয়েল । কিছুদূর যেতেই পুলিশ আর সেনা টহল, জানা ছিল না যে অক্টোবরের শুরুতে বেশ জটিল একটা গোলমাল হয়েছে এখানে । এখন পরিস্থিতি নিয়ন্ত্রণে । একটা নদীর উপর দিয়ে পার হলাম, নদীর নাম মঙুগু । এমানুয়েল জানালো এটা ইংলিশ ক্যামেরুন আর ফ্রেঞ্চ ক্যামেরুন এর সীমানা । তার গাড়ির নাম্বার পেট ফ্রেঞ্চ, কিছুদিন আগে হলেও গাড়ির উপর ইংলিশ ক্যামেরুন এর বিপুবীরা হামলা চালাত । একটু যেমে উঠলাম, সে আমাকে অভয় দিয়ে দ্রুত চলতে থাকলো । ইংলিশ ক্যামেরুন এর অংশ বেশি সমৃদ্ধ তাদের কৃষি পণ্য, জ্বালানি, বন্দর, খনিজ সবকিছু ফ্রেঞ্চ ক্যামেরুনের চেয়ে বেশি । তারা আলাদা হতে চায় । প্রথমে বিস্তীর্ণ রাবারের বন । সেটা পার হতেই কলার বাগান । মাইলের পর মাইল । এর পর শুরু হল পাম গাছের সারি পাহাড়, সমতল, সব জায়গায় শুধু পাম গাছ । পাহাড়, মেঘ, রোদ আর সবুজের ছবির মাঝখান দিয়ে এক সময় লিম্বে শহর পার করে আরও যেতে থাকলাম আমরা । ক্যামেরুনের স্টেডিয়াম, পুলিশ একাডেমি, মেরিন একাডেমি এসব পার করে হঠাৎ করে অনেক উঁচুতে গালফ অফ গিনির দেখা মিলল । কেউ ফিতা কাটার মতন করে একটু কেটে দিলে সব নিমিষে ভেসে যাবে, সাগর পৃষ্ঠের বেশ নিচুতে আমরা । ঝুলন্ত সাগরটা একটা বিশাল পানি ভরা পেয়ালার মতন মহান কারিগর সামনে ধরে রেখেছেন । দূরে জাহাজ গুলো খেলনা নৌকার মত স্থির চিত্র হয়ে সাগরের বুকে সেটে আছে এক গভীর মমতায় । সেখানেই যাব । কি আছে ঐ দূরে আর ও দূরে?

এজেন্ট তার পরিচয় পত্র দেখাতেই Group 8 এর নিরাপত্তা প্রহরী বন্দরের বিশাল গরাদ ঠেলে খুলে দিল । নানা ধরনের নিয়ম মেনে আনুষ্ঠানিকতা শেষে আমাকে স্ট্যাম্প আউট করে ক্যামেরুন থেকে বিদায় দিয়ে দেয়া হল । কিছু জটিলতা নিয়ে ইমিগ্রেশন অফিস থেকে বের হলাম, ট্রানজিট ভিসা নিয়ে এই দেশে অনুপ্রবেশ, জটিলতাটা শেষ না করলে ফিরতে পারব না, জাহাজের সাথে যেতে হবে নাইজেরিয়া – THE LEAST EXPECTED CHOICE OF DESTINATION. ছোটো একটা গাস ফাইবার বোটে করে রওনা হলাম, কোন সেফটি বেল্ট নাই, শুধু লাইফ জ্যাকেট পরে শক্ত করে পাটাতন ধরে বসে রইলাম । পাগলা ঘোড়ার মতন লাফিয়ে বাঁপিয়ে বোট এগুতে থাকে । ধীরে ধীরে মন শান্ত হতে থাকে, যত গভীরে যাই তত মধু, যত উপরে যাই তত নীল ... ।

দুই দশকের বেশি সময় ধরে পানিতে ভেসে কাজ করলেও সমুদ্র জলের এত কাছে বেশী আসা হয় না । আকাশে মেঘ করেছে, ডান পাশে লীম্বে শহর, পাহাড়ের গায়ে বাড়ীগুলোকে মনে হচ্ছিল কেউ পিন দিয়ে আটকে রেখেছে । সবুজ পাহাড়ের নীচে নীল সমুদ্র আছড়ে আছড়ে ফেনিল উচ্ছ্বাসে মত্ত । আমার গন্তব্যে পৌঁছে গেছি, কয়েক দিনের জন্য এইটাই বাড়ী । দীঘল দড়ির সিঁড়ি বেয়ে মূল ডেকে পৌঁছাই । জাহাজের ক্যাপ্টেন আমন্ত্রণ জানায় । এক সময় এরা আমার সহকর্মী ছিল । একটা ঘটনার তদন্ত করতে এসেছি । সবাই একটু সন্ত্রস্ত । এই অনুভূতিটা আমার ভালো ঠেকে না, যাই হোক দুপুরের খাবার শেষে সবাইকে আশ্বস্ত করে কাজ শুরু করলাম ।

টানা পাঁচ দিনের মধ্যে রহস্যের একটা ক্লকিনারা করে এবার ফেরার পালা ।

এখন মন শান্ত, এখন চোখ মেলে দেখতে দেখতে যাবো । আজ রোববার । সমুদ্র শান্ত মেয়ের ঘন চুলের দীঘল বিনুনির চেউ খেলিয়ে যাচ্ছে । অপূর্ব । অপার্থিব সুন্দর সে দৃশ্য । কিছু ছবি তোলা যাবে আজ । আর না তোলা কিছু ছবি তুলে রাখলাম আপন মনের মনিকোঠায় ।

মোঃ শাহ আলম (২৯): জন্ম ১৯৭৩ । বাবার ছিল বদলির চাকরি, স্থির ছিলাম না আমরা । এরপর ১৯৯৬ থেকে জলে ভাসা কচুরিপানা, নিরন্তর ভেসে চলা সময় আর ভাবনার সাথে পেরে উঠি না । ভাবনার বাষ্প থেকে কাগজ কলম নিয়ে অক্ষরের আঁকিবুকি করি কৈশোর থেকে । লেখা গুলো দেয়াল পত্রিকা বা কলেজের পত্রিকার গণ্ডি পার হয় নি কখনো । কিন্তু লেখার স্বপ্ন ছিল, এখনও আছে ।

যুগল কবিতা

জাহানারা খান বেবী



ক্লান্ত দেহ শান্ত মন

ক্লান্ত দেহ শান্ত মন
পড়ন্ত বিকেলে তাকায় আকাশ পানে খরা রৌদ্রর,
সূদূরে ডাহুক পাখীর ক্রন্দন
লক্ষ্যহীন এক পথচারী চলে গন্তব্যহীন ।

মরা নদীর স্রোতহীন ধারা বয়
নেই চেউ, নেই কুল কুল ধ্বনি
মেঘের গর্জণ, বিদ্যুতের ঝিলিক
ঝম ঝম বৃষ্টির আশায়, আকাশ পানে চায়
এক'কি দু'ফোঁটা জল, শুধুই তৃষ্ণা বাড়ায় ।

ভোরের শিশির কনায় এক ফোঁটা সুখ
স্পর্শের আগেই বারে পড়ে
আকাশের মিটি মিটি তারারা
উঁকি দেয় আর লুকায়
ঘন কালো মেঘের ইশারায় ।

ক্লান্ত দেহ শান্ত মন
পথের প্রান্তে বসে ভাবে
কতদূর, আরও কতদূর যেতে হবে ।

জাহানারা খান বেবী, ছেলে বেলা থেকেই নাচ গান আর কবিতার সাথে বসবাস ।
ঘর সংসার সামলিয়ে কোন এক অলস দুপুরে কিছু এলোমেলো লেখালেখির চেষ্টা ।
পছন্দের বিষয় নাচতো আছেই সাথে কবিতা ও গান । মোস্তাফিজুর রহমানের (১৮) সহধর্মিণী ।

অচীন পাখী

অন্তরে আমার বাস করে এক অচীন পাখী
সারাদিন বিরামহীন স্বপ্নের দেশে ঘুরে বেড়ায়
রাত হলে ক্লান্ত দেহে ঘুমিয়ে পড়ে
আমার জানালার ধারে, কৃষ্ণচূড়ার মগ ডালে ।।

সারাদিন খিলখিল ঠুনঠুন
বেসুরো গলায় স্বরলিপিহীন গুনগুন ।
নিয়মহীন উজান শ্রোতের অমোঘ টানে
উড়ে যায় সুদূর অনন্তের পানে ।।

এলোমেলো লেখালেখি
ছন্দহীন কবিতার চরণ পড়ে থাকে শিরোনামহীন ।
দিন যায়, মাস যায়, বছর পার হয়
জীবন চলে অন্তহীন নিরাশার দোলাচলে,

মাঝে মাঝে ডেকে বলি "একটু দাঁড়াও, তুমি স্থির হবে কবে" ?
মুচকি হেসে হেঁয়ালী সুরে বলে
" রাত পোহালে তবে " ।





ইন্টারনেট বনাম কৈশোর

আরিফুল ইসলাম

বিগত বছরগুলিতে দেশে ইন্টারনেট ও স্মার্ট ফোনের দাম হাতের নাগালে চলে আসায় ব্যবহারকারীর সংখ্যা ব্যাপক ভাবে বৃদ্ধি পেয়েছে। এ বিষয়টি সত্যিই চমৎকার! একবিংশ শতাব্দীর যুগে সহজ লভ্য যোগাযোগ মাধ্যম অবশ্যই যুগোপযোগী। শিক্ষা, চিকিৎসা, স্বাস্থ্য এবং আরো বহুবিধে পৃথিবীর বিভিন্ন প্রান্ত থেকে সংশ্লিষ্ট বিষয়ের ওয়েবসাইট থেকে জ্ঞান আহরণ করা যাচ্ছে দেশে বসেই।

কিন্তু পরিতাপের বিষয় হল বর্তমানে ইন্টারনেটের অপব্যবহার উল্লেখযোগ্য ভাবে বেড়েছে। বিভিন্নভাবে অসাম্প্রদায়িকতা বিরোধী ঘৃণা, বিদ্বেষ, গুজব ছড়ানোসহ আরো অনেক উপায়ে অনাচার, মিথ্যাচার করে এর অপব্যবহার করে চলেছে কিছু মানুষ। অথচ ইন্টারনেট আবিষ্কারের মূল লক্ষ্য ছিল জ্ঞান নিভর সমাজ গঠনে সহায়তা করা।

বর্তমানে স্কুল পড়ুয়া ছাত্র-ছাত্রীদের ইন্টারনেট ভিত্তিক বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার আশংকাজনক ভাবে বেড়েছে। যে বয়সে এদের পড়াশোনার পাশাপাশি খেলাধুলা, কুইজ, বিতর্ক, কবিতা আবৃত্তি, স্কাউটিংসহ বিভিন্ন-শিক্ষামূলক কার্যক্রমে যুক্ত থাকার কথা, সেখানে দেখা যাচ্ছে তারা বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে সময় নষ্ট করছে। এ বিষয়টি আমাদের খুবই গুরুত্বের সাথে বিবেচনা করতে হবে। প্রতিভা বিকাশের সোনালী সময়ে ছেলে-মেয়েরা ইন্টারনেটে পড়ে থাকলে ভবিষ্যতে এর বিরূপ প্রভাব পড়বে। পাশাপাশি তাদের শারীরিক ও মানসিক স্বাস্থ্যের উপরও এর ক্ষতিকর প্রভাব পড়বে। এই বয়সে স্মার্টফোন ও ইন্টারনেটে আসক্তি কোন ভাবেই গ্রহণযোগ্য নয়। স্বাভাবিক ভাবে এটিই প্রতীয়মান হয় যে, এত অল্পবয়সে স্কুল পড়ুয়া ছাত্র-ছাত্রীদের হাতে স্মার্টফোন তুলে দেয়ার মোটেই প্রয়োজন নেই। বাবা-মায়েরদেরকে এ বিষয়ে অনেক সতর্ক হতে হবে। ছেলে-মেয়েদের এ বয়সে পড়াশোনার পাশাপাশি নৈতিক ও ধর্মীয় মূল্যবোধের শিক্ষা দিতে হবে। তাদের প্রতিভা বিকাশের সুযোগ করে দিতে হবে। পাশাপাশি স্কুলের শিক্ষকগণ এ বিষয়ে ছেলে-মেয়েদের সচেতন করতে সচেষ্ট হবেন। যাতে করে বিদ্যালয়ের গন্ডি পেরোনোর আগেই তাদের হাতে স্মার্টফোন তুলে না দিয়ে মাঠে গিয়ে খেলাধুলার পাশাপাশি তাদের সুপ্ত প্রতিভা বিকাশের জন্য পর্যাপ্ত পরিচর্যা ও সুযোগ সৃষ্টি করে দিতে হবে। প্রতিযোগিতামূলক বিশ্ব-দরবারে তারা সেরা পর্যায়ে নিজেদের আসীন করে নিজের ও পরিবারের, তথাপি সমাজ ও রাষ্ট্রের কল্যাণ সাধন করবে এটাই সকলের প্রত্যাশা।

জ্ঞান আহরণের জন্য ছেলে-মেয়েরা অবশ্যই বাসার কম্পিউটার কিংবা বাবা-মায়ের ফোন থেকে ইন্টারনেটের বিভিন্ন ওয়েবসাইটে তথ্য খুঁজে দেখতে পারে; উদাহরণ স্বরূপ টেন মিনিট স্কুল নামে একটি ওয়েবসাইট (10minuteschool.com) আছে যা থেকে তারা স্কুলের পাঠ্যবই এর বিষয়গুলো ছাড়াও আরো বিভিন্ন বিষয়ের উপর প্রচুরজ্ঞান অর্জন করতে পারে। যাদের কম্পিউটার প্রোগ্রামিং বিষয়ে আগ্রহ আছে তাঁরা cpbook.subeen.com এই ওয়েবসাইটে গিয়ে প্রোগ্রামিং নিয়ে বাংলায় লেখা চমৎকার একটি বই পড়তে পারে।

স্কুলের শিশু-কিশোরেরাই জাতির ভবিষ্যৎ প্রজন্ম। স্মার্টফোন ও ইন্টারনেটের আসক্তি থেকে দূরে রেখে তাদের সঠিক উপায়ে পরিচর্যা করে উচ্চ শিক্ষায় শিক্ষিত হবার পথ সুগম করতে হবে। এ ক্ষেত্রে অভিভাবক এবং শিক্ষকরা বিশেষ ভূমিকা পালন করতে পারেন। সকলের সুন্দর ভবিষ্যৎ এর জন্য শুভকামনা রইল।

মুহাম্মদ আরিফুল ইসলাম (৪৯), মার্চেন্ট মেরিন অফিসার (শিক্ষানবিস)। পরিবার নিয়ে ময়মনসিংহে বসবাস করেন।



দাদা ভাইয়ার শখ

রিহান কালাম



আমার দাদা ভাইয়ার বয়স আশি বছরের মত। উনি খুব নিয়ম করে চলা ফেরা করেন। সকালে ঘুম হতে ওঠা থেকে শুরু করে নামাজ পড়া, নাস্তা করা, বাজারে যাওয়া সব কিছুতেই উনি নিয়ম মেনে চলেন। উনি যেমন নিয়ম মত চলাফেরা করেন, বাসার সকলকেও নিয়ম মত চলা ফেরা করতে বলেন। উনি পরিবারের মুরুব্বী, তাই উনার উপর বাবা/চাচা/ফফুরা কখনো কথা বলেন না। উনি আমাদের অনেক অনেক ভালবাসেন।

আমাদের গ্রামের বাড়ীটা বেশ বড় এবং সুন্দর। দেয়াল দিয়ে ঘেরা দোতলা মাটির ঘর আমাদের। মাটির ঘরের পিছনে পাকা ঘর এবং পাশে বসার ঘর, তার পিছনে রয়েছে বাঁধানো পুকুর। ঘরের সামনে খেলার মাঠ, তার পাশেই আছে একটি খাল। বাড়ীর চারপাশে বিভিন্ন রকমের ফলের গাছে ভরা। ফলের মধ্যে আম, জাম, লিচু, কাঁঠাল, সুপারী, নারিকেল, কলা, সফেদা, লেবু ও আনারস গাছ রয়েছে। লিচু গাছটা হচ্ছে ঘরের সামনের মাঠের (উঠোনের) এক কোনায়। লিচু গাছটা হাতের নাগালের মধ্যে হওয়াতে এখন আমাদের লিচু পেড়ে খেতে অসুবিধা হয় না।

সিঙ্গাপুরে আসার আগে আমরা চট্টগ্রাম শহরের বাসায় থাকতাম। একবার লিচুর মৌসুমে দাদা ভাইয়া বাবাকে গ্রামের বাড়িতে যেতে বললেন। কারণ তিনি আমাকে ও বড় আপু ইরাকে লিচু খাওয়াবেন। আমরা বিকেলে গ্রামের বাড়িতে পৌঁছলাম। দাদা ভাইয়ার ইচ্ছা আমাদের গাছ থেকে লিচু ছিড়ে নিয়ে খাওয়াটা দেখবেন। আমি অনেক ছোট ছিলাম, লিচু গাছে লিচু নাগাল পাচ্ছিলাম না তাই একটি টেবিল দেওয়া হল। ঐ টেবিলে আমি আর আমার বড় আপু দাঁড়লাম এবং সহজেই লিচু ছিড়ে খেতে লাগলাম। দাদা ভাইয়া আনন্দিত হয়ে আমাদের লিচু খাওয়া দেখছিলেন। এত বছর পর যখন ঐ ঘটনা মনে পড়ে তখন খুব ভাল লাগে। এই ভেবে যে, আমার দাদা ভাইয়া আমাদের কি পরিমান ভালবাসেন। দোয়া করি আল্লাহ যেন আমার দাদা ভাইকে অনেক অনেক হায়াত দান করেন।

রিহান কালাম ক্যাপ্টেন মোহাম্মদ ইমরান কালাম চৌধুরীর (২৬তম) ছেলে।





BANGLADESHI MARINE COMMUNITY, SINGAPORE. UEN Number: T14SS0170B

LIST OF OFFICE BEARERS OF BANGLADESHI MARINE COMMUNITY, SINGAPORE 2017–2018



President
ZAHIRUL ISLAM
Assistant General Manager,
Pacific International Lines



Vice president
ZULFIQUR HUSAIN
Senior Marine Surveyor, Training Standards
Maritime & Port Authority of Singapore



General Secretary
EMDAD HOSSAIN
Assistant Managing Director
Nathalin Shipping Pte Ltd



Joint Secretary
GOLAM MOHAMMAD SARWAR
Technical Manager
Ocean Tankers Pte Ltd



Treasurer
(up to 16 May 2017)
MD HARUN-OR-RASHID
Dockmaster,
Keppel Shipyard Benoi



Treasurer
(from 19 May 2017)
MAFIZUL ISLAM BHUYAN
Technical Manager,
Ocean Tankers Pte Ltd



Professional Development Secretary
(up to 02 September 2018)
A.K.M. JAMAL UDDIN
Technical Superintendent,
New Ocean Ship Management Pte Ltd



Professional Development Secretary
(from 02 September 2018)
MOSTAFIZUR RAHMAN
Sr. Vessel Manager
BergeBulk



Cultural Secretary
SUBRATA SAHA
Senior Vessel Manager
Berge Bulk Maritime Pte. Ltd.



Sports Secretary
SHAKHAWAT HOSSAIN
Technical Superintendent,
New Ocean Ship Management Pte Ltd



Welfare Secretary
IMRAN KALAM CHOWDHURY
Senior Marine Superintendent
Ocean Tankers Pte Ltd



Council Member
M A BATEN
CEO
Prantik Group



Council Member
FARHAD IFTEKHER
Senior Marine Surveyor, Flag State Control,
Shipping Division
Maritime and Port Authority of Singapore



Council Member
ALI GAUHAR SHAHRIAR
Senior Fleet Superintendent
MSI Ship Management Pte. Ltd.



Council Member
BIMAN CHOWDHURY
Director, Marisolves Pte Ltd



Council Member
AKM SAIFULLAH
Technical Manager,
Komaya Shipping Company Pte Ltd



Council Member
ISTAQUE HOSSAIN
LPSQ Superintendent (DPA/CSO)
Bernhard Schulte Shipmanagement (Singapore) Pte Ltd

**AUDITORS OF
BANGLADESHI
MARINE COMMUNITY,
SINGAPORE
2017 – 2018**



Auditor
DEWAN MOHAMMAD SHAHJAHAN
Marine Superintendent,
Crew Training Section, Unix Lines Pte Ltd



Auditor
MIZAN AL KABIR RIPON
Senior Lubricants Technical Advisor
Shell Marine, Shell Eastern Trading Pte Ltd



► BMCS National Day Bowling Tournament



► BMCS Cricket Festival



► BMCS Walk-a-Jog



► Meeting the Prime Minister

BMCS Professional Seminar
Organized By
Bangladeshi Marine Community, Singapore (BMCS).

Topic 1:
Leadership - Why Now?
• Mr. Rafiqul Quader (11E)
Key Account Manager South Asia Cluster
ExxonMobil Asia Pacific Pte Ltd.

Topic 2:
Bunkering through Mass
Flow Meter in Singapore –
prospects and challenges
• Captain M. Mominul Hoque (26N)
Marine Services Advisor
Maritac Pte Ltd, Singapore

Event Sponsor: **DATE: 1 April 2018 (Sunday)**
Time: 12:30 hrs ~ 16:00 hrs
Venue: Function Room (Basement),
Gulf View, Bukit Batok St 52, Singapore 659245.

► Professional Seminar

BMCS Professional Seminar
[Special Edition]

Topic 1: IMO to
National legislations –
How it works
• Mr. M. Qamruzzaman (11E)
Principal Advisor, Vessel Safety
Australian Maritime Safety Authority (AMSA)

Topic 2: EU MRV –
Overview, Update
and Solution
• Mr. Amitava Talukdar (30E)
Technical Director
Viswa Lab, Singapore

Date: 13th May 2017 (Saturday)
Time: 18:30 hrs ~ 22:00 hrs
Venue: Function Room (Basement),
Gulf View, Bukit Batok St 52,
Singapore 659245.

► Professional Seminar



TIONG ENGINEERING PTE LTD

29 TUAS BASIN LINK, SINGAPORE 638765. TEL: 6863 6667 (5 LINES). FAX: 6863 6668
 Email: tiongam@singnet.com.sg, tiongengineering@gmail.com

Authorized repair agent for KOBЕ DIESEL CO., LTD.



M/E EXHAUST VALVE HOUSING AFTER RECONDITIONED

We at the TIONG ENGINEERING PTE LTD provide our services to the ship owners in the reconditioning of large marine diesel engine key components.

Our well equipped workshop of machineries, well trained and experienced and machine operators and its qualified team of supporting staff will not only get the job completed on schedule and to meet your requirement.

We have throughout the years provided satisfied repair performance for our overseas and local clients.

We are committed to provide our clients the best in term of our prices and services.

Your call to us will be the best you have made and we will not disappoint you.



M/E EXHAUST VALVE SPINDLE AND SEAT AFTER RECONDITION.



M/E PISTON CROWN AUTO SUB ARC WELDING IN PROGRESS



VARIOUS TYPE OF M/E CYLINDER COVER AFTER REPAIR AND BORING IN PROGRESS.



FULLY RECONDITIONED PISTON CROWN UNDERGOING PRESSURE TESTING.



Performance elevated

WE ARE EMPLOYING OVER 1400 SEAFARERS YEARLY

Head Office - Chittagong :

Rummana Haque Tower, 1267/A, Goshaildanga,
Agrabad C/A, Chittagong-4100, Bangladesh.
PABX Tel : +88 031 716214-6, Fax : +88 031 710530
E-mail : haqsonsctg@haqsons.com

Branch Office - Dhaka :

House No-12, Road No-8, Sector-3,
Uttara Model Town, Dhaka-1230, Bangladesh.
PABX Tel : +88 02 7914723, 25, 35, Fax : +88 02 58953045
E-mail : haqsonsdhk@haqsons.com

Branch Office - Khulna:

47/3, Rupsha Strand Road
Khulna, Bangladesh.
Tel : +88 041 722601, Fax : +88 041 725550
E-mail : haqsonskhl@haqsons.com



www.haqsons.com

facebook.com/haqueandsonsltd

twitter.com/HaqueSons



ASSURE YOUR MARITIME CAREER



IMA CAMPUS

Academic Campus :
Chotojyograj (Near Ulokholo Bridge),
P.O. Pubail,
Upazila & Dist. Gazipur.

Dhaka Office :
House No-38/A, Road No-7,
Sector-3, Uttara Model Town
(Opposite of Friends Club Bhaban), Dhaka.

Chittagong Office :
Rummana Haque Tower,
1267/A, Goshaildanga,
Agrabad C/A, Chittagong.

Khulna Office :
47/3, Rupsha
Strand Road
Khulna.



IMA CLASS ROOM



IMA LIBRARY



IMA AUDITORIUM



IMA COMPUTER CLASS



IMA WORKSHOP



IMA SIMULATION TRAINING



IMA FIRE FIGHTING UNIT



IMA LIFEBOAT TRAINING



IMA CADET SERVING ONBOARD



ALL PASSED OUT 480 CADETS ALREADY EMPLOYED ONBOARD WORLD RENOWNED SHIPPING COMPANY UNDER HAQUE & SONS LTD., LARGEST CREW MANAGEMENT & SHIPPING AGENCY.

☎ 01970096665, 01971799235, 01970062741, 01970317114

🌐 www.internationalmaritimeacademy.org

📱 fb.com/internationalmaritimeacademy.org

🐦 twitter.com/IMABangladesh



WORLD SHIP SPARES CENTER PTE LTD

Block 803 King George's Avenue #02-232
Singapore 200803

www.worldship.com.sg

Email: sales@worldship.com.sg

Tel: (65) 6297 9119

Fax: (65) 6297 3910

**We specialize in Spare-Parts for Diesel Engines: YANMAR
Turbo Charger: IHI**



Exhaust Valve Assembly



Nittan Valves

See Also Ad. under 'Pump'



WORLD SHIP SPARES CENTER PTE LTD

Block 803 King George's Avenue #02-232
Singapore 200803

www.worldship.com.sg

Email: sales@worldship.com.sg

Tel: (65) 6297 9119

Fax: (65) 6297 3910

We specialize in Spare-Parts for Pumps

TAIKO KIKAI

Oil Purifier:

MITSUBISHI • ALFA-LAVAL & OTHERS



See Also Ad. under 'Diesel Engines - Supplies'



環球海上電器私人有限公司

GLOBE MARINE ELECTRICAL PTE. LTD.

Block 1080 EUNOS AVENUE 7#01-159 SINGAPORE 409583 TEL : 67475167 FAX : 67452681

Email : globe@globeme.com.sg

Specialise in:

- ▶ Electrical winches, generators, AC/DC motors rewinding, overhauling and conversion.
- ▶ Trouble-shooting and automation.
- ▶ Steel works and piping fabrication



YOUR RELIABLE GLOBAL ONE-STOP SERVICE PROVIDER:

FIRE EXTINGUISHING SYSTEMS | LIFE SAVING APPLIANCES | AUTOMATION
| CALIBRATION | INSTRUMENTATION | COMMUNICATIONS | NAVIGATION
| RADIO SURVEY | HYDRAULICS | MECHANICAL | ELECTRICAL SERVICES |
PERSONAL PROTECTIVE EQUIPMENT

www.GMS.COM.SG

OUR SUBSIDIARIES

- CHINA UAE INDIA PHILIPPINES
- INDONESIA HONG KONG PAPUA NEW GUINEA TURKEY
- MALAYSIA THAILAND VIETNAM HOUSTON, U.S.A.

OUR AFFILIATED PARTNERS

- ARGENTINA BELGIUM BRAZIL ESTONIA FINLAND
- GERMANY GREECE IRAN ITALY LATVIA
- LEBANON LITHUANIA MADAGASCAR MEXICO MOZAMBIQUE
- NETHERLANDS POLAND PORTUGAL RUSSIA SOUTH AFRICA
- SOUTH KOREA SPAIN TANZANIA UNITED KINGDOM

WITH BEST COMPLIMENTS FROM



Commodity Connect announces the introduction of "SHAHJALAL" brand frozen fish and food products in Singapore for the Bangladeshi community. This is a leading brand in USA and Canada.



We closely monitor and supervise the total production process to confirm quality and taste. "SHAHJALAL" is for freshness.

"SHAHJALAL" is a brand by Bangladeshi mariners.

BANGLADESH

Shafi Bhaban (Level 1)
1216/A Sk Mujib Road
Agrabad C/A, Chittagong 4100
Tel: +880-31-714307/8
+880-31-714997
Fax: +880-31-718285
Mobile: +88 01730 730213

MYANMAR

#05-03, Union Business Center
Nat Mauk Road, Bo Cho Quarter
Bahan Township, Yangon, Myanmar
Tel: +95 1 8603371, +95 1 8603372
Fax: +95 1 8603374

SINGAPORE

21 Bukit Batok Crescent
#23-72, WCEGA Tower
Singapore 658065
Off: +65 6223 0665
Fax: +65 6534 8863

E-mail: ops@holpl.net



Need luboil?
Think LUKOIL!



LUKOIL Marine Lubricants

MARINE IN ALL WE DO!

LUKOIL Marine Lubricants DMCC

Tel: +971 4 430 0769

luboilorder@lucoil.com

www.lukoilmarine.com